১৬ পাতার সংখ্যা
দাম : ৪ টাকা

কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 3 ■ 15th January 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

আপনি কি সফল ও প্রতিষ্ঠিত ব্যবসায়ী হতে চান? তাহলে কম খরচে ফার্মেসি কোর্স করে ওষুধের দোকান খুলুন, 15 বছর ধরে আমরাই আছি আপনাদের সেবায় ও সহযোগিতায়
HALDAR Group of Institutions
An ISO 9001:2008 Certified
H.O : Sonarpur, Kolkata-150
D.Pharm | GNM নার্সিং | BA LLB
B.Pharm | B.Sc. নার্সিং | LLB • LLM
PCI Approved | WBNC & INC Approved | BCI Approved
www.haldargroup.org | Admission & Franchisee 8334923405

সারা ভারতের ১৩৬টি আর্মি পাব্লিক স্কুলে

৮,৭০০ শিক্ষক-শিক্ষিকা

গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েদের

নিজস্ব প্রতিনিধি : সারা ভারতের ১৩৬টি আর্মি পাব্লিক স্কুলে 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার', 'পোস্ট-গ্র্যাজুয়েট টিচার' ও 'প্রাইমারি টিচার' পদে ৮,৭০০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, হিন্দি, সংস্কৃত, ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি, কম্পিউটার সায়েন্স, সোশ্যাল সায়েন্স, অঙ্ক ও ফিজিক্যাল এডুকেশন। কারা কোন পদের জন্য যোগ্য :

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে :

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ইংরিজি) : ইংরিজির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

☞ এরপর ১২ পাতায়

Last Chance to Admission
few seats left
GNM and B.Sc নার্সিং
Reliable
Ph. : 7003007707

২০১৭ সালের প্রাইমারি 'টেট'এর ফল বেরোল

নতুন বিজ্ঞপ্তি বেরোচ্ছে এবছরই

রঞ্জিৎ ঘোষ : পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্বদের নেওয়া ২০১৭ সালের যে 'প্রাইমারি টেট' পরীক্ষা ২০২১ সালের ৩১ জানুয়ারি হয়েছিল, তার ফল আনুষ্ঠানিকভাবে প্রকাশিত হল ১০ জানুয়ারি। পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্বদের চেয়ারম্যান মানিক ভট্টাচার্য সাংবাদিক সম্মেলনে জানান, ৮ সংখ্যার রোল নম্বর ও জন্ম-তারিখ দিলেই

☞ এরপর ১৫ পাতায়

গ্রুপ-ডি -তে 'কমন' পেতে
রেলের গ্রুপ-ডি পরীক্ষার কয়েকশো প্রশ্নোত্তর। এছাড়াও পাবেন বিগত বছরের প্রশ্নোত্তর।
আজই কিনুন
সাফল্য সাফল্য

সেবিতে ১১৭ অফিসার

নিজস্ব সংবাদদাতা : সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া 'অফিসার গ্রেড-এ (অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার)' পদে ১১৭ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব শাখায় : জেনারেল, লিগ্যাল, ইনফর্মেশন টেকনোলজি ও রিসার্চ। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (জেনারেল) : যে কোনো শাখার মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আইন, ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। কোম্পানি সেক্রেটারি; চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, চার্টার্ড ফিনান্সিয়াল অ্যানালিস্ট আর কস্ট অ্যান্ড ওয়ার্ক

☞ এরপর ১৪ পাতায়

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১৫০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব প্রতিনিধি : হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি' ও 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেনি' হিসাবে ১৫০ জন লোক নিচ্ছে। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি নেওয়া হবে এইসব ট্রেডে: অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং, সিভিল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনকেশন, মেকানিক্যাল,

☞ এরপর ৫ পাতায়

বর্ডার সিকিউরিটি ফোর্সে

২,৭৮৮ ট্রেডসম্যান

মাধ্যমিক ছেলেমেয়ের জন্য

নিজস্ব প্রতিনিধি : বর্ডার সিকিউরিটি ফোর্স পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, অসম, ত্রিপুরা ও সিকিম -সহ সারা রাজ্য থেকে 'কনস্টেবল (ট্রেডসম্যান)' পদে ২,৭৮৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। এইসব পদে : কবলার, টেলর, কুক, ওয়াটার কেরিয়ার, ওয়াশ্যারম্যান, বারবার, সুইপার, কার্পেন্টার, পেইন্টার, ইলেক্ট্রিশিয়ান, ড্রাফ্টসম্যান, ওয়েটার, মালি। কারা কোন পদে যোগ্য: মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা নিচের যে কোনো একটি যোগ্যতা

☞ এরপর ১১ পাতায়

উত্তর ২৪ পরগনা, বাঁকুড়া, হুগলি ও পুরুলিয়া জেলার প্রার্থীদের

সেনাবাহিনীর র‍্যালি ১ এপ্রিল

নিজস্ব প্রতিনিধি : ভারতীয় স্থলবাহিনীর অধীন পশ্চিমবঙ্গের ব্যারাকপুর আর্মি রিক্রুটিং অফিসের মাধ্যমে উত্তর ২৪ পরগনা, বাঁকুড়া, হুগলি, পুরুলিয়া জেলায় সরাসরি প্রার্থী বাছাই পরীক্ষার র‍্যালি হবে ১ এপ্রিল থেকে ১৮ এপ্রিল পর্যন্ত। ভারতীয় সেনাবাহিনী কর্তৃপক্ষ ওয়েবসাইটে এই র‍্যালি হওয়ার তারিখ ঘোষণা করে। এই র‍্যালিতে নেওয়া হবে এইসব পদে :

☞ এরপর ৩ পাতায়

এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশনে

৩,৮৪৭ ক্লার্ক, গ্রুপ 'ডি'

নিজস্ব সংবাদদাতা : এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স কর্পোরেশনের পশ্চিমবঙ্গ ও সিকিম রিজিয়ন, বিহার, আন্ধ্রপ্রদেশ, ছত্তিশগড়, দিল্লি, গোয়া, আহমেদাবাদ, জম্মু ও কাশ্মীর, হরিয়ানা, হিমাচলপ্রদেশ, ঝাড়খন্ড, কর্ণাটক, কেরল, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, উত্তর-পূর্ব, ওড়িশা, পুদুচেরি, পঞ্জাব, রাজস্থান, তামিলনাড়ু, তেলেঙ্গানা, উত্তর প্রদেশ, উত্তরাখন্ড রিজিয়নে কাজের জন্য 'আপার ডিভিশন ক্লার্ক' ও 'স্টেনোগ্রাফার' পদে ৩,৮৪৭ জন ছেলেমেয়ে নিচ্ছে।

☞ এরপর ৫ পাতায়

ভেতরের পাতায় আছে

- রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- কম পুঁজিতে বল পেন তৈরির ব্যবসা

বেরিয়েছে
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
২১২ পাতার বিশেষ সংখ্যা
ফিরে দেখা ২০২১
সারা বছরের তথ্য সংকলন, যা যেকোনো চাকরির পরীক্ষায় G.K.-তে লাগবেই
রেলের গ্রুপ 'ডি'
১৭-১৮ ফেব্রুয়ারি থেকে শুরু
রেলের NTPC
না পেলে সরাসরি যোগাযোগ করুন : 9830624170

১৪৬ টেকনিশিয়ান ও সুপারভাইজর

নিজস্ব সংবাদদাতা : কেন্দ্রীয় সরকারের সিকিউরিটি প্রিন্টিং অ্যান্ড মিন্টিং কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডের অধীন নাসিক রোড ক্যারেন্সি নোট প্রেস 'জুনিয়র টেকনিশিয়ান', 'জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট' ও 'সুপারভাইজর' পদে ১৪৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

জুনিয়র টেকনিশিয়ান (প্রিন্টিং /কন্ট্রোল) : আই.টি.আই. থেকে লিথো অফসেট মেশিন মিন্ডার, লেটার প্রেস মেশিন মিন্ডার, অফসেট প্রিন্টিং, প্লেটমেকিং, ইলেক্ট্রোপ্লেটিং, প্লেট মেকার কাম ইমপোজিটর, হ্যান্ড কম্পোজিং ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিশশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

☞ এরপর ১৪ পাতায়

বিনামূল্যে GNM ও B.Sc. নার্সিং কোর্সে ভর্তির শেষ সুযোগ!!
(Session 2021-22)
এডুকেশন লোন ও স্টুডেন্ট ক্রেডিট কার্ডের সুবিধা
নিজস্ব প্রতিবেদন : বর্তমানে করোনা (Covid-19) অতিমারির ভয়াবহ পরিস্থিতির কথা মাথায় রেখে গভঃ স্বীকৃত স্বেচ্ছাসেবী সংস্থা 'Angel Institute of Education & Research Foundation' এর উদ্যোগে অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে পড়া এবং করোনার প্রকোপে অর্থাভাবে ভর্তি হতে পারছে না এমন মেধাবী ছাত্রছাত্রী যারা নার্সিং পড়তে আগ্রহী তাদের ত্রাতা তথা পথপ্রদর্শক এর ভূমিকায় অবতীর্ণ হল।
যোগ্যতা : উচ্চমাধ্যমিকে ন্যূনতম 70% নম্বর পাওয়া এবং মাধ্যমিকে ন্যূনতম 60% নম্বর পাওয়া ছাত্রছাত্রীরা আবেদন যোগ্য।
অন্যান্য সুযোগ সুবিধা : ☞ কলেজের নিজস্ব ক্যাম্পাস ও হস্টেলে থেকে খেয়ে পড়াশোনার সুযোগ। ☞ কলেজ গভঃ স্বীকৃত, স্টেট নার্সিং কাউন্সিল ও ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল স্বীকৃতি প্রাপ্ত। ☞ শিক্ষান্তে 100% Job. ☞ সার্টিফিকেট সরকারী ও বেসরকারী চাকুরিতে 100% মান্যতাপ্রাপ্ত।
আরও বিশদে জানতে : জেলাভিত্তিক স্বেচ্ছাসেবী সংস্থার অফিসগুলিতে যোগাযোগ করুন নিম্নলিখিত দেওয়া ফোন নম্বরগুলিতে এবং নিজের নাম নথিভুক্ত করান ফ্রি কাউন্সিলিং ও বিনামূল্যে ভর্তির সুযোগ পেতে। (T & C Apply)*
বারাসাত : 8972046553
কলকাতা : 9830687078
Note : Free in terms of only admission fees not college course fees.

কর্মসংস্থান
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
(০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

কর্মখালি [redacted]

বাড়িতে বসে কাজ। হাতে লিখে আয় করুন। ডাক ফোনে (By Post) কাজ পাবেন। 8,000-12,000 টাকা। 7449730118.

R

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

স্কুল-কলেজ-শিক্ষা [redacted]

মাসিক মাহিনায় কোচিং

By exp. faculty specially for CGL, HS Lvl, MTS, WBCS, TET (Eng.+Math.) & Comb. চ্যাপ্টার ধরে (Off/On line) পড়ানো হয়। হুগলি, কলকাতা (কলেজ স্ট্রিট) M: 8910494453

SH

কর্মখালি [redacted]

আর্জেন্ট কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় Pvt. নার্সিং হোম, কোম্পানি, শপিং মল, ফ্যাক্টরিতে, টাওয়ার Co.-তে, ATM- এ কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500/- –18,300/-. থাকা খাওয়া ফ্রী। যোগাযোগ Mob : 8695361067

SA

Airport ও ব্যাঙ্কে পার্মানেন্ট

বিনা ডোনেশনে জব। 205 জন M/F অষ্টম/স্নাতক কর্মী নিয়োগ। বেতন- 18,300/48,500. থাকা-খাওয়া ফ্রী। M : 7551880381

SA(A)

কর্মখালি [redacted]

এয়ারপোর্ট ও মেট্রোতে স্থায়ী জব
KOL-L/c No-KOWB-CK079

এয়ারপোর্টে ও মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে পঃ বাংলার 23টি জেলায় M/F দের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে নিয়োগ করানো হচ্ছে। Age– 18–42, Salay-14,700/-–28,500/-. থাকা-খাওয়া-সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। কর্মপ্রার্থীরা অতীব শীঘ্রই যোগাযোগ করুন। IPSITA, Help : 9836813364

SA

Airport ও ব্যাঙ্ক

গভঃ স্বীকৃত Airport ও ব্যাঙ্কে বিনা ডোনেশনে (অষ্টম-স্নাতক) M/F চাই। বেতন : 20,300/- – 47,800/- যোগাযোগ M : 8145187988

SA

Airport ও ব্যাঙ্কে নিয়োগ

বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ 8ম/স্নাতক 172 জন কর্মী নিয়োগ। বেতন : 18,300–45,700. Ex আর্মির বিশেষ সুবিধা। M : 9733482561

SA

কর্মখালি [redacted]

৮ ঘণ্টা যাত্রীদের খাবার প্যাকিং-এ এয়ারপোর্টে 119 জন চাই। বেতন: 17,200, থাকা-খাওয়া ফ্রী। যোগাযোগ M : 8274074662

SA

জেলাভিত্তিক স্থায়ী কাজ

প্রতিটি জেলায় Pvt স্বাস্থ্য কেন্দ্রে, ATM গার্ড, টাওয়ার Co., ফ্যাক্টরি, শপিংমলে, কর্মী নিয়োগ। বেতন : 12,500/-–19,600/-. যোগাযোগ M : 8276013564

SA

প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব

WB L/C No. Kol-50W85, পঃ বাংলার বিভিন্ন প্রান্তে Pvt. Bank-এ Back-office, এছাড়া বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F জেলা ভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন : 18,500/ --34,700/-. ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া অন্যান্য সুবিধা থাকবে। Help - 8697410492

SA

কর্মখালি [redacted]

সরাসরি কর্মী নিয়োগ

প্রতিটি জেলায় ATM গার্ড, টাওয়ার Co., শপিং মলে, Pvt. Co., ফ্যাক্টরি, স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন : 12,500-22,500. যোগাযোগ - M : 9051457091

SA

আর্জেন্ট জব

বিনা ডোনেশনে Airport ও ব্যাঙ্কে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 17,600/48,900. থাকা-খাওয়া ফ্রি। M : 9733672376

SA

URGENT JOINING BANK – AIRPORT

Govt. L. No.-WB5252, পঃবঃ ও উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F কর্মী চাই। (নামসই-স্নাতক) বেতন - 17,500 – 43,300. থাকা-খাওয়া ফ্রি। যোগাযোগ M : 9432057063

SA

কর্মখালি [redacted]

Airport ও ব্যাঙ্ক

Govt. R.No.-6852 বিনা ডোনেশনে এয়ারপোর্ট ও Bank-এ অষ্টম / স্নাতক কর্মী নিচ্ছে। বেতন - 18,400–42,700, থাকা-খাওয়া ফ্রী। M : 9593463109

SA

জাহাজ ও ডকে চাকরি

W.B Kol. L/C No.- WB Kol-70N65, পঃ বাংলার বিভিন্ন জেলার কর্মপ্রার্থীদের বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে প্রচুর M/F নিয়োগ করানো হচ্ছে। Salary : 21,750/-–56,500/-. থাকা-খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF, এছাড়া 4 মাস 15 দিন কাজ করার পর 23 দিনের ছুটি with salary, পোস্টিং এরিয়া পঃ বাংলার বিভিন্ন প্রান্তে, যোগাযোগ- Help - 9874042120

SA

কর্মখালি [redacted]

DOCTOR (RMO) চাই

Qualification :- MBBS. CONTACT : 9434243962, Jeebandeep Nursing Home & Eye Hospital Angrail, Bongaon, 24 PGS. (N), WB., 743235

SH(S)

বারাসাতে অফিসে বসে

ফোনে কথা বলার কাজের জন্য ৯ জন মহিলা কর্মী চাই। Fixed Salary- 6K to 9K. Mob: 7797224708

D

ব্যাঙ্কে চাকরি

280 জন পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় ব্যাঙ্ক, DSA তে চাকরি। যোগ্যতা : মাধ্যমিক - স্নাতক। বেতন- 12,000/- – 58000/-, M/F নিয়োগ চলছে। এছাড়াও Ex-Army বিশেষ সুবিধা আছে। যোগাযোগ - M : 8335005236

SA

১৯ অপারেটর

নিজস্ব সংবাদদাতা : উত্তর ২৪ পরগনা জেলা শাসকের অফিস 'ডাটা এন্ট্রি অপারেটর' ও 'অ্যাকাউন্ট্যান্ট' পদে ১৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

ডাটা এন্ট্রি অপারেটর : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে এম.এস. অফিস সংক্রান্ত কাজে দক্ষতা থাকতে হবে। কম্পিউটার টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। সরকারি বা, বেসরকারি সংস্থায় অন্তত ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে ১১,০০০ টাকা। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ১, জেনাঃ ই.সি. ৫, জেনাঃ প্রাঃসঃকঃ ১, জেনাঃ প্রতিবন্ধী ১, তঃজাঃ ই.সি. ২, তঃজাঃ প্রাঃসঃকঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি.- এ ক্যাটেগরি ১, ও.বি.সি. -এ ক্যাটেগরি (ই.সি.) ১, ও.বি.সি. বি ক্যাটেগরি ই.সি. ১, তঃজাঃ ১)।

অ্যাকাউন্ট্যান্ট : কমার্স শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে এম.এস. অফিস, স্প্রেডশিট, ট্যালি ও প্রেজেন্টেশন সংক্রান্ত কাজে দক্ষতা ও কম্পিউটারে কাজ চালানোর মতো জ্ঞান থাকতে হবে। টাইপিংয়ে মিনিটে অন্তত ৩০টি শব্দ তোলার গতি থাকতে হবে। সরকারি বা, বেসরকারি সংস্থায় অন্তত ৩ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। মূল মাইনে ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ই.সি. ১, তঃজাঃ ই.সি. ১, তঃউঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 144/Rup/N24P dated 03.01.2021.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা, কম্পিউটার টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://north24parganas.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

হিন্দুস্তান পেট্রোলিয়মে ১০০ গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা: হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি' পদে ১০০ জন লোক নিচ্ছে। মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, কেমিক্যাল, সিভিল, ইন্সট্রুমেন্টেশন, মেটেরিয়ালস ম্যানেজমেন্ট, সেফটি, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, আই.টি., ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, আর্কিটেকচার, ক্যাটেরিং টেকনোলজি, সিভিল, এনভায়রণমেন্টাল, কমিউনিকেশন অ্যান্ড কম্পিউটার, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স অ্যান্ড মেশিন লার্নিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (ডাটা সায়েন্স), এনার্জী, এনভায়রণমেন্ট পলিউশান অ্যান্ড কন্ট্রোল, ফাইন আর্ট, স্কাল্পচার, কমার্শিয়াল, ফুড প্রসেস, ফুড টেকনোলজি, হোটেল ম্যানেজমেন্ট অ্যান্ড ক্যাটেরিং টেকনোলজি, ইন্ডাস্ট্রিয়াল, টেলিভিশন, ওয়াটার ম্যানেজমেন্ট, ইন্টেরিয়র ডেকোরেশন, পেট্রোলিয়াম, রিজিওন্যাল অ্যান্ড টাউন প্ল্যানিং, টেলিকমিউনিকেশন অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। বয়স হতে হবে ৭-১-২০২২'এর হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি., প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ে সময় স্টাইপেন্ড মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ১০০টি। কোন ট্রেডে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন। প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর ইন্টারভিউ হবে জানুয়ারিতে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৪ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://portal.mhrdnats.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

ম্যাজাগন ডকে ৮৬ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা: কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা ম্যাজাগন ডক লিমিটেড 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' ও 'ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস' হিসাবে ৮৬ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস : মেকানিক্যাল, প্রোডাকশন, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকম, সিভিল, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল, কম্পিউটার, বা, শিপবিল্ডিং টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ: মেকানিক্যাল ৪৩টি, প্রোডাকশন -৫টি, ইলেক্ট্রিক্যাল ১৫, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন -৫টি, সিভিল-৩টি, কম্পিউটার-২টি, কেমিক্যাল -২টি, শিপবিল্ডিং টেকনোলজি -৫টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস : ইলেক্ট্রিক্যাল বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ইলেক্ট্রিক্যালে ২টি, মেকানিক্যালে ৫টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে ইন্টারভিউ হবে ৪ ফেব্রুয়ারি। সব ক্ষেত্রে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে ১-৪-২০২৯ বা, তারপর। এই পদের বিজ্ঞপ্তি নং : ADVT/MDLATS/3/2021.

আগ্রহী প্রার্থীদের প্রথমে ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং স্কিমে নাম এনরোলমেন্ট করবেন ২৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://portal.mhrdnats.gov.in/boat/commonRedirect/registermenunewlregistermenunew.action এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

আর্মি পাব্লিক স্কুলে ১০ শিক্ষক

নিজস্ব সংবাদদাতা : কলকাতা আর্মি পাব্লিক স্কুল পোস্ট-গ্র্যাজুয়েট টিচার, ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার ও প্রাইমারি টিচার পদে ১০ জন লোক নিচ্ছে। কারা কোন কোন বিষয়ে শিক্ষক-শিক্ষিকা নেওয়া হবে :

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার : ইংরিজি, সংস্কৃত বিষয়ের গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। শূন্যপদ : ইংরিজি বিষয়ে ২টি, সংস্কৃত ১।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার : বায়োটেকনোলজি, ইকনমিক্স, সাইকোলজি, ফিজিক্স, ফিজিক্যাল এডুকেশন বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। ইংরিজি ও হিন্দি মাধ্যমে শিক্ষকতায় দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : প্রতিটি বিষয়ে ১টি করে করে।

প্রাইমারি টিচার (পি.আর.টি.) : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৪টি।

ওপরের সব ক্ষেত্রে সি-টেট / টেট, বি.এড. /ডি.এল.এড. কোর্স পাশ হতে হবে।

প্রার্থী বাছাই হবে সি.এস.পি. স্কোর দেখে। এরপর ইন্টারভিউ হবে ফেব্রুয়ারির দ্বিতীয় সপ্তাহ থেকে।

দরখাস্ত করবেন সাধারণ 'A-4' মাপের কাগজে, নিচের বয়ানে : www.apskolkata.co.in তখন সঙ্গে দেবেন (১) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো, (২) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (৩) ১০০ টাকার ডিমান্ড ড্রাফট। *'Army Public School, Kolkata'*র অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন *'Kolkata'*. দরখাস্ত পাঠাবেন রেজিস্ট্রি ডাকে। পৌঁছনো চাই ২২ জানুয়ারির মধ্যে। এই ঠিকানায় : Army Public School, Kolkata, 57/1, Ballygunge Circular Rd, Ballygunj Military Camp, Ballygunge, PIN - 700019.

উত্তর দিনাজপুর জেলা স্বাস্থ্য দফতরে ৬০ আশা কর্মী

নিজস্ব সংবাদদাতা : উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ সাব-ডিভিশনাল অফিসারের অধীন বিভিন্ন ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ৬০ জন তরুণী নেওয়া হচ্ছে। কারা আবেদনের যোগ্য :

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিকে অকৃতকার্য বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারেন। বয়স হতে হবে ২৯-১২-২০২১'এর হিসাবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। কোন ব্লকে ক'টি শূন্যপদ : চোপড়া ২৬, রায়গঞ্জ ১৮, কালিয়াগঞ্জ ১১, ইটাহার ১৬, হেমতাবাদ ১৫। কোন ব্লকে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 08/SDO (R) /Health/ ASHA dated 03.01.2022.

দরখাস্ত করবেন সাধারণ কাগজে, নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান-সহ বিস্তারিত তথ্য পাবেন সংশ্লিষ্ট ব্লক অফিসে কিংবা এই ওয়েবসাইটে www.wbhealth.gov.in, www.uttardinajpur.nic.in দরখাস্তের সঙ্গে দেবেন : (ক) বাসিন্দা সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (খ) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (গ) এখনকার তোলা ও নিজের সই করা ২ কপি পাশপোর্ট মাপের ফটো। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Application for the post of ASHA for..... Village under....... Health Sub Centre'. দরখাস্ত পাঠাবেন স্পিড ডাকে বা, রেজিস্ট্রি ডাকে, ৩১ জানুয়ারির মধ্যে, সংশ্লিষ্ট বি.ডি.ও. অফিসের ঠিকানায়।

শেষ মুহূর্তে অল্প কয়েকটি সীটে ভর্তি চলছে (গভঃ কোটায়)

নিজস্ব সংবাদদাতা : ব্যাঙ্গালোরের কে.আর. ইনস্টিটিউটশন্সে নার্সিং ও ফার্মাসি কোর্স করে উচ্চ আয়ের চাকরি করুন। ভর্তি চলছে এইসব কোর্সে : GNM, বি.এসসি. নার্সিং, ফার্মাসি (ডিগ্রি ও ডিপ্লোমা) কোর্স। গভঃ কোটায় অল্প ক'টি ফাঁকা আছে। নিজস্ব ৬টি সুপার স্পেশালিটি হাসপাতালে ক্লিনিক্যাল প্র্যাক্টিস ও বাঙালী পরিবেশে থাকা-খাওয়া, লাইব্রেরি, স্পোর্টস, উন্নত [illegible] সুবিধা। কোর্স শেষে পশ্চিমবঙ্গ*নার্সিং কাউন্সিলে (WBNC) রেজিস্ট্রেশনের সহায়তা করা হয়। ফী সাধ্যের মধ্যে। স্টুডেন্টস ক্রেডিট কার্ডের সুবিধা। যোগাযোগ : Mr Mahesh: Director-9902188086, A. Sarkar: West Bengal-9564818258, 8918863968.

চাকরির পরীক্ষার ফল

ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের ২০২১ সালের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (I)'এর চূড়ান্ত ফল বেরোল। লিখিত পরীক্ষা হয়েছে ২০২১ সালের ৭ ফেব্রুয়ারি ও ইন্টারভিউয়ে হয়েছে গত বছরে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http:\\www.upsc.gov.in

■

ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের ২০২১ সালের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (II)'এর লিখিত পরীক্ষার ফল বেরোল। লিখিত পরীক্ষা হয়েছে ২০২১ সালের ১৪ নভেম্বর। সফল প্রার্থীদের তালিকা, ইন্টারভিউয়ের তারিখ-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : http:\\www.upsc.gov.in

ভারতীয় নৌবাহিনীর 'ট্রেডসম্যান মেট' (ব্যাচ নম্বর : INCET – TMM – ABS–02/ 2021) পদের পরীক্ষার প্রভিশনাল প্যানেলের ফল বেরোল। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.indiannavy.nic.in

■

নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের

- যোগ ও নেচারোপ্যাথি ডিপ্লোমা কোর্স (1 Yr.)
- Advanced Diploma in Yoga & Naturopathy (2 yrs.) - Post Graduate Course
- Childhood & Adolescent Counselling (4 months)
- Family Counselling (6 months)

(জানুয়ারী ২০২২) ভর্তি চলছে

শিবানন্দ হেলথ সোসাইটি (P-19), কেলঘড়িয়া, নিবড়া

9239300520, 9432012294

সেনাবাহিনীর র‍্যালি ১ এপ্রিল

১ পাতার পর

সোলজার টেকনিক্যাল, সোলজার ক্লার্ক / স্টোরকীপার, সোলজার জেনারেল ডিউটি' ও সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট, সোলজার নার্সিং (ভেটেরিনারি অ্যাসিস্ট্যান্ট) ও সোলজার ট্রেডসম্যান। এর আগে র‍্যালি হওয়ার কথা ছিল এবছর ৫ জানুয়ারি থেকে। কিন্তু করোনা পরিস্থিতির জন্য ওই র‍্যালি বাতিল করা হয়। এবছরের ১ এপ্রিলের র‍্যালির জন্য প্রার্থীদের গত বছর জুলাই-আগস্ট মাস নাগাদ অনলাইনে দরখাস্ত নেওয়া হয়েছিল। এখন নতুন করে আর নাম রেজিস্ট্রেশন করতে পারবেন না। নতুন করে র‍্যালির তারিখ ঠিক হলে তখন আবার নতুন করে নাম রেজিস্ট্রেশন শুরু হবে।

DR. REDDY'S FOUNDATION | GROW

আপনি কি নাম করা সংস্থায় চাকরি খুঁজছেন? আপনার সমস্ত দক্ষতা থাকা সত্ত্বেও কি আপনি কোনও চাকরি পান নি?

আমাদের সাথে শীঘ্রই যোগাযোগ করুন, আমরা আপনাকে সঠিক চাকরি পেতে সাহায্য করব।

Assured Placement Assistance

Age Criteria - 18 Yrs - 30 Yrs
Qualification - 12th Pass & Graduation
Call Us - 9164527264 / 9007040308

NETAJI SUBHAS OPEN UNIVERSITY
(Recognised by UGC-DEB & Govt. of West Bengal) Approved Study Centre

ভর্তির বিজ্ঞপ্তি

(১) নাজিরপুর রেনবো এডুকেশনাল ইনস্টিটিউট (V-48)
রেজিনগর, মুর্শিদাবাদ, ফোন : 9733070694

(২) বিবেকানন্দ এডুকেশনাল ইনস্টিটিউট (V-56)
ময়নাগুড়ি রোড, জলপাইগুড়ি, ফোন : 8918929973

● অ্যাডভান্স ডিপ্লোমা ইন টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং। ● অ্যাডভান্সড ডিপ্লোমা ইন নিডিল ওয়ার্ক অ্যান্ড নিটিং (ছেলে ও মেয়ে উভয়ের জন্য)। এই দুটি কোর্স পাশ করার পর স্কুল সার্ভিস কমিশন (SSC)-তে কর্মশিক্ষা বিষয়ে আবেদন করা যায়। ● অ্যাডভান্সড ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সিলিং। ● ২ বছর অ্যাডভান্সড ডিপ্লোমা ইন যোগা ও ন্যাচারোপ্যাথি। ● ডিপ্লোমা ইন ফার্মাকোলজি ম্যানেজমেন্ট। ● ডিপ্লোমা ইন প্রি-প্রাইমারি টিচার্স এডুকেশন। ● ডিপ্লোমা ইন ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট। ● ডিপ্লোমা ইন ল্যান্ড সার্ভে। ● ডিপ্লোমা ইন অর্গানিক এগ্রিকালচার অ্যান্ড হর্টিকালচার। ● মডার্ন অফিস ম্যানেজমেন্ট। ● ট্র্যাভেল অ্যান্ড ট্যুরিজম। ● ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট। ● ডিপ্লোমা ইন মেডিসিন শপ অ্যাসিসট্যান্ট। ● ডিপ্লোমা ইন ডি.টি.পি অ্যান্ড নেটওয়ার্কিং / ITA। ● আর্ট অ্যান্ড ক্রাফট। ● CCTV টেকনিশিয়ন। ● মোবাইল ফোন / স্মার্ট ফোন রিপেয়ারিং। ● ট্যাক্সেশন / GST। ● বিউটি থেরাপি অ্যান্ড হেয়ার ড্রেসিং। ● ডিপ্লোমা ইন যোগা এডুকেশন। ● ডিপ্লোমা ইন ন্যাচারোপ্যাথি।

MNC কোম্পানিতে চাকরি

কলকাতার ক্যামাক স্ট্রিটে একটি নামি MNC কোম্পানিতে জীবনবিমার "অ্যাডভাইজরি" পদে ৩০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। যেকোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারবেন। ৩ মাস পর প্রমোশন। বেতন : ১৫,০০০ - ২৫,০০০। ESI, PF, Gratuity-র সুবিধা। নিয়োগ হবে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের তারিখ : ১৯ ও ২০ জানুয়ারি। বিশদে জানতে যোগাযোগ করুন - ৯৬৪৭৫৬২০৮৭.

বিজ্ঞাপন

স্বাস্থ্য পরিষেবায় ৭০০ জন

স্বাস্থ্য পরিষেবায় অনলাইন হাসপাতাল সিস্টেম এর জন্য যে ৭০০০ (সাত হাজার) ছেলেমেয়ের প্রশিক্ষণের প্রক্রিয়া শুরু করেছিল **worldrelation.com** তার এই দফায় আরো ৭০০ জন প্রার্থীকে সুযোগ দিচ্ছে। প্রশিক্ষণ নেওয়ার পাশাপাশি যোগ্য প্রার্থীরা সংস্থায় আংশিক কাজ করে মাসিক সর্বাধিক ৯,০০০/- টাকা পর্যন্ত স্টাইপেন্ড পাওয়ার সুযোগ পাবেন। প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীরা যথারীতি কলকাতা সহ ভারতের বিভিন্ন শহরগুলিতে যেখানে প্রকল্পটি কার্যকরি হয়েছে বা হতে চলেছে সেখানে আকর্ষণীয় বেতনে চাকুরির সুযোগ পাবেন।

প্রার্থী বাছাই পদ্ধতি : প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। প্রার্থীরা (লিখিত পরীক্ষায় নুন্যতম ৫০%) সম্পূর্ণ বিনামূল্যে এবং নিকটবর্তী কেন্দ্র থেকে প্রশিক্ষণটি নিতে পারেন।

প্রশিক্ষণের মেয়াদ : ৩ মাস।

মহিলা প্রার্থীরা নিজ জেলা থেকেই কাজের সুযোগ পেতে পারেন। রেগুলার ছাত্র-ছাত্রীরা পড়াশোনার পাশাপাশি এই প্রশিক্ষণটি করার সুযোগ পাবেন।

ডাকযোগে আবেদন করতে **worldrelation.com/form.pdf** এই লিঙ্ক থেকে আবেদন পত্রটি ডাউনলোড করুন (পাঠানোর নিয়মাবলী আবেদন পত্রে উল্লেখ করা আছে)। worldrelation.com এর career লিঙ্কটি ব্যবহার করে online এ আবেদন করতে পারেন।

আবেদন করার শেষ তারিখ : 25th January 2022 করা হল।

যোগ্যতা : মাধ্যমিক উত্তীর্ণ বা, তদূর্ধ্ব।

বয়সসীমা : ১৭ থেকে ৩৫ বছর।

Worldrelation.com
System Solutions Building (Gr Floor), 36/1, Rabindrapath, Birati. Kolkata - 700051
Mobile : 6290026466

বিজ্ঞাপন

102 YEARS GEORGE TELEGRAPH 1920 - 2022

জর্জ টেলিগ্রাফ
সেন্টার অফ প্যারামেডিকেল সায়েন্স

MAULANA ABDUL KALAM AZAD UNIVERSITY OF TECHNOLOGY WEST BENGAL

স্বাস্থ্য পরিষেবায় ভারতে ২৭ লক্ষ নতুন চাকরির সুযোগ*

ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি (DMLT)

সময়কাল ঃ ২৪ মাস | যোগ্যতা ঃ দ্বাদশ শ্রেণী পাশ

ভর্তি শুরু সীমিত আসন

Affiliated to
Maulana Abul Kalam Azad University of Technology (MAKAUT)

* নীতি আরোপ

Associated Hospitals and Nursing Homes for Internship and Placement opportunities

• AMRI • Arogyam Anandam • Accu Health Diagnostics • Astha (A Medical Boon) • Arogyam Diagnostics • Amrita Clinic • Arti Diagnostic • Arunadaya Health care • Apex Hospital • Apollo Diagnostic • BIMS Hospital • Barrackpore City Diagnostics • Debdoot Sevayan Nursing Home • Dr. B. N. Basu Memorial Clinic • Eco Hospital & Diagnostic • Glocal Hospital • Genix Laboratory & Diagnostic Centre • Health Grow Path Lab • Hindusthan Health Point Hospital • Howrah Lions Hospital • H K Nursing Home • Ispat Co-Operative Hospital • Kumar Surgical and Laproscopic Clinic • Kasturi Medical Centre Pvt. Ltd. • Kiran Diagnostic • Kanak Nursing Home • Lakhotia Medical Centre • Life Care Nursing Home • Labbaik Medical Centre Pvt Ltd • Maa Sarada Maternity and Nursing Home • Mark Diagnostic & Polyclinic • Medica Superspeciality Hospital • Moon Light Diagnostic Centre • Medi Onn Diagnostics Limited • Medical Laboratory & Polyclinic • Medinova Diagnostic • M.M. Health Care • Mediland Diagnostic Institute • Nirnaya Laboratory • Probe Diagnostic Private Ltd • Proficient Medicare Pvt Ltd. (Nidaan Diagnostics) • Red Plus Society • Romalinda Multispeciality Hospital • Renaissance Hospital • RG Stone Hospital • Sharanya Multispeciality Hospital • SP Diagonostic • Shusrusha Nursing Home • Shree Jain Hospital • SVS Marwari • Sanjeevani Multispeciality Hospital • Subhayani Hospital • Supreme Health Care • Shristi (Subham Nursing Home; Mother Multy Speciality Hospital, Greenview Clinic Private Limited) • Suraksha Diagnostic • Taharia Hospital • Tirupati Diagnostic Centre • TRA General Hospital Hospital • Vivekananda Hospital Pvt. Ltd. • VIP Apex Medical Centre • Venus Diagnostics Laboratory • Vidyasagar Hospital • We Care Medical Centre • Welcare Medical Centre.

FOR FURTHER DETAILS CONTACT

BARASAT CENTRE : 257F, Taki Road, Kalikapur, Barasat, Dist.- 24 Pgs. (N), Pin-700 124 **PH : 9674165589 / 8336911041 / 9073952156**

DURGAPUR CENTRE : Tapas Bhawan, 2nd Floor, BSNL Office, Bhiringi More, Durgapur - 713213 **PH : 9051111246 / 9836428286**

SILIGURI CENTRE : Hill Cart Road, Venus More, Siliguri - 734 001 **PH : 8335078359**

@bettersolution4u

4 ■ KARMASANGSTHAAN ■ Vol.35 ■ Issue No. 3 ■ 15 January, 2022

সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

সাধারণ বিজ্ঞান

১। বাতাস থেকে আলোকরশ্মি লম্বভাবে সমতল দর্পণের ওপর পড়লে আলোর কত শতাংশ প্রতিফলিত হয় — ৮০%।

২। 'চাকা' কী ধরণের লিভার — দ্বিতীয় শ্রেণির।

৩। কোন খনিজ হিমোগ্লোবিন গঠনে সহায়তা করে — লৌহ।

৪। গমের অঙ্কুর নিঃসৃত তেলে কোন ভিটামিন পাওয়া যায় — E.

৫। 'ভাইরাস' কথাটির অর্থ কী — বিষ।

৬। কোন হরমোন ব্যাঙাচি রূপান্তরে সাহায্য করে — থাইরক্সিন।

৭। 'মাইকোরাইজা' কথাটি কোন বিজ্ঞানী প্রথম ব্যবহার করেন — বিজ্ঞানী আলবার্ট বার্নহার্ড ফ্রাঙ্ক।

৮। কেঁচো সার প্রস্তুতিকে কী বলে — ভার্মিকালচার।

৯। 'অণুজীববিদ্যা'র জনক কে —

বিজ্ঞানী লুই পাস্তুর।

১০। দুধে যে শর্করা পাওয়া যায় তার নাম কী — ল্যাকটোজ।

ইতিহাস

১১। 'চণ্ডাশোক' কাকে বলা হয় — অশোক।

১২। নাদির শাহ কবে ময়ূর সিংহাসন লুণ্ঠন করেছিলেন — ১৭৩৯।

১৩। মৌর্য বংশের শেষ রাজা কে — বৃহদ্রথ।

১৪। 'তাজ-উল-মাসির' কে রচনা করেন — হাসান নিজামী।

১৫। 'নান্দিক কলম্বকম' কী সম্পর্কিত রচনা — দক্ষিণ ভারতের তামিল ইতিহাস।

১৬। সেকেন্দ্রায় আকবরের সমাধি কে তৈরি করেছিলেন — জাহাঙ্গীর।

১৭। কোন ইংরেজ দূত জাহাঙ্গীরের কাছ থেকে সর্বপ্রথম ভারতে বাণিজ্যসংক্রান্ত কতগুলি সুযোগসুবিধা আদায় করেন — টমাস রো।

১৮। কোন ব্রিটিশ প্রধানমন্ত্রীর সময় ভারত

স্বাধীন হয় — প্রধানমন্ত্রী ক্লিমেন্ট এটলী।

১৯। দক্ষিণ ভারতে ইংরেজ সেনাপতি আর্থার ওয়েলেসলী কোন যুদ্ধে সিন্ধিয়া ও ভোঁসলেকে পরাস্ত করেন — অসইয়ের যুদ্ধ।

২০। তাজমহলের প্রধান স্থপতি কে ছিলেন — ওস্তাদ ঈশা।

ভূগোল

২১। 'মন্দাকিনী' নদীর উৎসস্থল কোথায় — কেদারনাথের কাছে ঘোড়াবাড়ি হিমবাহ।

২২। 'চিল্কা' কী জাতীয় হ্রদ — লবণাক্ত।

২৩। ভারতের একমাত্র উষ্ণ মরুভূমি কোথায় আছে — রাজস্থান।

২৪। কোন মৃত্তিকায় ধাতব উপাদান বেশি থাকে — পার্বত্য মৃত্তিকায়।

২৫। নিরক্ষীয় অঞ্চলে কী জাতীয় বৃষ্টি হয় — পরিচলন বৃষ্টি।

২৬। ওড়িশার মহানদীর ওপর তৈরি 'হীরাকুঁদ' বাঁধ ভারতের দীর্ঘতম বাঁধ। এটির দৈর্ঘ্য কত — ৪,৮০১ মিটার।

২৭। প্রবাহের দিক অনুসারে দক্ষিণ ভারতীয় নদীগুলিকে কী কী ভাগে ভাগ করা যায় — পূর্ববাহিনী ও পশ্চিমবাহিনী।

২৮। তিব্বতে ব্রহ্মপুত্র নদের নাম কী — স্যাংপো।

২৯। 'মীনাক্ষী' মন্দির ভারতের কোন শহরে আছে — মাদুরাই।

৩০। 'জলঢাকা' নদীর উৎস কী — বিদাং হ্রদ।

রাষ্ট্রনীতি

৩১। কেন্দ্রীয় মন্ত্রীদের মধ্যে দফতর বন্টন করেন কে — প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী রাষ্ট্রপতি।

৩২। রাষ্ট্রপতির বিরুদ্ধে ইমপিচমেন্টের প্রস্তাব উত্থাপনের জন্য সংসদের যেকোনো কক্ষের কমপক্ষে কত সমর্থন প্রয়োজন — ২৫%।

৩৩। সংসদের সদস্য না হয়েও কেন্দ্রীয় মন্ত্রী হওয়া যায় ও সেই পদে বহাল থাকা যায় সর্বাধিক কত দিন — ৬ মাস।

৩৪। কোন প্রধানমন্ত্রীর কার্যকালে দলত্যাগ বিরোধী বিলি পাশ করা হয়েছিল — রাজীব গান্ধী।

৩৫। স্বাধীন ভারতের প্রথম প্রতিরক্ষা মন্ত্রী কে ছিলেন — সর্দার বলদেব সিং।

৩৬। রাষ্ট্রপতি কতজন সদস্যকে রাজ্যসভায় মনোনীত করতে পারেন — ১২ জন।

অর্থনীতি

৩৭। কোন ব্যাঙ্ক সম্প্রতি ভারতে প্রথম মেটাল ডেবিট কার্ড চালু করল — আইডিএফসি ফার্স্ট ব্যাঙ্ক।

৩৮। 'ন্যাশনাল অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি'র চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — প্রদীপ শাহ।

৩৯। দেশের স্কুল শিক্ষার মান উন্নত করতে ও শিক্ষার ওপর কোভিড-১৯ মহামারির প্রভাব কমানোর লক্ষ্যে সাহায্য করার জন্য, ভারত সরকারকে সম্প্রতি মোট কত টাকা ঋণ অনুমোদন করল 'এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাঙ্ক' — ৫০০ মিলিয়ন ডলার।

৪০। ২০২০-'২১ সালে ডিজিটাল পেমেন্টের তালিকায় কোন ব্যাঙ্ক প্রথম স্থানে রয়েছে — ব্যাঙ্ক অফ বরোদা।

৪১। ২০২১ সালে বিশ্বে সবথেকে বেশি ডাউনলোড করা অ্যাপের তালিকায় প্রথম স্থানে আছে কোন অ্যাপ — টিক টক।

৪২। 'ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে সম্প্রতি কে পুনর্নির্বাচিত হলেন — বাসুদেবন পাঠাঙ্গি নরসিমহান।

সাম্প্রতিক ঘটনা

৪৩। ২০২১ সালে 'ফরচুন ইন্ডিয়া'র তরফ থেকে প্রকাশিত ভারতের শীর্ষ ৫০ জন ক্ষমতাশীল নারীদের তালিকায় কে শীর্ষস্থানে রয়েছেন — কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন।

৪৪। কোন ভারতীয় প্রাক্তন মুখ্য নির্বাচন কমিশনার সম্প্রতি 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স'এর উপদেষ্টা বোর্ডে যোগ দিলেন — সুনীল অরোরা।

৪৫। সম্প্রতি প্রয়াত নন্দ কিশোর প্রুষ্টি (১০৪ বছর) কীজন্য বিখ্যাত ছিলেন — বিনামূল্যে শিক্ষা দেওয়া (তিনি সপ্তম শ্রেণি পাশ শিক্ষক, যিনি কয়েক দশক ধরে ওড়িশার জাজপুরে ছাত্রছাত্রীদের বিনামূল্যে শিক্ষা দিয়েছেন)।

৪৬। কোন কেন্দ্রীয় মন্ত্রক সম্প্রতি 'ভাষা সঙ্গম' নামে মোবাইল অ্যাপ চালু করল — শিক্ষামন্ত্রক।

৪৭। কে সম্প্রতি ভারতের জন্য 'ইউএস পোলো অ্যাসোসিয়েশন'এর প্রচারদূত হিসাবে মনোনীত হলেন — অর্জুন রামপাল।

৪৮। কে সম্প্রতি মহিলাদের জন্য 'শি ইজ এ চেঞ্জমেকার' প্রোগ্রাম চালু করলেন — 'জাতীয় মহিলা কমিশন'এর চেয়ারম্যান রেখা শর্মা।

৪৯। সম্প্রতি হেলিকপ্টার দুর্ঘটনায় প্রয়াত বিপিন রাওয়াত (৬৩ বছর) কোন পদে আসীন ছিলেন — ভারতের প্রথম চিফ অফ ডিফেন্স স্টাফ।

৫০। কোন ভারতীয় বংশোদ্ভূত মহাকাশচারী সম্প্রতি 'স্পেসএক্স'এর

প্রথম ফ্লাইট সার্জন হিসাবে নিযুক্ত হলেন — অনিল মেনন।

৫১। হন্ডুরাসের প্রথম মহিলা প্রেসিডেন্ট কে — জিওমারা কাস্ত্রো।

৫২। 'ওয়ার্ল্ড এলপিজি অ্যাসোসিয়েশন'এর প্রেসিডেন্ট হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — শ্রীকান্ত মাধব বৈদ্য।

৫৩। আরব দেশগুলিতে খাদ্য রফতানিতে প্রথম স্থান অধিকার করল কোন দেশ — ভারত (১৫ বছরে এই প্রথম, ব্রাজিলকে টপকে প্রথম স্থান পেল ভারত)।

৫৪। সম্প্রতি 'কাজুভেলি ওয়েটল্যান্ড'কে পাখি অভয়ারণ্য কেন্দ্র হিসাবে ঘোষণা করা হল। এটি ভারতের কোন রাজ্যে অবস্থিত — তামিলনাড়ু।

৫৫। গাম্বিয়ার প্রেসিডেন্ট এখন কে — আদামা ব্যারো।

৫৬। সম্প্রতি প্রয়াত ডা.মামবল্লাইকালাথিল সারদা মেনন (৯৮ বছর) কীজন্য পরিচিত ছিলেন — ভারতের প্রথম মহিলা মনোরোগ বিশেষজ্ঞ।

৫৭। ২০২১ সালে ৫৭ তম 'জ্ঞানপীঠ পুরস্কার' পেলেন দামোদর মৌজো। তিনি কোন ভাষার লেখক — কোঙ্কনি।

৫৮। সম্প্রতি 'সারকো' ক্যাপসুল যন্ত্রের মাধ্যমে যন্ত্রণাহীন আত্মহত্যাকে অনুমোদন দিল কোন দেশ — সুইৎজারল্যান্ড।

৫৯। ভারতীয় নৌবাহিনী সম্প্রতি কোথায় 'সন্ধ্যায়ক' নামে প্রথম বড় সার্ভে জাহাজ লঞ্চ করল — কলকাতা।

৬০। ২০২১ সালে 'কেমব্রিজ ডিকশনারি'র বিচারে, 'বর্ষসেরা শব্দ' হিসাবে মনোনীত হল কোন শব্দ — Perseverance।

৬১। ২০২১ সালে 'এশিয়া পাওয়ার ইনডেক্স'এ ভারতের স্থান কত — চতুর্থ।

৬২। ভারতের তৈরি প্রথম দেশীয় সার্ভারটির নাম কী — রুদ্র।

৬৩। কারা সম্প্রতি 'আমেরিকান ম্যাথমেটিক্যাল সোসাইটি'র তরফ থেকে, অপারেটর তত্ত্বে প্রথম 'সিপ্রিয়ান ফোয়াস পুরস্কার' পেলেন — ভারতীয়-মার্কিনি গণিতবিদ নিখিল শ্রীবাস্তব ও ২ মার্কিনি গণিতবিদ অ্যাডাম মার্কাস ও ড্যানিয়েল স্পিলম্যান।

৬৪। কে সম্প্রতি অসম সরকারের সর্বোচ্চ নাগরিক সম্মান 'অসম বৈভব'এর জন্য মনোনীত হলেন — বিশিষ্ট শিল্পপতি ও মানবপ্রেমী রতন টাটা (ক্যান্সার চিকিৎসায় তাঁর অসামান্য অবদানের জন্য তাঁকে এই সম্মান দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে)।

৬৫। 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া'র চেয়ারপার্সন হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — অলকা উপাধ্যায়।

৬৬। কোথায় সম্প্রতি দূরদর্শন কেন্দ্রের আর্থ স্টেশনের উদ্বোধন করা হয়েছে — উত্তর প্রদেশের গোরক্ষপুর।

৬৭। ২০২১ সালে ভারতের কোন প্রকল্প 'ইউনেস্কো এশিয়া-প্যাসিফিক অ্যাওয়ার্ডস ফর কালচারাল হেরিটেজ কনজার্ভেশন'এ, ২টি বিভাগে পুরস্কৃত হল — নিজামউদ্দিন পুনরুজ্জীবন প্রকল্প (দিল্লিতে অবস্থিত ভারতের এই ঐতিহাসিক নিজামউদ্দিন বস্তি সম্প্রদায়ের সামগ্রিক নগর পুনরুজ্জীবন প্রকল্প শ্রেষ্ঠত্ব পুরস্কার ও স্থায়ী উন্নয়নের জন্য বিশেষ স্বীকৃতি পেয়েছে)।

৬৮। 'আন্তর্জাতিক অর্থ ভাণ্ডার'এর প্রথম ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — গীতা গোপীনাথ (এই পদটি আই.এম.এফ'এর দ্বিতীয় সর্বোচ্চ পদ। প্রথম ভারতীয় বা ভারতীয় বংশোদ্ভূত অর্থনীতিবিদ হিসাবে ওই দায়িত্ব সামলাবেন তিনি)।

৬৯। কোন দেশ সম্প্রতি 'জি-২০ ট্রোইকা'এ যোগ দিল — ভারত (ইন্দোনেশিয়া, ইতালি ও ভারত নিয়ে গঠিত, ট্রোইকা সদস্য হিসাবে জি-২০'র আলোচ্যসূচির ধারাবাহিকতা নিশ্চিত করতে ইন্দোনেশিয়া ও ইতালির সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করবে ভারত)।

৭০। ২০২১ সালে নিউজিল্যান্ডের বর্ষসেরা পাখি হিসাবে নির্বাচিত হল কোন পাখি — 'পেকাপেকা-তোউ-রোয়া' নামে লম্বা লেজবিশিষ্ট এক বিশেষ প্রজাতির বাদুড়।

৭১। ২০২১ সালে কোন বই চতুর্থ 'কমলাদেবী চট্টোপাধ্যায় এনআইএফ (নিউ ইন্ডিয়া ফাউন্ডেশন) বই পুরস্কার'এর জন্য মনোনীত হল — দিনিয়ার প্যাটেলের লেখা 'Naoroji : Pioneer of Indian Nationalism' জীবনীমূলক বইটি।

৭২। কে সম্প্রতি প্রথম ভারতীয় হিসাবে 'মিস ট্রান্স গ্লোবাল ২০২১'

শিরোপা জিতলেন — শ্রুতি সিতারা।

৭৩। 'ন্যাশনাল ডিফেন্স কলেজ'এর কমান্ড্যান্ট হিসাবে সম্প্রতি কে দায়িত্ব নিলেন — লেফটেন্যান্ট জেনারেল মনোজ কুমার মাগো।

৭৪। 'ইন্ডিয়া ট্যুরিজম ডেভেলপমেন্ট কর্পোরেশন'এর চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সম্বিত পাত্র।

খেলাধূলা

৭৫। প্রথম স্পেনীয় টেনিস তারকা হিসাবে, ২০২১ সালে কে 'ডব্লুটিএ ফাইনালস'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন — গার্বিন মুগুরুজা (এস্তোনিয়ার অ্যানেট কন্টাভেটকে ৬-৩ ও ৭-৫ ব্যবধানে হারিয়ে)।

৭৬। আই.সি.সি পুরুষদের ক্রিকেট কমিটি'র চেয়ারম্যান হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — সৌরভ গঙ্গোপাধ্যায়।

৭৭। ২০২১ সালে কে ফর্মুলা ওয়ান সাও পাওলো গ্র্যাঁ প্রি (আগে 'ব্রাজিলিয়ান গ্র্যাঁ প্রি' নামে পরিচিত ছিল) জিতলেন — মার্সিডিজের লুইস হ্যামিল্টন (গ্রেট ব্রিটেন)।

৭৮। সম্প্রতি সব ধরনের ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী এবি ডে ভিলিয়ার্স

কোন দেশের খেলোয়াড় — দক্ষিণ আফ্রিকা।

৭৯। নতুন টোয়েন্টি-২০ টুর্নামেন্ট 'লেজেন্ডস লিগ ক্রিকেট'এর কমিশনার হিসাবে সম্প্রতি কে মনোনীত হলেন — ভারতের জাতীয় ক্রিকেট দলের প্রাক্তন প্রধান কোচ রবি শাস্ত্রী।

৮০। ২০২২ সালে কোন দেশ আই.সি.সি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ আয়োজন করবে — অস্ট্রেলিয়া।

৮১। কোন ফুটবলার সম্প্রতি সপ্তমবার 'ব্যালন ডি'অর' পুরস্কার পেলেন — আর্জেন্টিনার তারকা ফুটবলার লিওনেল মেসি।

৮২। ২০২১-'২২ সালে কোন দল সম্প্রতি 'সৈয়দ মুস্তাক আলি ট্রফি'তে চ্যাম্পিয়ন হল — তামিলনাড়ু (কর্ণাটককে ৪ উইকেটে হারিয়ে)।

৮৩। ২০২১ সালে কে ফর্মুলা ওয়ান 'কাতার গ্র্যা প্রি' জিতলেন — গ্রেট ব্রিটেনের লুইস হ্যামিল্টন (মার্সিডিজ)।

৮৪। ২০২১ সালে কে 'এটিপি ফাইনালস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন — জার্মান টেনিস তারকা আলেকজান্ডার জেরেভ (রাশিয়ান টেনিস তারকা ড্যানিল মেদভেদেভকে ৬-৪ ও ৬-৪ ব্যবধানে হারিয়ে)।

৮৫। কাকে সম্প্রতি 'ইন্টারন্যাশনাল ক্রিকেট গভর্নিং বডি'র স্থায়ী চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত করল 'ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল' — জিওফ অ্যালার্ডিস।

৮৬। ২০২৫ সালে পঞ্চম 'এশিয়ান যুব প্যারা গেমস' কোথায় আয়োজিত হবে — উজবেক-ই-স্তানের রাজধানী শহর তাশকেন্টে।

৮৭। সম্প্রতি টেস্ট ক্রিকেট থেকে অবসর ঘোষণাকারী মাহমুদুল্লাহ কোন দেশের ক্রিকেটার — বাংলাদেশ।

সঙ্কলক : পলি দেওয়ান

সরকারি বিশ্ববিদ্যালয় স্বীকৃত কর্মমুখী কোর্সে ভরতি

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি নতুন সেশনে নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত ৯টি কর্মমুখী কোর্সে ভরতি নিচ্ছে। এইসব কোর্স হল : (১) টেলারিং অ্যান্ড ড্রেস ডিজাইনিং, (২) প্রি-প্রাইমারি টিচার্স ট্রেনিং মন্তেশ্বরী, (৩) ফায়ার সেফটি সিকিউরিটি ম্যানেজমেন্ট, (৪) ডিজাস্টার ম্যানেজমেন্ট, (৫) বিউটিথেরাপি, (৬) অ্যাপ্লায়েড যোগা অ্যান্ড ন্যাচারোপ্যাথি / যোগা এডুকেশন, (৭) মডার্ণ অফিস ম্যানেজমেন্ট, (৮) ই-অ্যাকাউন্টিং, ট্যাক্স অ্যান্ড জি.এস.টি, (৯) জিম, ফিটনেস ও স্পোর্টস ম্যানেজমেন্ট।

সব কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার কোর্স অনুযায়ী উচ্চমাধ্যমিক থেকে ডিগ্রি বা, সমতুল কোর্স পাশ। পড়ানো হবে এইসব স্টাডি সেন্টারে : কলকাতা, ডায়মন্ডহারবার, হৃদয়পুর, মালদহ, পুরুলিয়া, বর্ধমান, ফরাক্কা, বাতরা বাঁকুড়া ও রায়গঞ্জ। অনলাইন ভরতির জন্য যোগাযোগ করতে হবে এইনম্বরে : ৯৩৩১২৫৬৯৩৪, ৯৮৩০২১৬০৫৬। ওয়েবসাইট : www.pimtonline.in ই-মেল : pimtonline@gmail.com

মছলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টারের নতুন শাখা

মছলন্দপুর বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টারের নতুন শাখা শুরু হতে চলেছে বাঁকুড়ার সিমলাপাল-এ। সিমলাপাল স্কুল মোড়ের কাছে। এখানে WBP, KP ও অন্যান্য বিষয়ে ক্লাস করানো হবে। বিশদ জানতে 7001867319 নম্বরে যোগাযোগ করুন। হেড অফিসে সমস্ত ক্লাস চলছে। প্রতিষ্ঠানের কর্ণধারের কথায় *'WBP এর ফল প্রকাশ হতে দেরি হচ্ছে তাই অনেক ছাত্রছাত্রী Demotivate হয়ে যাচ্ছে, কিন্তু সবই Result বেরোবে ও নতুন অনেক Recruitment বেরোবে। এখন থেকে প্রস্তুতি না নিলে পরে সময় পাওয়া যাবে না।'* হেড অফিসে দূরবর্তী ছাত্রছাত্রীদের থাকার জন্য রয়েছে 4টি নিজস্ব হোস্টেল। হেড অফিসে Rail Group D এর Special Crash Course চলছে। সপ্তাহে 5 দিন ক্লাস। ARMY Relation এ যারা Medical Fit হয়েছেন, তাদের হেড অফিসে প্রতিদিন 3টি করে ক্লাস চলছে। WBP SI এর ক্লাস চলছে। BSF Tradesman ক্লাস শুরু হবে 15ই জানুয়ারি 2022. এছাড়া ভর্তি চলছে — SSC MTS, ARMY, AIRFORCE, NAVY, কলকাতা পুলিশ, স্কুল সার্ভিস গ্রুপ C ও DI. যোগাযোগ — 9733894444, 9547004388, 9733814088.

৩,৮৪৭ ক্লার্ক, গ্রুপ 'ডি'

১ পাতার পর

গত সংখ্যায় পশ্চিমবঙ্গ ও সিকিম রিজিয়ন অফিসের শূন্যপদ জানানো হয়েছিল। এবার পশ্চিমবঙ্গ-সহ সারা ভারতের সব রিজিয়নের শূন্যপদ দেওয়া হল। কারা কোন পদের জন্য যোগ্য :

আপার ডিভিশন ক্লার্ক : যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা কম্পিউটারে অফিস ও ডাটাবেস সংক্রান্ত কাজে জ্ঞান থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গ : ১১৩টি (জেনাঃ ৫৭, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ১১)। এর মধ্যে প্রতিবন্ধী ১২ ও প্রাঃসঃকঃ ১১। আন্ধ্রপ্রদেশ -৭টি, বিহার -৪৩টি, ছত্তিশগড় -১৭টি, দিল্লি-২৩৫টি, গোয়া -১৩টি, আহমেদাবাদ - ১৩৬টি, জম্মু-কাশ্মীর-৮টি, হরিয়ানা ৯৬টি, হিমাচলপ্রদেশ -২৯টি, ঝাড়খন্ড-৬টি, কর্ণাটক-১৯৯টি, কেরল -৬৬টি, মধ্যপ্রদেশ -৪৪টি, মহারাষ্ট্র -৩১৮টি, উত্তর-পূর্ব -১টি, ওড়িশা-৩০টি, পুদুচেরি -৬টি, পঞ্জাব -৮১টি, রাজস্থান -৬৭টি, তামিলনাড়ু -১৫০টি, তেলেঙ্গানা -২৫টি, উত্তরপ্রদেশ -৩৬টি, উত্তরাখন্ড -৯টি।

স্টেনোগ্রাফার : উচ্চমাধ্যমিক পাশরা ইংরিজি শর্টহ্যান্ডে মিনিটে অন্তত ৮০টি শব্দ তোলার গতি থাকলে আর কম্পিউটারে অফিস ও ডাটাবেস সংক্রান্ত কাজে জ্ঞান থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১ ও প্রাঃসঃকঃ ১। আন্ধ্রাপ্রদেশ -২টি, বিহার -১৬টি, ছত্তিশগড় -৩টি, দিল্লি-৩০টি, গোয়া -১টি, আহমেদাবাদ - ৬টি, জম্মু-কাশ্মীর-১টি, হরিয়ানা -১৩টি, কর্ণাটক-১৮টি, কেরল -৪টি, মধ্যপ্রদেশ -২টি, মহারাষ্ট্র -১৮টি, পুদুচেরি -১টি, পঞ্জাব -২টি, রাজস্থান -১৫টি, তামিলনাড়ু -১৬টি, তেলেঙ্গানা -৪টি, উত্তরপ্রদেশ -৫টি, উত্তরাখন্ড -১টি।

এম.টি.এস. : মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,০০০-৫৬,৯০০ টাকা। শূন্যপদ : ২০৩টি (জেনাঃ ৮২, তঃজাঃ ৪৯, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৪৩, ই.ডব্লু.এস. ২০)। এর মধ্যে প্রতিবন্ধী ১০ ও প্রাঃসঃকঃ ২০। আন্ধ্রাপ্রদেশ -২৬টি, বিহার -৩৭টি, ছত্তিশগড় -২১টি, দিল্লি-২৯২টি, গোয়া -২৩টি, আহমেদাবাদ - ১২৭টি, হরিয়ানা ৭৬টি, হিমাচলপ্রদেশ -১৫টি, ঝাড়খন্ড-২৬টি, কর্ণাটক-৬৫টি, কেরল -৬০টি, মধ্যপ্রদেশ -৫৬টি, মহারাষ্ট্র -২৫৮টি, উত্তর-পূর্ব -১৭টি, ওড়িশা-৪১টি, পুদুচেরি -৭টি, পঞ্জাব -১০৫টি, তামিলনাড়ু -২১৯টি, তেলেঙ্গানা -৪৩টি, উত্তরপ্রদেশ -১১৯টি, উত্তরাখন্ড -১৭টি।

সব পদের বেলায় বয়স হতে হবে ১৫-২-২০২২'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। স্টেনোগ্রাফার পদের বেলায় ২ ঘন্টা ১০ মিনিটের ২০০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ অ্যান্ড কমপ্রিহেনশন -১০০ নম্বরের ১০০টি প্রশ্ন, (২) রিজনিং এবিলিটি - ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন, (৩) জেনারেল অ্যাওয়ারনেস -৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সফল হলে স্টেনোগ্রাফি টেস্ট ও ৫০ মিনিটের ইংলিশ ল্যাঙ্গোয়েজ টেস্ট।

আপার ডিভিশন ক্লার্ক ও এম.টি.এস. পদের বেলায় প্রথমে প্রিলিমিনারি পরীক্ষা। তাতে সফল হলে মেন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষায় ১ ঘন্টার ২০০ নম্বরের পরীক্ষায় ১০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয় : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, (৪) ইংলিশ কমপ্রিহেন্শন। প্রতিটিতে থাকবে ৫০ নম্বরের ২৫টি প্রশ্ন।

সফল হলে মেন পরীক্ষা। এই পরীক্ষায় ২ ঘন্টার ২০০ নম্বরের পরীক্ষায় ২০০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : (১) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (২) জেনারেল অ্যাওয়ারনেস, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, (৪) ইংলিশ কমপ্রিহেন্শন। প্রতিটিতে থাকবে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন। সফল হলে কম্পিউটার টেস্ট হবে। এজন্য পাওয়ার পয়েন্ট স্লাইডিংয়ের জন্য ১০ নম্বর, ওয়ার্ড ২০ নম্বর, এক্সেল সংক্রান্ত কাজে ২০ নম্বর। সময় ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ জানুয়ারি থেকে ১৫ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.esic.nic.in অনলাইনে দরখাস্ত করার আগে বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো (২০-৫০ কেবির মধ্যে), সিগনেচার (২০-৫০ কেবির মধ্যে), লেফট থাম্ব ইমপ্রেশন (২০-৫০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের দেওয়া লাইনগুলি কোনো সাদা পেপারে নিজের হাতে লিখে স্ক্যান করবেন। 'I..... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথম ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দেবেন। তারপর যাবতীয় স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, মহিলা, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের বেলায় ২৫০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

হিন্দুস্তান অ্যারোনটিক্সে ১৫০

১ পাতার পর

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন।

ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং ৪, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং ৬, সিভিল ২, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনকেশন ৫০, মেকানিক্যাল ৮, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ৪টি।

টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে: সিভিল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনকেশন, মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, কমার্শিয়াল অ্যান্ড কম্পিউটার প্র্যাক্টিসিং।

ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : সিভিল ৩, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনকেশন ৫০, মেকানিক্যাল ১৫, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ২টি, কমার্শিয়াল অ্যান্ড কম্পিউটার প্র্যাক্টিস ১০টি।

ওপরের সব ক্ষেত্রে ২০১৯, ২০২০, ২০২১ সালে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে।

প্রার্থী বাছাইয়ের মেধা তালিকা ওয়েবসাইটে দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে, ১৯ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in এজন্য বৈধ ই-মেল আইডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগ্যনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে, তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

2022-তে সরকারী কলেজে ভর্তি হতে
NEET, JENPAS
JEE (ANM /GNM)
কোচিং শুরু Online /Offline with Mock Test
LIBERTY FOUNDATION
Ph: 8159832788

সরকারী স্বীকৃত স্বাস্থ্য পরিষেবা কোর্স করুন ও চাকরি পান
উচ্চ মাধ্যমিক যোগ্যতায় Sanitary Inspector 1 বছরের কোর্স
ও মাধ্যমিক যোগ্যতায় CMS, DMLT (2 yrs.), TB ও SWM (6 মাস) কোর্স (Practical ও Internship সহযোগে) অন লাইন ক্লাসের সুবিধা। শিক্ষান্তে সরকারী ও বেসরকারী ক্ষেত্রে যেমন রেল, পৌরসভা, পৌরনিগম, Port (Air & Sea), ডিভিসি ও প্যাথোলজিকেল ল্যাব।
IIHT 226 B. B. Ganguly Street, Bowbazar, Kol-12 ভর্তি চলছে
7003224427, 9836396734, 9051260924
Website : www.iiht.in 10 AM to 6 PM
নিকটস্থ IRMA Centre-এর সাথে যোগাযোগ করতে পারেন

NPTI-DDU-GKY Skills Academy
राष्ट्रीय विद्युत प्रशिक्षण संस्थान
National Power Training Institute (ER)
(Ministry of Power, Govt. of India)
विद्युत मंत्रालय, भारत सरकार
City Center, Durgapur (WB)713216
दुर्गापुर-713216 (पश्चिम बंगाल)
DDU-GKY
Azadi Ka Amrit Mahotsav
Placement linked Residential Skill Development Training Program on
Solar PV Installer (Suryamitra) & Solar Domestic Water Heater Technician
Under
Deen Dayal Upadhyaya Grameen Kaushalya Yojana (DDU-GKY)
Age Limit: 18-35 years
Gender: Male and Female
Social Category: Scheduled Caste/Scheduled Tribe/Minority/Physically Challenged
Qualification: 10th pass + ITI / Diploma (Electrical, Electronics, Civil, Mechanical, Fitter, Instrumentation, Welder)
Residence of Candidates: Gram Panchayats of Paschim Burdwan, Paschim and Purbe Medinipur, Jhargram and Purulia
1. Madhyamik Admit Card
2. Educational Qualification Certificate
3. Adhar Card
4. Voter I Card
5. Caste Certificate
6. Ration Card/BPL Card/RSBY Card/MGNREG Job Card
7. Income Certificate
8. Bank Details and
9. Passport Size Photo (06) nos
1. Hostel Accommodation
2. Food (Breakfast, Lunch & Dinner)
3. Uniform and Study Material
4. Recreation Amenities
> Place of Training: National Power Training Institute (ER), City Centre, Durgapur-713216 (West Bengal)
> Registration of Candidates in Karma Disha application is mandatory

কৃষ্ণনগর ওয়েবেল আই.টি পার্কে কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত
থ্রী-ডি অ্যানিমেশন ও মাস কমিউনিকেশনের ৫টি চাকরির উপযোগী কোর্সে ভর্তি
ভারত-সহ আন্তর্জাতিক বাজারে উপযুক্ত প্রশিক্ষিত পেশাদারের চাহিদা সর্বত্র। এই বৃহৎ কর্মক্ষেত্রের উপযোগী [illegible] লক্ষ্যে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি নিয়ে SIASTM শুরু করেছে এই ৫টি সুনির্দিষ্ট ডিপ্লোমা ও সার্টিফিকেট কোর্স : (১) সার্টিফিকেট ইন গ্রাফিক ডিজাইনিং। সময়সীমা : ৬ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ। (২) সার্টিফিকেট ইন ওয়েব ডিজাইনিং। সময়সীমা : ৬ মাস। যোগ্যতা : মাধ্যমিক পাশ। (৩) ডিপ্লোমা ইন মোশন গ্রাফিক অ্যান্ড ২ডি অ্যানিমেশন ফিল্ম মেকিং। সময়সীমা : ১ বছর। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। (৪) অ্যাডভান্সড ডিপ্লোমা ইন ৩ডি অ্যানিমেশন অ্যান্ড ভি.এফ.এক্স ফিল্ম মেকিং। সময়সীমা : ২ বছর। যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। এছাড়াও গ্র্যাজুয়েট যোগ্যতায় (৫) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন মস কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজমে ভর্তি শুরু হয়েছে। সময়সীমা : ১ বছর। প্রতিটি কোর্সে সীট সংখ্যা ৫০টি। বয়সের কোনো উর্ধ্বসীমা নেই। কোর্স শেষে সরকারি চাকরি ও ব্যবসার সুযোগ রয়েছে। ভর্তি শুরু হয়েছে। যোগাযোগ করতে পারেন এই ঠিকানায়—
Susrijo Institute of Agricultural Science, Technology and Management
WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101.
Ph. : 9733867911, 7602656588 Website : www.siastm.org

Susrijo Institute of Agricultural Science, Technology and Management-এ
কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত সার ও বীজের লাইসেন্স পাওয়ার উপযোগী কোর্স
পশ্চিমবঙ্গ সরকারের কৃষ্ণনগর ওয়েবেল আই.টি পার্কে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অনুমোদনে শুরু হয়েছে রাসায়নিক সার ও বীজের লাইসেন্সের জন্য কোর্স ডিপ্লোমা ইন অ্যাগ্রিকালচারাল এক্সটেনশন সার্ভিসেস ফর ইনপুট ডিলার্স (D.A.E.S.I)। সময়সীমা : ১ বছর যোগ্যতা : উচ্চমাধ্যমিক পাশ। এছাড়াও এখানে গ্র্যাজুয়েট ছাত্র-ছাত্রীদের কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের কথা মাথায় রেখে করানো হচ্ছে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ফুড অ্যান্ড অ্যাগ্রি বিজনেস ম্যানেজমেন্ট (P.G.D.F.A.B.M.)। সময়সীমা : ২ বছর। যোগ্যতা : গ্র্যাজুয়েট। দু'টি কোর্সেই সীট ৫০টি করে।
উল্লেখযোগ্য বিষয় : (১) কোর্স শেষে সার্টিফিকেট দেবে কল্যাণী বিশ্ববিদ্যালয়। (২) সরকারি ও অধীনস্থ দপ্তরে আছে চাকরির সুযোগ। (৩) বেসরকারি দেশীয় / আন্তর্জাতিক কৃষি-শিল্প ও সহযোগী কোম্পানিতে উচ্চপদে চাকরির সুযোগ। (৪) সরকারি লাইসেন্স নিয়ে আছে স্বাধীন ব্যবসার সুযোগ (বীজ ও রাসায়নিক সার, জৈব সার ও রোগ পোকা নিবারণের ওষুধ)। (৫) আমাদের এখানে আছে অত্যন্ত আধুনিক মানের ল্যাবরেটরি-সহ উপযুক্ত পরিকাঠামো। (৬) শিক্ষা প্রতিষ্ঠান সংলগ্ন আধুনিক পরিকাঠামোযুক্ত কৃষিফার্ম। (৭) বিশিষ্ট অধ্যাপকমন্ডলী পরিচালিত পাঠক্রম। (৮) কৃষি বিশ্ববিদ্যালয়ের বিশিষ্ট আধিকারিক, অধ্যাপক ও বহুজাতিক কোম্পানির উচ্চপদাধিকারী ব্যক্তিগণ পরিচালিত প্রফেশনাল গ্রুমিং সহায়তা। (৯) কোর্স শেষে থাকবে ১০০% নিয়োগ সহায়তা। ভর্তি শুরু হয়েছে। আসন সংখ্যা সীমিত। সত্বর যোগাযোগ :
Susrijo Institute of Agricultural Science, Technology and Management
WEBEL IT PARK (IT & E Department, Govt. of West Bengal), Vill- Deypara P.O.- Krishnagar, Dist.- Nadia, (Beside Krishnanagar Horticulture Department) Pin- 741101.
Ph. : 8637882289, 9832015253 Website : www.siastm.org
বিজ্ঞাপন

সাম্প্রতিক তথ্যে ভরা

জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

সেনাবাহিনীর

■ কলকাতায় আর্মির র‍্যালি কবে হবে? — সুমন পান্ডা, নন্দীগ্রাম, পূর্ব মেদিনীপুর।

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

■ রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ করেছি। সেনাবাহিনীর সোলজার জেনারেল ডিউটি পদে যোগ্য কি? — কৃষেন্দু সরকার, বোলপুর, বীরভূম। মাখন মন্ডল, বঙ্গছত্র, নানুর, বীরভূম।

■■ হ্যাঁ, যোগ্য।

■ সেনাবাহিনীতে চাকরির জন্য যাঁদের বয়স ২ বছর পেরিয়ে গেছে, তাঁদের কি ২ বছর ছাড় দেওয়া হবে? — করুণা সিন্ধু দাস, কুরুম্বঘোষ, বঙ্গছাত্র, বীরভূম।

■■ না, ছাড় দেওয়া হচ্ছে না।

■ সেনাবাহিনীর যে র‍্যালি ৫ জানুয়ারি হওয়ার কথা ছিল, সেটি স্থগিত হয়েছে। নতুন র‍্যালি হওয়ার তারিখ ঠিক হয়েছে কি? — প্রিয়ব্রত বসু, নৈহাটি, উত্তর ২৪ পরগনা।

■■ র‍্যালি হবে ১ এপ্রিল থেকে। বিস্তারিত তথ্য এই সংখ্যায় দেওয়া হয়েছে।

পুলিশে চাকরির

■ পশ্চিমবঙ্গ পুলিশের ২০১৯ সালের সাব-ইন্সপেক্টর পদের চূড়ান্ত সফল প্রার্থীদের মধ্যে কিছু প্রার্থীদের জয়েনিং হয়েছে। বাকিদের জয়েনিং কবে হবে? — নমিতা সাহা, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।

■■ খুব শিগগিরই জয়েনিং করানো হবে।

■ কলকাতা পুলিশের কনস্টেবল পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — রাজু রক্ষিত, আনন্দপুর, কলকাতা।

■■ এই মুহূর্তে বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কোনো খবর নেই।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের যে পরীক্ষা ২৬ সেপ্টেম্বর হয়েছিল, তার ফল কবে বেরোবে? — সুমন মন্ডল, সূর্যপুর, হাঁসখালি, নদিয়া। প্রদীপ সরকার, ধুবুলিয়া, কৃষ্ণনগর, নদিয়া। শুভম রায়, সিঙ্গা, হরিণঘাটা, নদিয়া।

■■ ফল জানুয়ারিতে বেরোনোর কথা ছিল। কিন্তু করোনা পরিস্থিতির জন্য ফল বেরোতে দেরি হবে।

কলেজ সার্ভিসের

■ কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষার ফল কত দিনের মধ্যে বেরোয়? যাঁরা পাশ করে, তাঁদের সবাইকে কি ইন্টারভিউয়ে ডাকা হয়? — তনুজা কারক, দুর্গাপুর, বর্ধমান।

■■ কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা হওয়ার ৩ মাসের মধ্যে সাধারণত ফল বেরোয়। যাঁরা কোয়ালিফাই করে তাঁরা 'সেট' পাশ সার্টিফিকেট পেয়ে থাকেন। এবার কলেজ বা, বিশ্ববিদ্যালয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের জন্য কলেজ সার্ভিস কমিশন দরখাস্ত নেয়। তখন বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়। যাঁরা 'সেট' পাশ করেছে শুধুমাত্র তাঁরাই আবেদনের যোগ্য। দরখাস্ত নেওয়ার পর কলেজ সার্ভিস কমিশন শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর (মাধ্যমিক থেকে মাস্টার ডিগ্রি, পি.এইচ.ডি. বা, এম.ফিল.) পর্যন্ত পাওয়া নম্বর যোগ করে মোট শূন্যপদের কয়েক গুণ প্রার্থীর তালিকা তৈরি করে ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। তাই 'সেট' পাশ করলেই ইন্টারভিউয়ে সুযোগ প্যাবেন তা নয়।

স্কুল সার্ভিসের

■ কর্মরত প্রাথমিক শিক্ষক। স্কুল সার্ভিসে বয়সে ছাড় পাব কি? — খুরসিদ আলম, লালপুর, মথুরাপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ না, ছাড় পাবেন না।

■ বি.এসসি. জেনারেল কোর্সে ৫০% নম্বর পেয়ে পাশ করেছি। এন.সি.টি.ই.'র স্বীকৃত কলেজ থেকে বি.এড. কোর্স পাশ করে স্কুল সার্ভিসের নবম ও দশম শ্রেণির জন্য যোগ্য কি? — সত্যজিৎ মন্ডল, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, যোগ্য।

রেলে চাকরির

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করেছিলাম। পরীক্ষা ফী-এর টাকা কবে ফেরৎ পাব? — পাপাই বোস, কৃষ্ণনগর বড় পোল, নদিয়া।

■■ রেল কর্তৃপক্ষ টাকা ফেরৎ দিয়েছে অনেক আগেই। তখন এই সংক্রান্ত খবর কর্মসংস্থানে দেওয়া হয়েছিল।

■ এবছর উচ্চমাধ্যমিক পাশ করেছি। বয়স ১৮ বছর-৭-মাস। রেলের গ্রুপ-ডি পদের যে পরীক্ষা ২৩ ফেব্রুয়ারি থেকে হবে, তাতে দরখাস্ত করতে পারব কি? যদি না হয়, তাহলে পরের বার বিজ্ঞপ্তি কবে বেরোবে? — তিলিক্ষা পাড়িয়া, পাঁশকুড়া, পূর্ব মেদিনীপুর।

■■ ২৩ ফেব্রুয়ারি থেকে রেলের গ্রুপ-ডি পদের যে পরীক্ষা হবে তার জন্য দরখাস্ত নেওয়া হয়েছিল ২০২০ সালে। এখন ওই পরীক্ষার জন্য দরখাস্ত করা যাবে না। নতুন বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর এই মুহূর্তে নেই।

প্রাইমারি টেট-এর

■ এবছর ৩১ জানুয়ারি প্রাইমারি টেট-২০১৭ সালের যে পরীক্ষা হয়েছিল, তার ফল কবে বেরোবে? পুজোর আগেই ফল বেরোনোর কথা ছিল কিন্তু এখনো ফল বেরোয়নি। নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সৌরভ ঘোষ, মোল্লারচক, মগরাহাট, দক্ষিণ ২৪ পরগনা। পূজা মাহাতো, ন'পাড়া, ক্যান্টনমেন্ট, উত্তর ২৪ পরগনা। শুভদীপ পাল, হেতিয়া, জয়পুর, বাঁকুড়া।

■■ ফল বেরোনোর কথা ছিল পুজোর আগে। কিন্তু এখনো বেরোয়নি। প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে, জানুয়ারি মাস নাগাদ ফল বেরোতে পারে। নতুন বিজ্ঞপ্তি বেরোনোর বিষয়ে কোনো খবর নেই।

■ প্রাক্তন সমরকর্মী। প্রাইমারি টিচার পদে যোগ্য কি? — হাসিবুল রহমান।

■■ হ্যাঁ, যোগ্য।

ইউ.পি.এস.সি.'র

■ জন্ম-তারিখ ৪-৪-২০০৩। ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি ও ন্যাভাল অ্যাকাডেমির পরীক্ষায় আর্মিতে দরখাস্ত করতে পারব কি? — সৌমেন সিং, পিরাকাটা, পশ্চিম মেদিনীপুর।

■■ না। এই পদের বেলায় জন্ম-তারিখ হতে হবে ২-৭-২০০৩ থেকে ১-৭-২০০৬'এর মধ্যে।

পি.এস.সি.'র

■ ডব্লু.বি.সি.এস. পরীক্ষায় ফর্ম পূরণের সময়ই কি 'এ', 'বি', 'সি' ও 'ডি' গ্রুপ সিলেক্ট করতে হয় কি? না মেনস পাশ করলে সিলেক্ট করতে হয়? 'এ' গ্রুপে সফল না হলে কি 'সি' গ্রুপে সফল হওয়া যায়? নতুন করে কি আবার 'সি' গ্রুপের জন্য ইন্টারভিউ দিতে হয় কি? — প্রিয়াঙ্কা দাস, হাড়োয়া, উত্তর ২৪ পরগনা। প্রিতম দত্ত, বোলপুর, শান্তিনিকেতন, বীরভূম।

■■ ডব্লু.বি.সি.এস. প্রিলিমিনারি পরীক্ষার দরখাস্ত করার সময় কোন কোন গ্রুপের জন্য দরখাস্ত করতে চান তা উল্লেখ করতে হয়। কোনো প্রার্থী চাইলে ৪টি গ্রুপের জন্যই দরখাস্ত করতে পারবেন। আবার কেউ চাইলে যে কোনো একটি বা, দু'টি বা, ৩টি গ্রুপের জন্য দরখাস্ত করতে পারবেন। সাধারণত যাঁরা অপশনাল বিষয়ের পরীক্ষা দেয় তাঁরা ৪টি গ্রুপেই সিলেক্ট করে। প্রিলিমিনারি পরীক্ষা হল কমন পরীক্ষা। সব গ্রুপের জন্যই পরীক্ষা দিতে হয়। মেনস পরীক্ষার জন্য কোন কোন গ্রুপে পরীক্ষা দেবেন তা প্রিলি. পরীক্ষার ফর্ম পূরণের সময়ই জানাতে হয়। যে প্রার্থী 'এ' বা, 'বি' গ্রুপের জন্য মেনস পরীক্ষা দেবেন, তাদের ক্ষেত্রে আপনা থেকেই 'সি' ও 'ডি' গ্রুপের জন্য বিবেচিত হবেন। যেমন ধরুন, কোনো প্রার্থী 'এ' বা, 'বি' গ্রুপের মেনস পরীক্ষায় সফল হল, সেই প্রার্থীকে 'এ' বা, 'বি' গ্রুপের জন্য ২০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট দিতে হবে। দেখা গেল সেই প্রার্থী 'এ' বা, 'বি' গ্রুপের চূড়ান্ত তালিকায় স্থান পেল না। তখন ওই প্রার্থী আপনা থেকে 'সি' বা, 'ডি' গ্রুপের জন্য বিবেচিত হতে পারেন (যদি তার 'সি' ও 'ডি' গ্রুপের জন্য ন্যূনতম কাট অফ নম্বর থাকে)। এজন্য ওই প্রার্থীকে নতুন করে আর 'সি' ও 'ডি' গ্রুপের জন্য ইন্টারভিউ দিতে হয় না। বিষয়টি আরো ভালো করে বুঝিয়ে বলা যাক, যে প্রার্থী 'এ' বা, 'বি' গ্রুপের ইন্টারভিউ দিল (২০০ নম্বরের জন্য), সেই প্রার্থীকে 'সি' বা, 'ডি' গ্রুপের ক্ষেত্রে ইন্টারভিউয়ের নম্বর বিভাজন করা হয় এইভাবে : ধরা যাক, 'এ' বা, 'বি' গ্রুপের কোনো প্রার্থী ইন্টারভিউয়ে ২০০ নম্বরের মধ্যে ১৪০ নম্বর পেল কিন্তু সেই প্রার্থী 'এ' বা, 'বি' গ্রুপের সফল হল না। তখন ওই প্রার্থীর 'সি' গ্রুপের বেলায় ১৫০ নম্বরের মধ্যে কত নম্বর পেল (ঐকিক নিয়মের হিসাবে ২০০ নম্বরের মধ্যে ১৪০ পেল আর ১৫০ নম্বরের হিসাবে কত পাবে?)। ঐকিক নিয়মের হিসাবে ১৫০ নম্বরের মধ্যে যা হবে সেটি হল 'সি' গ্রুপের ইন্টারভিউয়ের স্কোর। তেমনি 'ডি' গ্রুপের ক্ষেত্রে ১০০ নম্বরের মধ্যে যা হবে সেটি হল 'ডি' গ্রুপের ইন্টারভিউয়ের স্কোর। এবার আবশ্যিক বিষয়ে পাওয়া নম্বর (ঐচ্ছিক বিষয়ের নম্বর বাদ যাবে) ও ইন্টারভিউয়ে পাওয়া নম্বর যোগ করে 'সি' ও 'ডি' গ্রুপের নম্বর তৈরি করে চূড়ান্ত তালিকা প্রস্তুত করা হয়।

■ স্কুলের সাব-ইন্সপেক্টর পদের জন্য এবছর বিজ্ঞপ্তি বেরোবে কি? — রাজকুমার মন্ডল, পাতুরিয়া, আখছাড়া, পশ্চিম মেদিনীপুর।

■■ এই মুহূর্তে বিজ্ঞপ্তি বেরোনোর কোনো খবর নেই।

অন্যান্য চাকরির

■ ও.বি.সি.-বি ক্যাটেগরিভুক্ত। কেন্দ্রীয় সরকার বা, রেলের পরীক্ষার ক্ষেত্রে ও.বি.সি. ক্যাটেগরিতে দরখাস্ত করতে পারব না জেনারেল ক্যাটেগরি হিসাবে দরখাস্ত করতে পারব? — সন্তু মাইতি, ইন্দ্রপালা, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।

■■ কেন্দ্রীয় ও.বি.সি. তালিকায় আপনার ও.বি.সি. ক্যাটেগরি অন্তর্ভুক্ত হলে কেন্দ্রীয় সরকারের সব পরীক্ষাতেই ও.বি.সি. ক্যাটেগরির সুযোগ পাবেন।

■ সরকারি বিদ্যালয় থেকে উচ্চমাধ্যমিক পাশ করেছি। তারপর নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক কোর্স করেছি। স্নাতক পাশে সরকারি চাকরিতে আবেদন করতে পারব কি? — সুদীপ্ত রায়, গোঘাট-২, শালিকোনা, হুগলি।

■■ হ্যাঁ, পারবেন।

■ ডি.আর.ডি.ও.'র এম.টি.এস. পদের পরীক্ষা কবে হবে? — বৈদ্যনাথ মন্ডল, বাণীপুর, হাবড়া, উত্তর ২৪ পরগনা।

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

■ ইতিহাসে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করেছি। লাইব্রেরি সায়েন্সের কোর্স করতে পারব কি? — শিবানী রায়, দুর্গাপুর, পশ্চিম বর্ধমান।

■■ হ্যাঁ, পারবেন।

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

পদ	যোগ্যতা	শূন্যপদ	শেষ তারিখ	ওয়েবসাইট
ইন্ডিয়ান কোস্ট গার্ডে নাবিক ও যান্ত্রিক	মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক	৩২২	১৪-১-২২	www.joinindiancoastguard.cdac.in
সিকিউরিটি প্রিন্টিং প্রেসে জুনিয়র টেক, ফায়ারম্যান	মাধ্যমিক, আই.টি.আই.	২৭	১৫-১-২২	http://spphyderabad.spmcil.com
কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার অডিটর, অ্যাসিস্ট্যান্ট, ইন্সপেক্টর	গ্র্যাজুয়েট পাশ	-	২৩-১-২২	www.ssc.nic.in
ইনস্টিটিউট ফর প্লাজমা রিসার্চে অ্যাসিস্ট্যান্ট	গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা	৮১	১৭-১-২২	www.ipr.res.in
প্রতিরক্ষা সংস্থায় সাব-ডিভিশনাল অফিসার	মাধ্যমিক ও সার্ভেয়িং	৮৯	১৫-১-২২	https://barrackpore.cantt.gov.in
বর্ডার রোডস অর্গানাইজেশনে অপারেটর, এম-টি	মাধ্যমিক ও আই.টি.আই	৩৫৪	১৭-১-২২	www.bro.nic.in
মুর্শিদাবাদ জেলায় আশাকর্মী	মাধ্যমিক	৬০০	২৪-১-২২	https://murshidabad.gov.in
উত্তর দিনাজপুর জেলায় আশাকর্মী	মাধ্যমিক	২২৬	৩১-১-২২	www.uttardinajpur.nic.in
[illegible]	মাধ্যমিক পাশ	২৪	৮-২-২২	www.cgwb.gov.in
সমবায় ব্যাঙ্কে অফিসার	গ্র্যাজুয়েট	৪৮	২১-১-২২	www.webcsc.org
এন.এইচ.পি.সি. লিমিটেডে ট্রেনি ইঞ্জিনিয়ার	গ্র্যাজুয়েট	৬৭	১৭-১-২২	www.nhpcindia.com
দিল্লি সাব-অর্ডিনেট সার্ভিসে জুনিয়ার ইঞ্জিনিয়ার	গ্র্যাজুয়েট ও ডিপ্লোমা	৫৭৫	৯-২-২২	http://dsssbonline.nic.in
অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষার মাধ্যমে অডিট অফিসার	কমার্স শাখায় গ্র্যাজুয়েট	-	-	www.pscwbapplication.in
ই.এস.আই.সি.-তে ক্লার্ক, এম-টি	মাধ্যমিক ও গ্র্যাজুয়েট	৬২০	১৫-২-২২	www.esic.nic.in

ডাকবিভাগে এজেন্ট

ভারতীয় ডাক বিভাগের উত্তর ২৪ পরগনা জেলার বারাসাত ডাক বিভাগীয় শাখায় 'আউটসোর্সড পোস্টাল এজেন্ট' হিসাবে ১০ জন ছেলেমেয়ে নিচ্ছে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে কাজ চালানোর মতো দক্ষতা থাকলে আর ২ চাকার গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আবেদনের জন্য যোগ্য। নিজস্ব মোটর সাইকেল থাকলে অগ্রাধিকার পাবেন। নিজস্ব স্মার্ট ফোন, ল্যাপটপ ও ইন্টারনেট ব্যবস্থা থাকতে হবে। চিঠি ও পার্সেল বুকিং আর ডেলিভারি ও পিক-আপ সংক্রান্ত কাজ করতে হবে। এজন্য কমিশন পাবেন। মনোনিত হলে সিকিউরিটি ডিপোজিট বাবদ ১০-২০ হাজার টাকা জমা রাখতে হবে। বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : ভারতীয় ডাক বিভাগ, বারাসাত ডিভিশন, কলকাতা - ১২৪. দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ২১ জানুয়ারি।

■ KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 3 ■ 15 January, 2022 ■ 7

National Award Winning Organisation in IT Education

রাজীব গান্ধী কম্পিউটার শিক্ষা মিশন

An Autonomous Institution Registered under Trust Act and Registered under C.R. Act Govt. of India

RGCSM ®

Rajiv Gandhi Computer Shiksha Mission

Website : www.rgcsm.com

কম্পিউটার Certificate ও Diploma কোর্সে ভর্তি চলছে

ভর্তির জন্য নিকটবর্তী স্টাডি সেন্টারে আজই যোগাযোগ করুন

মুর্শিদাবাদ	২৪ পরগণা	জলপাইগুড়ি	নদীয়া	দিনাজপুর	মেদিনীপুর
বহরমপুর টাউন: 9434666222	বজবজ : 6291689289	জলপাইগুড়ি টাউন:9749446885	শান্তিপুর : 7797067611	ইটাহার : 9775135000	মেদিনীপুর টাউন : 9434161554
ডোমকল : 9734809909	বাখরাহাট : 9831949767	**হুগলি**	ধুবুলিয়া : 8637557603	বালুরঘাট : 7551054702	চন্ডিপুর : 9732916577
রঘুনাথগঞ্জ : 7327023344	সোদপুর : 9831409324	আরামবাগ : 7029171297	আসাননগর : 9434427474	কামারপাড়া : 7001722167	হেড়িয়া : 8167036275
উত্তরপাড়া : 9735355272	জয়নগর : 9123911881	পুরশুরা : 8327828308	হরিণঘাটা : 9932940124	কালিয়াগঞ্জ : 9475588756	বেরাই : 7797854520
সামসেরগঞ্জ : 9475064784	সরিষা : 9733663330	তারকেশ্বর : 9641277477	নবদ্বীপ : 8250126339	রায়গঞ্জ টাউন : 7001936051	কলাগাছিয়া : 7797854520
কর্ণসুবর্ন : 7908597376	ঘটকপুকুর : 9088557700	ধনিয়াখালি : 9933504610	**দার্জিলিং**	রূপাহার : 9614333619	তপশিয়া : 8967788841
বর্ধমান	**বাঁকুড়া**	**হাওড়া**	শিলিগুড়ি : 7699001623	বুনিয়াদপুর : 6296816119	এস এস পাটনা : 8617073360
কুলটি : 9126242468	গেলিয়া : 9732012365	আনন্দনগর : 9051404124	বিধাননগর : 9641505018	টুঙ্গিদিঘী : 9851765354	সবং : 9434373329
মালদা	**পুরুলিয়া**	বাউরিয়া : 9674120309	নক্সালবাড়ি : 9851990591	হেমতাবাদ : 9343581134	গোপীনাথপুর : 8001871858
মালদা টাউন : 7001669422	পুরুলিয়া : 9832175338	বেলানগর : 9051404124		রায়গঞ্জ : 7001608070	সরিদাসপুর : 9874261057
চাঁচোল : 9434683673	**ঝাড়গ্রাম**	**আলিপুরদুয়ার**		গোপালগঞ্জ : 9647890506	বলাইপন্ডা : 9734392274
	ঝাড়গ্রাম : 9434600323	বারবিসা : 7547925811		হরিরামপুর: 8372014908	
	বীরভূম	কামাক্ষ্যাগুড়ি : 8670236263			
	কীর্ণাহার: 9749456967				

RGCSM এর অনুমোদিত ট্রেনিং সেন্টার নেওয়ার সুযোগ

কোথায় কোথায় সেন্টার দেওয়া হবে?

কোলকাতা : দমদম, রাসবিহারী, বিরাটি, বারুইপুর, ঢাকুরিয়া, বরানগর, মানিকতলা, টালিগঞ্জ, বেহালা, বেলেঘাটা, শ্যামবাজার, গড়িয়া **হুগলী** : চুঁচুড়া, ব্যান্ডেল, চন্দননগর, রিষড়া, কোন্নগর, গোপিনাথপুর, বলাগর, ডানকুনি, ডানলপ, হরিপাল, পান্ডুয়া, গোঘাট, গুপ্তিপাড়া, কামারপুকুর, ত্রিবেনী **পুরুলিয়া** : লাধুরকা, রঘুনাথপুর, পারা, ঝালদা, মানবাজার **হাওড়া** : উদয়নারায়নপুর, সালকিয়া, সাঁতরাগাছি, উলুবেড়িয়া, আমতা, বাগনান, বেলুড়, টিকিয়াপাড়া **বাঁকুড়া** : বাঁকুড়া টাউন, বেলিয়াতোড়, বিষ্ণুপুর, খাতরা, রানিবাঁধ, বরজোরা, কোতলপুর, শালতোড়া, সোনামুখী, বিক্রমপুর, ইন্দপুর, কুমিদ্যা, ছাতনা, গঙ্গাজলঘাটী, নাকাইজুড়ি **মেদিনীপুর** : খরগপুর, পানিপারুল, বেলদা, নাড়াজোল, খড়িকামাথানি, মাড়তলা, শালবনী, দাঁতন, দিঘা, বেলদা, কোলাঘাট, ঘাটাল, নন্দীগ্রাম, হলদিয়া, পাঁশকুড়া, মেচেদা, চন্দ্রকোনা, গড়বেতা, কেশপুর, কাঁথি, বালিচক, পিংলা **বীরভূম** : সিউড়ি, রামপুরহাট, মুরারোই, নানুর, বোলপুর, সাঁইথিয়া, কোটাসুর, মহম্মদ বাজার, ইলামবাজার **বর্ধমান** : গুসকরা, মেমারী, জৌগ্রাম, শুরেকালনা, গৌরাঙী, বর্ধমান টাউন, দুর্গাপুর, চিত্তরঞ্জন, তালিত, গলসি, শক্তিগড়, খন্ডঘোষ, পানাগড়, অন্ডাল, পান্ডবেশ্বর, রানীগঞ্জ, আসানসোল, চিত্তরঞ্জন, রাইনা, ভাতার, কালনা, কাটোয়া, বৈঁচী, মানকর, মগরা, বাঁনপুর **নদীয়া** : কল্যানী, চাপড়া, কৃষ্ণনগর, চাকদহ, রানাঘাট, বগুলা, বীরনগর, মাঝদিয়া, পলশী, দেবগ্রাম **মুর্শিদাবাদ** : রেজিনগর, কান্দি, খরগ্রাম, হরিহরপাড়া, ভগবানগোলা, ইসলামপুর, পাঁচগ্রাম, নগর, জলঙ্গী, ধুলিয়ান **পুরুলিয়া** : সাঁওতালডিহি, কাশিপুর **দার্জিলিং** : মিরিক, বাগডোগরা, মাটিগাড়া, কার্শিয়াং **আলিপুরদুয়ার** : আলিপুরদুয়ার টাউন, বীরপাড়া, কালজানি **কোচবিহার** : দিনহাটা, নাজিরহাট, মেখলিগঞ্জ, তুফানগঞ্জ, হলদিবাড়ি, মাথাভাঙ্গা, সিতাই, শিতলকুচি **দিনাজপুর** : ইসালমপুর, চাকুলিয়া, গঙ্গারামপুর, ডালখোলা, রসাখোয়া, বংশিহারি, পতিরাম, কুশমন্ডি, তপন, হিলি, চোপড়া, ফুলবাড়ি **জলপাইগুড়ি** : ময়নাগুড়ি, ফালাকাটা, ধূপগুড়ি, ফুলবাড়ি, মাল **মালদা** : হাবিবপুর, গাজোল, সামসি, কালিয়াচক, নালাগোলা, পিরগঞ্জ, বামনগোলা, কালিয়াচক, রতুয়া, সুজাপুর, পান্ডুয়া **চব্বিশ পরগনা** : বারাসাত, মহেশতলা, ঘটকপুকুর, সজিরহাট, রায়দিঘী, সরিষা, মথুরাপুর, রাজারহাট, পাথরঘাটা, বাসন্তি, মধ্যমগ্রাম, বেলঘড়িয়া, হাড়োয়া, হাসনাবাদ, বাদুড়িয়া, বসিরহাট, নামখানা, খরদহ, ইছাপুর, নৈহাটি, কাঁচড়াপাড়া, শ্যামনগর, হালিশহর, দত্তপুকুর, হেলেঞ্চা, গাইঘাটা, বনগা, গোপালনগর, আকাইপুর, গাঁড়াপোতা, বাগদা, মসলন্দপুর, টাকি, পাথরপ্রতিমা, মগরাহাট, ক্যানিং, সরবেড়িয়া, সাগর, চাঁদপাড়া

ট্রেনিং সেন্টার খুলতে যোগাযোগ করুন : 9434900200

Head Office: 166/A Canal South Road, Beliaghata, Metropolitan, Kolkata. Website : www.rgcsm.com

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ একনজরে

গত সপ্তাহের পর

৪ ডিসেম্বর : 'ন্যাশনাল হাইওয়েজ অথরিটি অফ ইন্ডিয়া'র চেয়ারপার্সন হিসাবে মনোনীত হলেন অলকা উপাধ্যায়।

❑ বিশিষ্ট সাংবাদিক বিনোদ দুয়া (৬৭ বছর) মারা গেলেন। হিন্দি সাংবাদিকতার অন্যতম স্তম্ভ বিনোদ, 'দূরদর্শন' ও 'এনডি টিভি'র সঙ্গে যুক্ত ছিলেন অনেকদিন।

❑ অসম সরকারের সর্বোচ্চ নাগরিক সম্মান 'অসম বৈভব'এ সম্মানিত হতে চলেছেন বিশিষ্ট শিল্পপতি ও মানবপ্রেমী রতন টাটা। ক্যান্সার চিকিৎসায় তাঁর অসামান্য অবদানের জন্য তাঁকে এই সম্মান দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অসমে সাধারণ মানুষদের ক্যান্সার চিকিৎসার উন্নতিতে উল্লেখযোগ্য ভূমিকা নিয়েছে রতন টাটার 'টাটা ট্রাস্ট'।

❑ 'আমেরিকান ম্যাথমেটিক্যাল সোসাইটি'র তরফ থেকে, অপারেটর তত্ত্বে প্রথম 'সিপ্রিয়ান ফোয়াস পুরস্কার' পেলেন ভারতীয়-মার্কিনি গণিতবিদ নিখিল শ্রীবাস্তব (ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, বার্কলেতে গণিত বিষয়ের সহযোগী অধ্যাপক হিসাবে কর্মরত তিনি) আর ২ মার্কিনি গণিতবিদ অ্যাডাম মার্কাস ও ড্যানিয়েল স্পিলম্যান।

❑ ২০২১ সালে ভারতের শীর্ষ ৫০ জন ক্ষমতাশীল নারীদের তালিকা প্রকাশ করল 'ফরচুন ইন্ডিয়া'। এই তালিকায় প্রথম স্থানে রয়েছেন কেন্দ্রীয় অর্থ ও কর্পোরেট বিষয়ক মন্ত্রী নির্মলা সীতারামন। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছেন যথাক্রমে 'রিলায়েন্স ফাউন্ডেশন'এর চেয়ারপার্সন নীতা আম্বানি ও 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র প্রধান বিজ্ঞানী সৌম্যা স্বামীনাথন।

৫ ডিসেম্বর : দ্বিতীয়বারের মেয়াদে, গাম্বিয়ার প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন আদামা ব্যারো।



ওয়াংখেড়েতে ভারত বনাম নিউজিল্যান্ডের দ্বিতীয় টেস্টে বিরল নজির গড়লেন নিউজিল্যান্ডের বোলার আজাজ প্যাটেল। ভারতের বিরুদ্ধে এক টেস্টে সর্বাধিক উইকেট নেওয়া নিউজিল্যান্ড বোলারদের মধ্যে প্রথম স্থানে উঠে এলেন তিনি। নিউজিল্যান্ড তথা বিশ্ব ক্রিকেটের কিংবদন্তি ক্রিকেটার স্যার রিচার্ড হ্যাডলিকে পিছনে ফেলে এই নজির গড়লেন তিনি। জিম লেকর (১৯৫৬ সালে অস্ট্রেলিয়ার বিরুদ্ধে চতুর্থ টেস্টের দ্বিতীয় ইনিংসে ৫৩ রানে ১০ উইকেট নেন ইংল্যান্ডের এই অফ-স্পিনার) ও অনিল কুম্বলের (১৯৯৯ সালে কোটলা টেস্টে পাক-ই-স্তানের বিরুদ্ধে ৭৪ রানে ১০ উইকেট নেন এই ভারতীয় বোলার) পর, তৃতীয় বোলার হিসাবে টেস্টে এক ইনিংসে ১০ উইকেট নিলেন তিনি। বিদেশের মাটিতে তিনি একমাত্র বোলার, যিনি এই কৃতিত্ব অর্জন করেন। আজাজের আগে, ভারতের মাটিতে ৮ উইকেট নেওয়ার কৃতিত্ব রয়েছে নেথান লায়ন, লান্স ক্লুজনার, সিকান্দার বখত ও জেসন ক্রেজারের দখলে।

❑ ৬ বারের চ্যাম্পিয়ন জার্মানিকে ৪-২ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে পুরুষদের হকি জুনিয়র বিশ্বকাপে চ্যাম্পিয়ন হল আর্জেন্তিনা। এটি তাদের দ্বিতীয় জুনিয়র পুরুষ হকি বিশ্বকাপ শিরোপা। জার্মানি (৬টি জয়) ও ভারতের (২০০১ ও ২০১৬) পর, একমাত্র তৃতীয় দল হিসাবে একাধিক জুনিয়র হকি বিশ্বকাপের শিরোপা পেল আর্জেন্তিনা। প্রসঙ্গত উল্লেখ্য, ফ্রান্সের কাছে ১-৩ ব্যবধানে হেরে, এই বিশ্বকাপে চতুর্থ *স্থান অর্জন করেছে ভারত।

বিশেষ বিজ্ঞপ্তি

কর্মসংস্থান পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

❑ ভারতের প্রথম মহিলা মনোরোগ বিশেষজ্ঞ ও সবথেকে দীর্ঘ সময় ধরে 'ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ'এর দায়িত্ব পালনকারী প্রধান ডা.মামবল্লাইকালাথিল সারদা মেনন (৯৮ বছর) মারা গেলেন। ১৯৬১ সালে 'ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ'এর প্রথম মহিলা সুপারিনটেনডেন্ট হন তিনি। সামাজিক কাজের জন্য, ১৯৯২ সালে 'পদ্মভূষণ' সম্মানে সম্মানিত হন তিনি।

❑ ভারতীয় নৌবাহিনীর জন্য, প্রথম বড় সার্ভে জাহাজ 'সন্ধ্যায়ক' চালু করে নতুন মাইলফলক অর্জন করল 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড'। 'সার্ভে ভেসেল লার্জ' প্রকল্পের অধীনে তৈরি ৪টি জাহাজের সিরিজের মধ্যে এটি প্রথম। ১১০ মিটার দীর্ঘ, ১৬ মিটার প্রস্থ ও ৩,৩০০ টন ওজন বিশিষ্ট এই জাহাজটি ৮০ শতাংশেরও বেশি দেশীয় সামগ্রী ব্যবহার করে তৈরি হয়েছে।

৬ ডিসেম্বর : ২০২১-'২২ সালের জন্য, 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন যথাক্রমে. সিএমএ পি রাজু আইয়ার ও সিএমএ বিজেন্দ্র শর্মা।

❑ 'উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ইত্তিরা ডেভিস।

❑ 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন সঞ্জীব মেহতা।

ভারতের প্রথম দেশীয় সার্ভার 'রুদ্র'

❑ ভারতের তৈরি প্রথম দেশীয় সার্ভার 'রুদ্র' চালু করলেন কেন্দ্রীয় দক্ষতা উন্নয়ন ও উদ্যোক্তা প্রতিমন্ত্রী আর ইলেক্ট্রনিক্স ও আইটি প্রতিমন্ত্রী রাজীব চন্দ্রশেখর।

❑ কেন্দ্রীয় ইলেক্ট্রনিক্স ও তথ্য প্রযুক্তি মন্ত্রক আর বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সহায়তায়, 'ন্যাশনাল সুপারকম্পিউটিং মিশন'এর অধীনে এটি তৈরি করেছে 'সেন্টার ফর ডেভেলপমেন্ট অফ অ্যাডভান্সড কম্পিউটিং'।

❑ সার্ভারটিতে রয়েছে উচ্চ-পারফরম্যান্স কম্পিউটিং সিস্টেম, হাইপারস্কেল ডেটা সেন্টার, এজ কম্পিউটিং, ব্যাঙ্কিং ও কমার্স, ম্যানুফ্যাকচারিং, তেল ও গ্যাস শিল্প, স্বাস্থ্যসেবা-সহ অন্যান্য সব খাত এই দেশীয় সার্ভারের ফলে উপকৃত হবে বলে মনে করা হচ্ছে।

❑ রাজ্যের ১৬ তম পাখি অভয়ারণ্য হিসাবে ঘোষিত হল তামিলনাড়ুর ভিল্লুপুরম জেলায় অবস্থিত 'কাজুভেলি জলাভূমি'। বন্যপ্রাণী (সুরক্ষা) আইন, ১৯৭২'এর ধারা ১৮'এর উপধারা (১) এর অধীনে এই ঘোষণা করা হয়েছে।

❑ 'নাসা'র মহাকাশযানে চড়ে যে ১০ জন মহাকাশচারী পরবর্তী অভিযানে চাঁদে যাবেন, তাঁদের মধ্যে রয়েছেন নাসার ভারতীয় বংশোদ্ভূত চিকিৎসক-গবেষক ড.অনিল মেনন। ৫০ বছরেরও বেশি সময় ধরে চাঁদে প্রথম মানব মিশনের পরিকল্পনা নিয়েছে নাসা। 'স্পেসএক্স'এর প্রথম ফ্লাইট সার্জন ছিলেন অনিল।

কোভিড বিধি ভেঙে নির্বাচনী প্রচার চালানো ও জনতাকে সেনার বিরুদ্ধে উসকানি দেওয়ার অভিযোগে, প্রাকৃতিক বিপর্যয় আইনে জননেত্রী আং সান সুকিকে ৪ বছর কারাদণ্ডের সাজা দিল মায়ানমারের আদালত।

❑ ক্রোয়েশিয়াকে ২-০ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে 'ডেভিস কাপ'এ চ্যাম্পিয়ন হল রাশিয়ান টেনিস ফেডারেশন।

❑ প্রাক্তন যোদ্ধা বা যুদ্ধের কারণে স্বামী হারানো বিধবাদের সন্তানদের আর্থিক সহায়তা দিতে, কেন্দ্রীয় সৈনিক বোর্ডের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল ভারতীয় স্টেট ব্যাঙ্ক।

❑ দক্ষিণ কোরিয়ার ব্যাডমিন্টন তারকা আন সে-ইয়ঙের কাছে ১৬-২১ ও ১২-২১ ব্যবধানে হেরে, ২০২১ সালে 'এইচএসবিসি বিডব্লুএফ ওয়ার্ল্ড ট্যুর ফাইনালস'এ মহিলাদের সিঙ্গলসে রুপোর পদক পেলেন ভারতীয় ব্যাডমিন্টন তারকা পুসারলা ভেঙ্কটা সিন্ধু।

৭ ডিসেম্বর : 'ফেডারেশন অফ ইন্ডিয়ান চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন সঞ্জীব মেহতা।



২০২১ সালে 'কমনওয়েলথ ভারোত্তোলন চ্যাম্পিয়নশিপ'এ, পুরুষদের ৫৫ কেজি স্ন্যাচ বিভাগে সোনার পদক পেলেন ভারতের সঙ্কেত মহাদেব সারগর। সেইসঙ্গে গড়ে ফেললেন জাতীয় নজির। প্রথম ভারতীয় হিসাবে ১১৩ কেজি ওজন উত্তোলন করলেন তিনি।

❑ মহিলা রাজনীতিবিদদের জন্য 'শি ইজ এ চেঞ্জমেকার' নামে একটি প্যান-ইন্ডিয়া সক্ষমতা বৃদ্ধি কর্মসূচি চালু করল 'জাতীয় মহিলা কমিশন'। সব স্তরের মহিলা প্রতিনিধি, গ্রাম পঞ্চায়েত থেকে সংসদ সদস্য ও জাতীয়/রাজ্য রাজনৈতিক দলগুলির পদাধিকারী-সহ রাজনৈতিক কর্মীদের জন্য 'জাতীয় মহিলা কমিশন'এর চেয়ারপার্সন রেখা শর্মা এটি চালু করেছেন।

❑ 'উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন ইত্তিরা ডেভিস।

❑ ভারতীয় জিওড মডেল ও গণনা সফটওয়্যার তৈরিতে অসামান্য অবদানের জন্য, 'ইয়ং জিওস্পেশিয়াল সায়েন্টিস্ট' পুরস্কার পেলেন আই.আই.টি কানপুরের বিজ্ঞানী রোপেশ গোয়েল।

❑ 'পদ্মশ্রী' পুরস্কারপ্রাপ্ত ওড়িশার শিক্ষক নন্দ কিশোর প্রুষ্টি (১০৪ বছর) মারা গেলেন। তিনি সপ্তম শ্রেণি পাশ শিক্ষক, যিনি কয়েক দশক ধরে ওড়িশার জাজপুরে ছাত্রছাত্রীদের বিনামূল্যে শিক্ষা দিয়েছেন।

❑ মানবাধিকার সংক্রান্ত উদ্বেগের কারণে, বেজিং শীতকালীন অলিম্পিকের কূটনৈতিক বয়কটে মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যোগ দিল যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়া। চিনের মানবাধিকার লঙ্ঘনের প্রতিবাদে হোয়াইট হাউজ, অস্ট্রেলিয়ান সরকার ও যুক্তরাজ্য সরকার ফেব্রুয়ারিতে শীতকালীন গেমসের কূটনৈতিক বয়কট নিশ্চিত করার পর, এই ঘোষণা করা হয়। এই কূটনৈতিক বয়কটের অর্থ হল, এই দেশগুলি অলিম্পিকে অংশগ্রহণের জন্য কোনো সরকারি বা কূটনৈতিক প্রতিনিধি পাঠাবে না। চিন 'দৃঢ় পাল্টা ব্যবস্থা' দিয়ে প্রতিক্রিয়া দেখানোর অঙ্গীকার করেছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২২ সালের ৪ থেকে ২০ ফেব্রুয়ারি চিনের রাজধানী শহর বেজিংয়ে শীতকালীন অলিম্পিক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। এটি হবে চিনের প্রথম শীতকালীন অলিম্পিক।

৮ ডিসেম্বর : দেরাদুনে 'মিল্ক প্রাইস ইনসেন্টিভ স্কিম'এর উদ্বোধন করলেন উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। এই প্রকল্পটি উত্তরাখণ্ডের প্রায় ৫৩,০০০ জন মানুষকে উপকৃত করবে। রাজ্য সরকার উত্তরাখণ্ডে ৫০০টি দুধ বিক্রয় কেন্দ্র খোলার জন্য ৪৪৪.৬২ কোটি টাকা খরচ করার লক্ষ্যমাত্রা নিয়েছে। এটি একটি ডাইরেক্ট ব্যাঙ্ক ট্রান্সফার প্রকল্প, যার অধীনে থাকা অর্থ সরাসরি তাঁদের লিঙ্ক করা ব্যাঙ্ক অ্যাকাউন্টের মাধ্যমে সুবিধাভোগীদের অ্যাকাউন্টে পৌঁছে যাবে।

❑ ওড়িশা উপকূলের চাঁদিপুর ইন্টিগ্রেটেড টেস্ট রেঞ্জ থেকে, ব্রাহ্মস সুপারসনিক ক্রুজ মিসাইলের বায়ু সংস্করণটির সফল পরীক্ষা চালালো ভারত। সুপারসনিক যুদ্ধবিমান 'Sukhoi 30 MK-I' থেকে পরীক্ষা করা হয় এই মিসাইলের। ব্রাহ্মস হল 'ডি.আর.ডি.ও' (ভারত) ও 'এনপিও মাশিনোস্ট্রোয়েনিয়া'র (রাশিয়া) একটি যৌথ উদ্যোগ, যা সুপারসনিক ক্রুজ মিসাইলের উন্নয়ন, উৎপাদন ও বিপণনের জন্য ভারতীয় সশস্ত্র বাহিনীতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

৫৬ তম 'জ্ঞানপীঠ পুরস্কার' পেলেন অসমিয়া কবি নীলমনি ফুকান জুনিয়র ও ৫৭ তম 'জ্ঞানপীঠ পুরস্কার' পেলেন কোঙ্কনি ঔপন্যাসিক দামোদর মৌজো। প্রসঙ্গত উল্লেখ্য, সাহিত্যে অসামান্য অবদানের জন্য ভারতীয় লেখকদের দেশের এই সর্বোচ্চ সাহিত্য পুরস্কার দেওয়া হয়।

❑ ১৫ বছরে এই প্রথম, ব্রাজিলকে টপকে আরব দেশগুলিতে খাদ্য রফতানিতে প্রথম স্থান অধিকার করল ভারত। অতিমারিতে আরব দেশগুলিতে সবথেকে বেশি খাবার রফতানি করেছে ভারত। গত ১৫ বছর এই জায়গাটি ছিল ব্রাজিলের দখলে। আরব-ব্রাজিল চেম্বার অফ কমার্সের দেওয়া তথ্য অনুযায়ী, গত ১ বছরে আরবে ৮.২৪% খাদ্য রফতানি করেছে ভারত, যেখানে ব্রাজিলের খাদ্য রফতানির পরিমাণ কমে দাঁড়িয়েছে ৮.১৫ শতাংশে।

জার্মানির চ্যান্সেলর হিসাবে শপথ নিলেন ওলাফ স্কোলজ।



৯ ডিসেম্বর : 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স'এর (যা আন্তর্জাতিক আইডিইএ নামেও পরিচিত) উপদেষ্টা বোর্ডে যোগ দেওয়ার জন্য আমন্ত্রিত হলেন প্রাক্তন ভারতীয় মুখ্য নির্বাচন কমিশনার সুনীল অরোরা। আইডিইএ,এর একটি ১৫ সদস্যের উপদেষ্টা বোর্ড রয়েছে, যাঁরা প্রত্যেকেই বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিত্ব। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৮ সালের ডিসেম্বর থেকে ২০২১ সালের এপ্রিল পর্যন্ত, ভারতের ২৩ তম মুখ্য নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্ব পালন করেছিলেন তিনি।

❑ ভারতের প্রথম কর্মক্ষম গ্রিনফিল্ড স্মার্ট সিটির মর্যাদা পেল গুজরাত ইন্টারন্যাশনাল ফাইনান্স টেক সিটি। সবরমতী নদীর তীরে, সর্দার বল্লভভাই প্যাটেল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে প্রায় ১২ কিলোমিটার দূরে অবস্থিত এই শহরটি এমনভাবে তৈরি করা হয়েছে, যাতে বাসিন্দারা পায়ে হেঁটে স্বাচ্ছন্দ্যে প্রয়োজনীয় কাজ করতে পারেন ও তাতে বাণিজ্যিক, আর্থিক ও আবাসিক কমপ্লেক্স অন্তর্ভুক্ত রয়েছে। এটিই ভারতের প্রথম ও একমাত্র আন্তর্জাতিক আর্থিক পরিষেবা কেন্দ্র, যেখানে ব্যাঙ্ক, স্টক এক্সচেঞ্জ ও আর্থিক পরিষেবা সংস্থাগুলি তাদের বিশ্বব্যাপী ক্রিয়াকলাপ স্থাপন করেছে।

❑ প্রথম কেন্দ্রীয়ভাবে পরিচালিত নদী আন্তঃসংযোগ প্রকল্প 'কেন-বেতোয়া আন্তঃসংযোগ নদী প্রকল্প'এর অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এই প্রকল্পে ২০২০-'২১ আর্থিক বছরের ভিত্তিতে খরচ হবে ৪৪,৬০৫ কোটি টাকা। এই প্রকল্পের জন্য ৩৯,৩১৭ কোটি টাকার কেন্দ্রীয় সহায়তায় অনুমোদন দিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। এর মধ্যে ৩৬,২৯০ কোটি টাকা অনুদান ও ৩,০২৭ কোটি টাকা ঋণ হিসাবে দেওয়া হয়েছে। এই প্রকল্পটি মধ্য প্রদেশ ও উত্তর প্রদেশ জুড়ে ছড়িয়ে থাকা জলের সমস্যা জর্জরিত এলাকা-সহ বুন্দেলখণ্ড অঞ্চলে বিশেষ সাহায্য করবে।

❑ রেলওয়েজকে হারিয়ে, 'সিনিয়র উওমেনস ন্যাশনাল ফুটবল চ্যাম্পিয়নশিপ' জিতল মণিপুর।

১০ ডিসেম্বর : 'ইউনিসেফ'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন ক্যাথেরিন এম.রাসেল।

❑ স্থাপত্যবিদ্যার ক্ষেত্রে বিশ্বের সর্বোচ্চ পুরস্কার 'রয়্যাল গোল্ড মেডেল ২০২২'এর জন্য মনোনীত হলেন ভারতীয় স্থাপত্যবিদ বালকৃষ্ণ দোশী। ভারত ও তাঁর প্রতিবেশী অঞ্চলের স্থাপত্যে অসামান্য অবদানের জন্য, তাঁকে এই পুরস্কারের জন্য বেছে নিয়েছে 'রয়্যাল ইনস্টিটিউট অফ ব্রিটিশ আর্কিটেক্টস'। প্রসঙ্গত উল্লেখ্য, স্থাপত্যের অগ্রগতিতে উল্লেখযোগ্য প্রভাব ফেলেছে, এমন ব্যক্তি বা গোষ্ঠীকে এই পুরস্কার দেওয়া হয়, যা ব্যক্তিগতভাবে অনুমোদন দেন রানী দ্বিতীয় এলিজাবেথ।

❑ 'আন্তর্জাতিক সৌর জোট'কে পর্যবেক্ষকের মর্যাদা দিল রাষ্ট্রসঙ্ঘের সাধারণ পরিষদ। সৌরশক্তিকে ব্যবহার করার মাধ্যমে বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তন রোধে ভারত ও ফ্রান্স একত্রিত হয়ে এই জোট গঠন করে।

❑ ভারতের ৪৭ তম রামসর সাইট হিসাবে স্বীকৃতি পেল উত্তর প্রদেশের 'হায়দারপুর জলাভূমি'। পশ্চিম উত্তর প্রদেশের বিজনোর থেকে প্রায় ১০ কিলোমিটার দূরে মধ্য গঙ্গা ব্যারেজের পাশে অবস্থিত এই জলাভূমিটি ১৯৭১ সালের 'রামসর কনভেনশন অন ওয়েটল্যান্ড'এর অধীনে স্বীকৃতি পেয়েছে। ফলে উত্তর প্রদেশে অবস্থিত রামসর জলাভূমির সংখ্যা এখন ৯টি।

❑ ভোপালে অনুষ্ঠিত ৬৪ তম 'ন্যাশনাল শ্যুটিং চ্যাম্পিয়নশিপ'এ সিনিয়র ও জুনিয়র দুই বিভাগে পুরুষদের ১০ মিটার এয়ার রাইফেল ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ খেতাব জিতলেন ভারতীয় শ্যুটার দিব্যাংশ সিং পানওয়ার।

রামানুজন পুরস্কার ২০২১

❑ **উন্নয়নশীল দেশ থেকে তরুণ গণিতজ্ঞ হিসাবে, ২০২১ সালে 'রামানুজন পুরস্কার' পেলেন কলকাতার মেয়ে তথা 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউট'এর অধ্যাপিকা নীনা গুপ্ত।**

❑ **'অ্যাফাইন অ্যালজেব্রিক জিওমেট্রি' ও 'কমিউটেটিভ অ্যালজেব্রা'য় দৃষ্টান্তমূলক কাজের জন্য, চতুর্থ ভারতীয় ও তৃতীয় ভারতীয় মহিলা হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।**

❑ **গাণিতিক গবেষণায় নব দিগন্ত উন্মোচনের জন্য, ৪৫ বছরের কম বয়সিদের ২০০৫ সাল থেকে 'রামানুজন পুরস্কার' দেওয়া হচ্ছে। ভারতীয় গণিতজ্ঞ শ্রীনিবাস রামানুজনের নামে, 'আন্তর্জাতিক গণিত ইউনিয়ন' ও ভারত সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের সঙ্গে যৌথভাবে এই পুরস্কার দেয় ইতালির 'আব্দুস সালাম আন্তর্জাতিক তাত্ত্বিক পদার্থবিদ্যা কেন্দ্র'।**

১১ ডিসেম্বর : উত্তর প্রদেশের বলরামপুরে 'সার্যু নাহার জাতীয় প্রকল্প'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই প্রকল্পের মাধ্যমে ১৪ লাখ হেক্টর জমিতে সেচের জন্য জল সরবরাহ করা হবে। এর ফলে মূলত পূর্ব উত্তর প্রদেশের প্রায় ২৯ লাখ কৃষক উপকৃত হবেন বলে মনে করা হচ্ছে।

১২ ডিসেম্বর : বিশ্বের প্রথম দেশ হিসাবে ১০০% কাগজবিহীন হয়ে নজির গড়ল দুবাই। সংযুক্ত আরব আমিরশাহীর যুবরাজ শেখ হামদান বিন মোহাম্মদ বিন রশিদ আল মাকতুম এই ঘোষণা করেছেন। এর ফলে প্রায় ৩ বিলিয়ন দিরহাম ও ১৪-মিলিয়ন-ঘন্টা সময় সাশ্রয় হবে বলে মনে করা হচ্ছে। এখন থেকে ওই শহরের সব নাগরিকরা 'Dubai Now application'এর মাধ্যমে সব ডিজিটাল পরিষেবা অ্যাক্সেস করতে পারবেন।

১৩ ডিসেম্বর : বিশ্বের শীর্ষস্থানীয় ফ্যাশন ব্র্যান্ড মার্কিন যুক্তরাষ্ট্রের 'প্যাটাগোনিয়া' এখন থেকে ডেনিম পোশাক তৈরির জন্য হ্যান্ডিক্র্যাফটেড খাদি ডেনিম ফেব্রিক ব্যবহার করবে। এজন্য গুজরাতের টেক্সটাইল কোম্পানি 'অরবিন্দ মিল'এর কাছ থেকে প্রায় ১.০৮ কোটি টাকায় ৩০,০০০ মিটার খাদি ডেনিম ফেব্রিক কিনেছে 'প্যাটাগোনিয়া'। প্রসঙ্গত উল্লেখ্য, সারা বিশ্বে খাদি ডেনিম পণ্যের ব্যবসা তৈরি করার জন্য, ২০১৭ সালের জুলাইয়ে, গুজরাতের আহমেদাবাদের 'অরবিন্দ মিলস লিমিটেড'এর সঙ্গে একটি চুক্তি স্বাক্ষর করেছিল 'খাদি ও গ্রামীণ শিল্প কমিশন'।

মিস ইউনিভার্স হারনাজ

❑ ২০২১ সালে 'মিস ইউনিভার্স'এর শিরোপা জিতলেন ভারতের ২১ বছর বয়সি হারনাজ কৌর সান্ধু।

❑ এবছর ইজরায়েলের এইলাতে অনুষ্ঠিত 'মিস ইউনিভার্স' প্রতিযোগিতায় সারা বিশ্বের ৭৯টি দেশের প্রতিযোগীকে পিছনে ফেলে দেন তিনি।

❑ সুস্মিতা সেন (১৯৯৪ সাল) ও লারা দত্তের (২০০০ সাল) পর, তৃতীয় ভারতীয় সুন্দরী হিসাবে এই শিরোপা জিতলেন চণ্ডীগড়ের বাসিন্দা হারনাজ।

❑ ২০২১ সালে 'টাইম পত্রিকা'র বিচারে, 'বর্ষসেরা ব্যক্তি'র শিরোপা পেলেন 'টেসলা'র চিফ এক্সিকিউটিভ অফিসার তথা মহাকাশ গবেষণা সংস্থা 'স্পেসএক্স'এর প্রতিষ্ঠাতা ও চিফ এক্সিকিউটিভ অফিসার এলন মাস্ক।

❑ উত্তরাখণ্ডের পিথোরাগড় জেলার 'আসকোট বন্যপ্রাণী অভয়ারণ্য'এর সীমানার চারপাশে ৪৫৪.৬৫ বর্গ কিলোমিটার এলাকাকে 'আসকোট বন্যপ্রাণী অভয়ারণ্য ইকো-সেনসিটিভ জোন' হিসাবে ঘোষণা করল কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রক। এলাকাটি আসকোট বন্যপ্রাণী অভয়ারণ্যের চারপাশে ২২ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত। উল্লেখ্য, ১৯৮৬ সালে স্থাপিত এই অভয়ারণ্য 'কস্তুরী হরিণ পার্ক' নামেও পরিচিত।

❑ নভেম্বরে, পুরুষদের বিভাগে আইসিসি 'মাসের সেরা খেলোয়াড়' হিসাবে মনোনীত হলেন অস্ট্রেলিয়ান ওপনার ডেভিড ওয়ার্নার ও মহিলাদের বিভাগে 'মাসের সেরা খেলোয়াড়' হিসাবে মনোনীত হলেন ওয়েস্ট ইন্ডিজের অল রাউন্ডার হেইলি ম্যাথিউস।

১৪ ডিসেম্বর : রাজধানী শহর লেহ'তে প্রথম এফএম রেডিও স্টেশন পেল লাদাখ। লাদাখের উপদেষ্টা.উমং নারুলা এটি চালু করেছেন। লেহ ও কার্গিলের ফ্রিকোয়েন্সি হবে ৯১.১ এফএম। ৫০ কিলোমিটার বায়বীয় দূরত্ব পর্যন্ত এই এফএম শোনা যাবে। 'সম্ভব মিডিয়া গ্রুপ' এই এফএম রেডিও স্টেশনটি স্থাপন করেছে।



মহাকাশ বিজ্ঞানের ইতিহাসে এই প্রথম, পৃথিবীতে তৈরি কোনো মহাকাশযান তথা কোনো বস্তু ছুঁয়ে দেখল সূর্যকে। এদিন এই ঘোষণা করল মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা 'নাসা'। সূর্যের বহিরাবরণ, যাকে 'করোনা' বলা হয়, তা ভেদ করে সূর্যের ভিতরে প্রবেশ করেছে নাসার সৌরতদন্ত যান 'পার্কার'। শুধু তাই নয়, সেখান থেকে সৌরপদার্থের নমুনা প্লাজমাও সংগ্রহ করেছে 'পার্কার'। উল্লেখ্য, ২০১৮ সালে পৃথিবী থেকে সূর্যের উদ্দেশ্যে পাড়ি দিয়েছিল পার্কার। বেশ কয়েকবার সূর্যের কাছাকাছিও পৌঁছেছে। তবে এই প্রথম ওই মহাকাশযান সূর্যকে ছুঁয়ে দেখল।

❑ সিরিয়ার হেন্দ জাজাকে (এবছরের 'টোকিও অলিম্পিক'এ সর্বকনিষ্ঠ ক্রীড়াবিদ ছিলেন তিনি) ১১-৬, ১১-৮, ৬-১১ ও ১১-৬ ব্যবধানে হারিয়ে, ২০২১ সালে 'আইটিটিএফ হোপস অ্যান্ড চ্যালেঞ্জ টেবল টেনিস টুর্নামেন্ট'এ, অনূর্ধ্ব-১২ বিভাগে মেয়েদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন ভারতের হানসিনি মাথান রাজন।

১৫ ডিসেম্বর : ফ্রান্সের বিখ্যাত ফ্যাশন সংস্থা 'Chanel'এর গ্লোবাল চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন ভারতীয় বংশোদ্ভূত লীনা নায়ার।

ইউনেস্কোর হেরিটেজ তালিকায় দুর্গা পুজো

❑ **পশ্চিমবঙ্গের কলকাতার দুর্গা পুজোকে ২০২১ সালের 'ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ অফ হিউম্যানিটি'র তালিকায় যুক্ত করল 'ইউনেস্কো'।**

❑ **দুর্গা পুজোর অন্তর্ভুক্তির পর, এখনও পর্যন্ত ভারত থেকে ইউনেস্কোর ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ তালিকায় যুক্ত হওয়া সংস্কৃতির সংখ্যা ১৪।**

❑ **এর আগে, আরও যে ১৩টি সংস্কৃতি ইউনেস্কোর ইনট্যাঞ্জিবল কালচারাল হেরিটেজ তালিকায় যুক্ত হয়েছে, তাদের মধ্যে উল্লেখযোগ্য হল কুম্ভ মেলা, ছৌ নাচ, যোগা ইত্যাদি।**

❑ অ-লাভজনক স্টার্ট আপ 'দ্য ইন্ডাস এন্টারপ্রেনারস'এর তরফ থেকে, 'বর্ষসেরা গ্লোবাল এন্টারপ্রেনার পুরস্কার' পেলেন 'আদিত্য বিড়লা গ্রুপ'এর চেয়ারম্যান কুমার মঙ্গলম বিড়লা। প্রথম ভারতীয় শিল্পপতি হিসাবে, গ্লোবাল এন্টারপ্রেনারশিপ পুরস্কার পেলেন তিনি, যিনি সত্য নাদেল্লা, এলন মাস্ক ও জেফ বেজসের মতো শীর্ষ ব্যবসায়ী নেতাদের সঙ্গে একই সারিতে স্থান পেলেন।

❑ মহিলা ও শিশুদের বিরুদ্ধে অপরাধ প্রতিরোধ করতে, 'পিঙ্ক ফোর্স' চালু করল গোয়া পুলিশ। যদি কেউ ১১২ বা ১১০ নম্বরে ডায়াল করেন, তাহলে ৫ মিনিটের মধ্যে ওই ফোর্স সংশ্লিষ্ট এলাকায় পৌঁছে যাবেন।

❑ বার্সেলোনাকে পেনাল্টি শুট-আউটে ৪-২ ব্যবধানে হারিয়ে, 'মারাদোনা কাপ' জিতল বোকা জুনিয়র্স দল। উল্লেখ্য, প্রয়াত দিয়েগো মারাদোনার স্মৃতির উদ্দেশ্যে এবছরই প্রথম শুরু হয়েছে 'মারাদোনা কাপ'।

❑ শ্রীনিধি ডেকান এফসি'কে ২-১ ব্যবধানে হারিয়ে, আইএফএ শিল্ড জিতল রিয়াল কাশ্মীর।

❑ মোটরস্পোর্টসে অসামান্য অবদানের জন্য, লন্ডনের উইন্ডসর ক্যাসলে 'নাইটহুড' উপাধি পেলেন ৭ বারের ফর্মুলা ওয়ান চ্যাম্পিয়ন লুইস হ্যামিল্টন। এর ফলে 'স্যার' সম্মানসূচক খেতাব পেলেন তিনি। চতুর্থ ফর্মুলা ওয়ান রেসিং ড্রাইভার (প্রয়াত অস্ট্রেলিয়ান রেসিং ড্রাইভার জ্যাক ব্রাবহাম, প্রয়াত ব্রিটিশ রেসিং ড্রাইভার স্টার্লিং মস ও ব্রিটিশ রেসিং ড্রাইভার জ্যাকি স্টুয়ার্টের পর) হিসাবে এই উপাধি পেলেন হ্যামিল্টন।

১৬ ডিসেম্বর : 'হুন্ডাই মোটর ইন্ডিয়া লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন উনসু কিম।

❑ ২০২১-'২২ সালের জন্য, 'ইন্ডিয়ান নিউজপেপার সোসাইটি'র প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন মোহিত জৈন।

❑ ভারতের সফটওয়্যার টেকনোলজি পার্কের ডিরেক্টর জেনারেল হিসাবে যোগ দিলেন অরবিন্দ কুমার।

❑ প্রথম ইউরোপীয় দেশ হিসাবে, গাঁজা চাষ ও তার ব্যক্তিগত ব্যবহারে অনুমোদন দিল মাল্টা। মাল্টার সংসদে এর পক্ষে ভোট পড়েছে ৩৬টি ও বিপক্ষে পড়েছে ২৭টি ভোট। এর ফলে, প্রাপ্তবয়স্করা বাড়িতে ৪টি গাঁজা গাছ রাখতে পারবেন ও তাদের ৭ গ্রাম গাঁজা বহন করার অনুমতি দেওয়া হয়েছে। তবে প্রকাশ্যে বা শিশুদের সামনে ধূমপান করা অবৈধ হিসাবে গণ্য করা হবে।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

❑ ২০২১ সালে 'প্যারালিম্পিক স্পোর্টস পুরস্কার'এ 'সেরা অভিষেককারী মহিলা'র সম্মান পেলেন ভারতীয় শ্যুটার অবনী লেখারা। ২০২০ সালে 'টোকিও প্যারালিম্পিক'এ শ্যুটিংয়ে ভারতের প্রথম সোনার পদক জিতে ইতিহাস গড়েন তিনি। এছাড়াও, প্রথম ভারতীয় মহিলা হিসাবে প্যারালিম্পিক গেমসের একক সংস্করণে ২টি পদক জিতে নজির গড়েন তিনি।

৩ জন (ভারতীয় সেনাবাহিনী, ভারতীয় নৌবাহিনী ও ভারতীয় বিমানবাহিনী) সেনাপ্রধানকে নিয়ে গঠিত 'চিফস অফ স্টাফ' কমিটির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব নিলেন মনোজ মুকুন্দ নারাভানে।

❑ নয়াদিল্লির 'মেজর ধ্যানচাঁদ জাতীয় স্টেডিয়াম'এ, প্রথম জাতীয় স্তরের 'খেলো ইন্ডিয়া মহিলা হকি লিগ'এর আনুষ্ঠানিক উদ্বোধন করলেন ক্রীড়ামন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। খেলো ইন্ডিয়া মহিলা হকি লিগের বিজয়ী ৩০ লাখ টাকার নগদ পুরস্কার পাবেন। ১৫ ডিসেম্বর থেকে ২১ ডিসেম্বর পর্যন্ত, প্রথম পর্বের লিগে মোট ১৪টি দল অংশ নিয়েছে ও মোট ৪২টি ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

'টাইম পত্রিকা'র বিচারে, ২০২১ সালে 'বর্ষসেরা ক্রীড়াবিদ' হিসাবে নির্বাচিত হলেন মার্কিনি জিমন্যাস্ট সিমোনে বাইলস।

১৭ ডিসেম্বর : কলার আইডি, স্প্যাম শনাক্তকরণ ও ব্লকিং কোম্পানি 'Truecaller' অনুসারে, ভারতে স্প্যাম কলের হার আবার বেড়েছে। ২০২১ সালে বিক্রয় ও টেলিমার্কেটিং কলগুলিতে উল্লেখযোগ্য কারণে, বিশ্বব্যাপী র‍্যাঙ্কিংয়ে নবম অবস্থান থেকে চতুর্থ স্থানে উঠে এসেছে ভারত। সর্বাধিক স্প্যাম ভিত্তিক কল-সহ বিশ্বের শীর্ষ ৩টি দেশ হল ব্রাজিল, পেরু ও ইউক্রেন।

❑ 'ফান্ডামেন্টাল লিটারেসি অ্যান্ড নিউমেরেসি সূচক'এ ভারতের বড় রাজ্যগুলির মধ্যে শীর্ষ স্থান পেল পশ্চিমবঙ্গ। পশ্চিমবঙ্গের স্কোর ৫৮.৯৫। অন্যদিকে, ৬৭.৯৫ স্কোর করে, ছোট রাজ্যগুলির মধ্যে শীর্ষ স্থান পেল কেরালা। এছাড়া, কেন্দ্রশাসিত অঞ্চল ও উত্তর-পূর্বের রাজ্যগুলির মধ্যে শীর্ষ স্থান পেল যথাক্রমে লাক্ষাদ্বীপ ও মিজোরাম। প্রসঙ্গত উল্লেখ্য, ১০ বছরের কম বয়সি শিশুদের মধ্যে প্রাথমিক শিক্ষার সামগ্রিক মানের ওপর নির্ভর করে এই সূচক তৈরি করা হয়েছে।

❑ মহিলাদের ক্ষেত্রে বিয়ের ন্যূনতম বৈধ বয়স ১৮ থেকে বাড়িয়ে ২১ বছর করার প্রস্তাব পাস করল কেন্দ্রীয় মন্ত্রিসভা। যদিও, এই প্রস্তাবকে আইনে পরিণত করার জন্য এখনও বেশ কয়েকটি ধাপ পেরোতে হবে ভারত সরকারকে।

এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

□ নাগাল্যান্ডে তৈরি হল ৩টি নতুন জেলা। সেমিন্যু, নিউল্যান্ড ও চুমুকেদিমা। কোহিমা জেলার সেমিন্যু মহকুমাকে একটি জেলা হিসাবে উন্নীত করা হয়েছে। অন্যদিকে, ডিমাপুর জেলা থেকে গঠিত হয়েছে নিউল্যান্ড ও চুমুকেদিমা জেলা। এর ফলে এখন নাগাল্যান্ডের মোট জেলার সংখ্যা বেড়ে দাঁড়ালো ১৫টি।

□ মনোনমানিয়াম সুন্দরনারের লেখা 'Tamil Thai Vaazhthu' গানটিকে রাজ্য গান হিসাবে ঘোষণা করল তামিলনাড়ু সরকার। এবার থেকে রাজ্যের সব শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়, সরকারি অফিস প্রভৃতি জায়গায় যেকোনো অনুষ্ঠান শুরুর আগে এই গানটি গাওয়া বাধ্যতামূলক হবে ও সেইসময় গর্ভবতী মহিলা ও প্রতিবন্ধী ছাড়া সবাইকে উঠে দাঁড়াতে হবে।

ভুটানের সর্বোচ্চ সম্মান পেলেন মোদী

□ ভুটানের সর্বোচ্চ নাগরিক সম্মান 'নগাদগ পেল গি খড়লো'এর জন্য মনোনীত হলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

□ বছরের পর বছর ধরে ভারতের সঙ্গে ভুটানের বন্ধুত্ব ও করোনা মহামারির সময়, ভারত সরকার ও প্রধানমন্ত্রীর নিঃস্বার্থ সাহায্যের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে এই সিদ্ধান্ত নিয়েছে ভুটান সরকার।

১৮ ডিসেম্বর : পঞ্জাব পুলিশের ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন বাঙালি আইপিএস সিদ্ধার্থ চট্টোপাধ্যায়।

□ এই প্রথমবারের মতো উত্তরাখণ্ডের হলদওয়ানিতে অনুষ্ঠিত হল 'আন্তর্জাতিক মধু মৌমাছি উৎসব'। ১৮ ডিসেম্বর থেকে শুরু হয়ে ৩ দিন ব্যাপী চলেছে এই উৎসব, যার শুভ উদ্বোধন করেন রাজ্যের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি। এই উৎসবের উদ্দেশ্য, মৌমাছি ও মধু থেকে তৈরি বিভিন্ন পণ্যের গুরুত্ব তুলে ধরা আর মৌমাছি পালনকারীদের তাঁদের পণ্যগুলি সারা বিশ্বে প্রচার করা।

□ উত্তর প্রদেশের শাহজাহানপুর জেলায়, ৫৯৪ কিলোমিটার দীর্ঘ 'গঙ্গা এক্সপ্রেসওয়ে'র ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। কাজ শেষ হলে, উত্তর প্রদেশের দীর্ঘতম এক্সপ্রেসওয়েতে পরিণত হবে এটি। রাজ্যের পশ্চিম ও পূর্বাঞ্চলকে সংযুক্ত করবে এই এক্সপ্রেসওয়ে, যা মিরাটের বিজৌলি গ্রামের কাছ থেকে শুরু হয়ে প্রয়াগরাজের জুদাপুর ডান্ডু গ্রামের কাছাকাছি পর্যন্ত প্রসারিত হবে। বিমানবাহিনীর বিমানের ওঠা-নামার জন্য ৩৫ কিলোমিটার দীর্ঘ এয়ারস্ট্রিপও তৈরি করা হবে এখানে। এটি তৈরি করতে খরচ হবে প্রায় ৩৬,২০০ কোটি টাকা।

□ ভারতীয় সময় সকাল ১১টা নাগাদ ওড়িশার এপিজে আব্দুল কালাম আইল্যান্ড থেকে, 'অগ্নি' মিসাইলের এক নতুন ভ্যারিয়্যান্ট 'অগ্নি প্রাইম'এর সফল পরীক্ষা চালালো ডি.আর.ডি.ও। পরমাণু অস্ত্র বহনে সক্ষম এই ব্যালিস্টিক মিসাইলের পাল্লা ১০০০-২০০০ কিলোমিটার। দেশের যেকোনো জায়গায় নিয়ে যাওয়া যায় এটিকে। এছাড়া, গাড়ি ও রেলপথ থেকেও এটিকে ছোঁড়া যায়।

□ নাগাল্যান্ডের মোকোকচুং থেকে তুয়েনসাং পর্যন্ত, ৯০ কিলোমিটার দূরত্ব পাড়ি দিয়ে চিকিৎসা সরঞ্জাম সরবরাহ করল একটি ড্রোন। ভারতে কোনো ওষুধ বহনকারী ড্রোনের এটিই ছিল দীর্ঘতম উড়ান। প্রায় ৩,৫২৫ ইউনিট চিকিৎসা সামগ্রী দিয়ে সজ্জিত ছিল এই ড্রোনটি। আই.আই.টি কানপুরের সহযোগিতায়, 'ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ' এই ড্রোনটি তৈরি করেছে, যার লক্ষ্য ছিল কোভিড-১৯ টিকা ও প্রয়োজনীয় চিকিৎসা সামগ্রী সরবরাহ করা।

১৯ ডিসেম্বর : মোটরস্পোর্টসের বিশ্ব পরিচালনা সংস্থা 'ইন্টারন্যাশনাল অটোমোবাইল ফেডারেশন'এর প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন সংযুক্ত আরব আমিরশাহীর মহম্মদ বেন সুলায়েম।

□ চিনে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে মনোনীত হলেন প্রদীপ কুমার রাওয়াত।

□ অস্ট্রিয়ার চ্যান্সেলর হিসাবে মনোনীত হলেন কার্ল নেহামার।

২০২১ সালে 'মাদার টেরেসা মেমোরিয়াল অ্যাওয়ার্ড ফর * সোশ্যাল জাস্টিস' পেলেন 'পদ্মভূষণ' পুরস্কারপ্রাপ্ত পরিবেশবিদ ড. অনিল প্রকাশ যোশী। তিনি ছাড়াও এই পুরস্কার পেয়েছেন 'আর্থ শট পুরস্কার' বিজয়ী বিদ্যুৎ মোহন ও উত্তরাখণ্ডের তরুণ পরিবেশ কর্মী রিধিমা পাণ্ডে।



□ 'ব্রিটিশ ব্রডকাস্টিং কোম্পানি'র বিচারে, ২০২১ সালে 'বর্ষসেরা ক্রীড়া ব্যক্তিত্ব'এর সম্মান পেলেন টেনিস তারকা এমা রাডুকানু। টম ডেলি (ডাইভার) ও অ্যাডাম পিটিকে (সাঁতারু) হারিয়ে শীর্ষ স্থান পেলেন তিনি।

□ ২০২১ সালে 'বিডব্লুএফ ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ'এ, পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন সিঙ্গাপুরের লোহ কেন ইয়ু ও মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন জাপানের আকানে ইয়ামাগুচি।

২০ ডিসেম্বর : উত্তরাখণ্ড সরকারের প্রচারদূত হিসাবে মনোনীত হলেন ভারতীয় ক্রিকেটার ঋষভ পন্থ।

□ মিউচুয়াল ফান্ড সম্পর্কিত 'সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়াস অ্যাডভাইজরি কমিটি'র সদস্য হিসাবে মনোনীত হলেন আরতি কৃষ্ণাণ।

□ ব্রাহ্মস সুপারসনিক ক্রুজ মিসাইল প্রস্তুতকারক সংস্থা 'ব্রাহ্মস অ্যারোস্পেস লিমিটেড'এর চিফ এক্সিকিউটিভ অফিসার ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে মনোনীত হলেন অতুল দিনকর-রানে।

□ ওড়িশার কটক জেলায় মহানদী নদীর ওপর, রাজ্যের দীর্ঘতম সেতু 'টি-সেতু'র উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী নবীন পটনায়েক। ৩.৪ কিলোমিটার দীর্ঘ ও ৭.৫ মিটার চওড়া বিশিষ্ট এই সেতুটি বাদাম্বার গোপীনাথপুর, বাঙ্কির বাইদেশ্বরকে সিংহনাথ পিঠার সঙ্গে সংযুক্ত করেছে। বাদাম্বা ও বাইদেশ্বরের মধ্যে ৪৫ কিলোমিটার দূরত্ব কমিয়ে কটক ও খুরদার মানুষকে উপকৃত করবে এই সেতু। ইংরিজি বর্ণমালা 'T' আকৃতি বিশিষ্ট এই সেতুটি তৈরি করতে খরচ হয়েছে ১১১ কোটি টাকা।

অবসর নিল 'খুকরি'

□ জাতির সেবায় একটানা ৩২ বছর গৌরবজনকভাবে যুক্ত থাকার পর অবসর নিল ভারতীয় নৌবাহিনীর মিসাইল যুক্ত যুদ্ধজাহাজ 'আইএনএস খুকরি' (পেনান্ট নম্বর ৪৯)।

□ জাহাজটিকে বিশাখাপত্তনমে রাখা হয়েছে। সেখানে এক অনুষ্ঠানের মাধ্যমে 'খুকরি'কে সেবা থেকে বিরত রাখার অনুষ্ঠান করা হয়।

□ ১৯৮৯ সালের ২৩ আগস্ট, 'মাজাগাঁও ডক শিপবিল্ডার্স' কর্তৃক প্রেশিকৃত এই জাহাজটি তৈরি করে। পশ্চিম ও পূর্ব নৌবহরের জন্য এটি রাখা ছিল।

□ ওইসময় জাহাজটির সূচনা করেন কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী কৃষ্ণ চন্দ্র পন্থ ও প্রয়াত ক্যাপ্টেন মহেন্দ্র নাথ মুল্লার স্ত্রী সুধা মুল্লা।

□ জাহাজটির প্রথম কম্যান্ডিং অফিসার ছিলেন সঞ্জীব ভাসিন।

□ ভারতীয় সেনাবাহিনীর গোর্খা ব্রিগেডের সঙ্গে যুক্ত থাকা এই জাহাজটি ৬,৪৪,৮৯৭ নটিক্যাল মাইলের বেশি দূরত্ব অতিক্রম করেছিল।

□ আঞ্চলিক এশিয়া-প্যাসিফিক মহিলাদের ক্ষমতায়ন নীতি পুরস্কার অনুষ্ঠানে, নেতৃত্বের প্রতিশ্রুতির জন্য 'ইউএন উওমেনস পুরস্কার' পেলেন ভারতীয় জলবায়ু অ্যাকশন উদ্যোক্তা তথা কর্ণাটকের উদুপির বাসিন্দা দিব্যা হেগড়ে। তাঁর সংস্থা 'বেরু এনভায়রনমেন্টাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে জলবায়ু কর্ম প্রচেষ্টার মাধ্যমে লিঙ্গ সমতার কর্মসূচিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই সম্মান পেলেন তিনি।

২১ ডিসেম্বর : চিলির কনিষ্ঠতম (৩৫ বছর) প্রেসিডেন্ট হিসাবে মনোনীত হলেন গ্যাব্রিয়েল বরিচ।

□ 'ভারতীয় আইস হকি অ্যাসোসিয়েশন'এর জেনারেল সেক্রেটারি হরজিন্দর সিংকে, ২০২২ সালে আসন্ন 'বেজিং শীতকালীন অলিম্পিক'এর জন্য, ভারতের কন্টিনজেন্টের শেফ ডি মিশন হিসাবে মনোনীত করল 'ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়া'।

□ ২০২১ সালে মর্যাদাপূর্ণ 'টাইমস হায়ার এডুকেশন এশিয়া পুরস্কার'এ, 'ডিজিটাল ইনোভেশন অফ দ্য ইয়ার' পুরস্কার বিভাগে পুরস্কৃত হল ভারতের 'ও.পি. জিন্দাল গ্লোবাল বিশ্ববিদ্যালয়'। স্কুল ও বিশ্ববিদ্যালয়গুলিকে ডেটা পরিচালনা করতে সাহায্য করার জন্য বিনামূল্যে ক্লাউড ভিত্তিক অ্যাপ্লিকেশন তৈরি করার জন্য এই পুরস্কার পেল তারা। প্রসঙ্গত উল্লেখ্য, 'ও.পি. জিন্দাল গ্লোবাল বিশ্ববিদ্যালয়' হল একমাত্র ভারতীয় বিশ্ববিদ্যালয়, যাকে 'ডিজিটাল ইনোভেশন অফ দ্য ইয়ার' পুরস্কারের জন্য সংক্ষিপ্ত তালিকাভুক্ত করা হয়েছিল।

□ কেন্দ্রের আর্থিক অন্তর্ভুক্তি প্রকল্প 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা'র অধীনে মোট সুবিধাভোগীর সংখ্যা ৪৪ কোটি ছাড়ালো। ৮ ডিসেম্বর পর্যন্ত, এই যোজনার অধীনে খোলা ব্যাঙ্ক অ্যাকাউন্টের মোট সংখ্যা দাঁড়িয়েছে ৪৪.০৫ কোটি, যার মোট ব্যালান্স ১,৪৭,৮১২ কোটি টাকা। সবথেকে বেশি অ্যাকাউন্ট নিয়ে তালিকার শীর্ষে রয়েছে উত্তর প্রদেশ। তারপর রয়েছে বিহার। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সালের ২৮ আগস্ট 'প্রধানমন্ত্রী জন ধন যোজনা' চালু করা হয়েছিল।

□ পাক-ই-স্তানের খাইবার পাখতুনখাওয়া প্রদেশের সোয়াট উপত্যকায়, দেশটির সবথেকে প্রাচীন ৪ মিটার দৈর্ঘ্যের এক বৌদ্ধমন্দির আবিষ্কার করলেন একদল প্রত্নতত্ত্ববিদ। সেইসঙ্গে প্রাচীন একটি রাস্তাও আবিষ্কার করেছেন প্রত্নতত্ত্ববিদরা, যার মধ্য দিয়ে ওই শহরের অন্যতম প্রধান প্রবেশদ্বার আবিষ্কার করা হয়েছে। প্রত্নতত্ত্ববিদদের মতে, বৌদ্ধদের এই স্থাপত্য মৌর্যযুগের, যা সম্ভবত খ্রিস্টপূর্ব তৃতীয় শতাব্দীতে তৈরি করা হয়েছিল। আলেকজান্ডারের সময় গ্রিকরা পাক-ই-স্তানের সোয়াট উপত্যকার বাজিরা এলাকায় এসেছিল। তারা শহরটিকে তাদের দুর্গ হিসাবে গড়ে তোলে। সেসময়ই তারা মৌর্য সম্রাট অশোকের সময় তৈরি ওই বৌদ্ধ স্থাপত্যের কাঠামোগুলির খোঁজ পায়।

□ ধ্রুব সিতওয়ালাকে ৫-২ ব্যবধানে হারিয়ে, 'জাতীয় বিলিয়ার্ডস খেতাব' জিতলেন পঙ্কজ আদবানী।

২২ ডিসেম্বর : জাপানের তানেগাশিমা স্পেস সেন্টার থেকে, 'ইনমারস্যাট-৬ এফ১' নামে একটি কমিউনিকেশন স্যাটেলাইট উৎক্ষেপণ করল জাপান। 'মিতসুবিশি হেভি ইন্ডাস্ট্রিজ H-IIA204' রকেটের মাধ্যমে এই স্যাটেলাইট উৎক্ষেপণ করা হয়েছে, যা পৃথিবীর ওপরে প্রায় ২২,২৪০ মাইল (৩৫,৭৯০ কিলোমিটার) ভূ-স্থির কক্ষপথে আবর্তন করবে। ১২,০৬০ পাউন্ড (৫,৪৭০ কিলোগ্রাম) ওজনবিশিষ্ট এই স্যাটেলাইট, ব্রিটিশ স্যাটেলাইট টেলিকমিউনিকেশন কোম্পানি 'ইনমারস্যাট'এর মাধ্যমে তার পরবর্তী প্রজন্মের স্যাটেলাইট ব্রডব্যান্ড পরিষেবার অংশ হিসাবে তৈরি করা হয়েছে। বিশ্বের সবথেকে বড় ও সবথেকে উন্নত বাণিজ্যিক যোগাযোগ স্যাটেলাইট এটি।

□ ভারতীয় সময় সকাল ১০টা ৩০ মিনিটে, ওড়িশার 'ড. এপিজে আব্দুল কালাম দ্বীপ' থেকে দেশীয়ভাবে তৈরি স্বল্প পাল্লার ব্যালিস্টিক মিসাইল 'প্রলয়'এর সফল পরীক্ষা করল ভারত। 'ডি.আর.ডি.ও'র তৈরি এই মিসাইলটি ভারতীয় ব্যালিস্টিক মিসাইল কর্মসূচির 'পৃথ্বী' প্রতিরক্ষা যানের ওপর ভিত্তি করে তৈরি হয়েছে। ভূমি থেকে ভূমি এই মিসাইলটির পাল্লা ১৫০-৫০০ কিলোমিটার, যা মোবাইল লঞ্চার থেকেও উৎক্ষেপণ করা যায়। 'প্রলয়' মিসাইলটি সলিড প্রপেলান্ট রকেট মোটর ও অন্যান্য প্রযুক্তির মাধ্যমে চালিত।

□ প্রথম ভারতীয় মেয়ে হিসাবে, ফিলাদেলফিয়ায় অনুষ্ঠিত, 'জুনিয়র ইউএস ওপেন স্কোয়াশ টুর্নামেন্ট' জিতলেন দিল্লির বাসিন্দা ১৩ বছর বয়সি আনহাত সিং। মিশরের জায়েদা মারেইকে ১১-৯, ১১-৫, ৮-১১ ও ১১-৫ ব্যবধানে হারিয়ে, অনূর্ধ্ব-১৫ বিভাগে জিতলেন তিনি। প্রসঙ্গত উল্লেখ্য, ৪১টি দেশের প্রতিনিধিত্বকারী ৮৫০ জনেরও বেশি জুনিয়র স্কোয়াশ খেলোয়াড় বিশ্বের এই বৃহত্তম জুনিয়র স্কোয়াশ টুর্নামেন্টে অংশ নিয়েছিলেন।

□ ভারতকে ১-০ গোলে হারিয়ে, 'মেয়েদের সাফ অনূর্ধ্ব-১৯ চ্যাম্পিয়নশিপ' জিতল বাংলাদেশ।

□ জাপানকে ৪-২ (পেনাল্টি শ্যুটআউটে) ব্যবধানে হারিয়ে, 'এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি মেনস হকি টুর্নামেন্ট' জিতল কোরিয়া। এই প্রতিযোগিতায়, পাক-ই-স্তানকে ৪-৩ ব্যবধানে হারিয়ে ব্রঞ্জ পদক পেয়েছে ভারত।

২৩ ডিসেম্বর : 'ইয়ামাহা মোটর ইন্ডিয়া গ্রুপ'এর চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন ইশিন চিহানা।

□ ২০২১ সালে 'গ্লোবাল এনভায়রনমেন্ট অ্যান্ড ক্লাইমেট অ্যাকশন সিটিজেন পুরস্কার' পেলেন 'গুজরাতের গ্রিনম্যান' হিসাবে পরিচিত সুরাতের শিল্পপতি ভাইরাল সুধীরভাই দেশাই। জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য এই পুরস্কার পেয়েছেন তিনি। ১১টি দেশের (যার মধ্যে রয়েছে যুক্তরাজ্য, মার্কিন যুক্তরাষ্ট্র, নিউজিল্যান্ড, ফ্রান্স ও মালয়েশিয়া) মোট ২৮ জন ব্যক্তিত্ব এই পুরস্কার পেয়েছেন, যার মধ্যে একমাত্র ভারতীয় হিসাবে পুরস্কৃত হয়েছেন ভাইরাল।

□ মন্টেনেগ্রোতে অনুষ্ঠিত, 'আন্তর্জাতিক স্কি ফেডারেশন' আলপাইন স্কিয়িং প্রতিযোগিতায় ব্রঞ্জ পদক পেলেন ভারতীয় স্কিয়ার আঁচল ঠাকুর। ১:৫৪:৩০ সময় নিয়ে তৃতীয় স্থান অর্জন করেন তিনি।

২৪ ডিসেম্বর : দক্ষিণ আফ্রিকার সর্বোচ্চ জুডিশিয়াল বেঞ্চ সাংবিধানিক আদালতে বিচারক হিসাবে মনোনীত হলেন ভারতীয় বংশোদ্ভূত বিচারপতি নারান্দ্রান 'জোডি' কোল্লাপেন। তাঁর সঙ্গে একই পদে মনোনীত হয়েছেন বিচারপতি রাম্মাকা স্টিভেন মাথোপো। ১ জানুয়ারি থেকে দায়িত্ব নিয়েছেন তাঁরা।

সব ধরনের ক্রিকেট থেকে অবসর নেওয়ার সিদ্ধান্ত ঘোষণা করলেন ভারতের সিনিয়র অফস্পিনার হরভজন সিং। প্রথম ভারতীয় ক্রিকেটার হিসাবে টেস্ট ক্রিকেটে হ্যাটট্রিক করেন তিনি। ১০৩টি টেস্টে ৪১৭টি উইকেট নিয়েছেন তিনি ও টেস্ট ক্রিকেটে ভারতের পক্ষে চতুর্থ সর্বোচ্চ উইকেট শিকারী তিনি। ১৯৯৮ সালে বেঙ্গালুরুতে, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্টে অভিষেক হয় তাঁর।

□ 'বিনাল ইন্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট কাউন্সিল'এর কো-চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন কমলেশ গান্ধী।

□ 'Kintsugi' উপন্যাসটির জন্য, ২০২১ সালে 'সুশীলা দেবী পুরস্কার' পেলেন লেখিকা অনুকৃতি উপাধ্যায়। ২০২০ সালে প্রকাশিত কোনো লেখিকার লেখা ফিকশনের জন্য, অনুকৃতি উপাধ্যায়ের নাম ঘোষণা করেছে 'রতনলাল ফাউন্ডেশন' আর 'ভোপাল সাহিত্য ও শিল্প উৎসবের আয়োজক কমিটি'।

□ রাজ্যের জনগণকে প্লাস্টিকের ব্যাগের ব্যবহার বর্জন করে, কাপড়ের ব্যাগ ব্যবহারের প্রতি উৎসাহিত করতে 'মিন্দুম মঞ্জপাই' প্রকল্প চালু করল তামিলনাড়ু সরকার। মূলত এই হলুদ কাপড়ের ব্যাগ (তামিল ভাষায় এর নাম 'মাঞ্জাপাই') ব্যবহারের মূল উদ্দেশ্য হল, রাজ্যের জনগণকে পরিবেশ বান্ধব ব্যাগ ব্যবহারের প্রতি উৎসাহিত করা।

২৫ ডিসেম্বর : 'আরবিএল ব্যাঙ্ক'এর অন্তর্বর্তীকালীন ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন রাজীব আহুজা।

❑ ইউরোপীয় মহাকাশ সংস্থার কৌরো, ফরাসি গুয়ানা থেকে, 'আরিয়ান ৫' রকেটে করে, বিশ্বের বৃহত্তম ও সবথেকে শক্তিশালী স্পেস টেলিস্কোপ 'জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ'এর উৎক্ষেপণ করল 'নাসা'। টেলিস্কোপটি আকার ও জটিলতায় অসম। এর আয়নাটির ব্যাস ৬.৫ মিটার (২১ ফুট), যা হাবল টেলিস্কোপের আয়নার আকারের ৩ গুণ, যা ১৮টি ষড়ভুজ অংশ দিয়ে তৈরি। টেলিস্কোপটি এতটাই বড়, যে রকেটে বসানোর জন্য ভাঁজ করা হয়েছে, যেটির মোট ভর ৬,২০০ কেজি। মহাবিশ্বের গঠন ও উৎপত্তি ও তার অবস্থান অনুসন্ধান করতে বিজ্ঞানীদের সাহায্য করবে এই টেলিস্কোপ।

❑ ইংল্যান্ড ক্রিকেট দলের প্রাক্তন অধিনায়ক রে ইলিংওয়ার্থ (৮৯ বছর) মারা গেলেন। ১৯৫৮ সাল থেকে ১৯৭৩ সালের মধ্যে ইংল্যান্ডের হয়ে ৬১টি টেস্ট খেলেছিলেন ও ৩১টি ম্যাচে দেশের হয়ে অধিনায়কত্ব করেছেন তিনি।

২৬ ডিসেম্বর : লখনৌতে, ব্রাহ্মস অ্যারোস্পেস ক্রুজ মিসাইল উৎপাদন ইউনিটের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন ভারতের প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। এই ইউনিট তৈরি হয়ে গেলে প্রায় ৫,৫০০টি নতুন কাজের সুযোগ তৈরি হতে পারে বলে মনে করা হচ্ছে। প্রসঙ্গত উল্লেখ্য, ব্রাহ্মস হল ভারতের 'ডি.আর.ডি.ও'আর রাশিয়ার রকেট ডিজাইন ব্যুরো 'এনপিও মাশিনোস্ট্রোয়েনিয়া'র মধ্যে একটি যৌথ উদ্যোগ।

প্রয়াত ডেসমন্ড টুটু



❑ 'নোবেল শান্তি পুরস্কার' জয়ী দক্ষিণ আফ্রিকার বর্ণবিদ্বেষী সংগ্রামের নেতা ডেসমন্ড টুটু (৯০ বছর) মারা গেলেন।

❑ দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ অ্যাংলিকান আর্চবিশপ ছিলেন তিনি।

❑ ১৯৯৬ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত 'ট্রুথ অ্যান্ড রিকনসিলিয়েশন কমিশন'এর নেতৃত্ব দেন তিনি।

❑ বর্ণবিদ্বেষের বিরুদ্ধে অহিংস বিরোধিতার জন্য, ১৯৮৪ সালে শান্তিতে 'নোবেল পুরস্কার' পান তিনি।

❑ তামিলনাড়ুকে হারিয়ে, প্রথমবার 'বিজয় হাজারে ট্রফি' জিতল হিমাচল প্রদেশ। এই প্রথম কোনো ঘরোয়া ট্রফি জিতল তারা। এর আগে ৩ বরম্যাটে কোনো দিন কোনো ট্রফি জেতেনি তারা।

২৭ ডিসেম্বর : ১০ বছর পর, ২০২২ সালের জানুয়ারিতে 'ইউনাইটেড নেশনস সিকিউরিটি কাউন্সিল'এর কাউন্টার টেররিজম কমিটির সভাপতিত্ব করবে ভারত। ২০১২ সালে শেষবার এই কমিটির সভাপতিত্ব করেছিল ভারত। মার্কিন যুক্তরাষ্ট্রে ৯/১১'এর সন্ত্রাসী হামলার পরিপ্রেক্ষিতে, ২০০১ সালের ২৮ সেপ্টেম্বর সর্বসম্মতিক্রমে গৃহীত 'নিরাপত্তা পরিষদের প্রস্তাব ১৩৭৩'এর মাধ্যমে এইকমিটি গঠিত হয়েছিল।

❑ ব্রিকস নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের চতুর্থ সদস্য দেশ হিসাবে যুক্ত হল মিশর। গত সেপ্টেম্বরে, ব্রিকস নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্কের সদস্য দেশ হিসাবে যোগ দিয়েছিল বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরশাহী ও উরুগুয়ে। ব্রিকস নিউ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক হল একটি বহুপাক্ষিক ব্যাঙ্ক, যা ব্রাজিল, রাশিয়া, চিন, ভারত ও দক্ষিণ আফ্রিকার মাধ্যমে ফিনান্স সাসটেইনেবল ডেভেলপমেন্ট ও পরিকাঠামো প্রকল্পে অর্থায়নের জন্য প্রতিষ্ঠা হয়েছিল।

❑ ২০১৯-'২০ সালে নীতি আয়োগের স্বাস্থ্য পরিকাঠামো সূচকে, স্বাস্থ্য সেবায় দেশের মধ্যে সেরা রাজ্যের তকমা পেল কেরালা। পর পর ৪ বছর স্বাস্থ্য পরিষেবায় দেশের সব বড় রাজ্যের মধ্যে শীর্ষ স্থান ধরে রাখল কেরালা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে তামিলনাড়ু ও তেলেঙ্গানা। এই তালিকায় শেষ স্থানে রয়েছে উত্তর প্রদেশ। অন্যদিকে, দেশের সব ছোট রাজ্যের মধ্যে প্রথম স্থানে রয়েছে মিজোরাম। প্রসঙ্গত উল্লেখ্য, 'বিশ্বব্যাঙ্ক'এর সহায়তায় কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রককে সঙ্গে নিয়ে এই রিপোর্টটি তৈরি করছে 'নীতি আয়োগ'।

২৮ ডিসেম্বর : 'ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে পুনর্নির্বাচিত হলেন বাসুদেবন পাঠাঙ্গি নরসিমহান।

❑ 'পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক'এর ম্যানেজিং ডিরেক্টর ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন অতুল কুমার গোয়েল।

❑ 'ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স'এর ডিরেক্টর জেনারেল ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন প্রবীণ কুমার।

❑ আগামী ২ বছরের জন্য, পশ্চিমবঙ্গ পুলিশের ডিরেক্টর জেনারেল হিসাবে মনোনীত হলেন মনোজ মালব্য।

❑ পশ্চিমবঙ্গের নতুন লোকায়ুক্ত হিসাবে মনোনীত হলেন প্রাক্তন বিচারপতি অসীম রায়।

❑ রাজ্য মানবাধিকার কমিশনের চেয়ারম্যান হিসাবে মনোনীত হলেন হাই কোর্টের প্রাক্তন বিচারপতি জ্যোতির্ময় ভট্টাচার্য্য।

❑ ২০২১ সালে জাতীয় জাত সংরক্ষণ পুরস্কার' পেল 'কেরালা ভেটেরিনারি অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স ইউনিভার্সিটি'র অধীনে, হাঁস-মুরগির প্রজননের ওপর 'অল ইন্ডিয়া কো-অর্ডিনেটেড রিসার্চ প্রোজেক্ট'। রাজ্যের একমাত্র রেজিস্টার্ড দেশীয় মুরগির জাত 'তেলিচেরি' প্রজাতির সংরক্ষণ ও গবেষণা কার্যক্রমের জন্য আইসিএআর-ন্যাশনাল ব্যুরো অফ অ্যানিম্যাল জেনেটিক রিসোর্সেস'এর তরফ থেকে এই মর্যাদাপূর্ণ পুরস্কার পেল তারা। প্রসঙ্গত উল্লেখ্য, ২০১৪ সাল থেকে এই তেলিচেরি প্রজাতির জাত সংরক্ষণ করা শুরু করে 'অল ইন্ডিয়া কো-অর্ডিনেটেড রিসার্চ প্রোজেক্ট'।

❑ 'সাউথ এশিয়ান ইনস্টিটিউট ফর অ্যাডভান্সড রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট'এর উদ্যোগে, কলকাতায় শুরু হল বিশ্বের প্রথম 'ইন্টারন্যাশনাল রিভার কংগ্রেস'। পৃথিবী জুড়ে নদী বাঁচানোর উদ্দেশ্যে, 'নমামি গঙ্গে' প্রকল্পকে সামনে রেখে এই উদ্যোগ নেওয়া হয়েছে। অনেক বিজ্ঞানী ও পরিবেশবিদ ৩ দিনের এই কংগ্রেসে অংশ নিয়েছেন।

❑ দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে সেঞ্চুরিয়ন টেস্টের প্রথম ইনিংসে ৪৪ রানে ৫ উইকেট নেওয়ার সুবাদে এক মাইলফলক ছুঁয়ে ফেললেন মহম্মদ শামি। ১১ তম ভারতীয় বোলার হিসাবে টেস্টে ২০০ উইকেট নেওয়ার কৃতিত্ব অর্জন করলেন তিনি। পঞ্চম ভারতীয় পেসার হিসাবে এমন অনবদ্য মাইলফলক ছুঁলেন তিনি। কেরিয়ারের ৫৫ তম টেস্টে ২০০ উইকেট নিলেন তিনি। শামির আগে ভারতের হয়ে টেস্টে ২০০ উইকেট নেওয়ার কৃতিত্ব অর্জন করেছেন অনিল কুম্বলে, কপিল দেব, রবিচন্দ্রন অশ্বিন, হরভজন সিং, ইশান্ত শর্মা, জাহির খান, বিষেণ সিং বেদি, চন্দ্রশেখর, শ্রীনাথ ও রবীন্দ্র জাদেজা।

কলকাতা পুর নিগমের মেয়র ও তাঁর পারিষদরা

❑ ফিরহাদ হাকিম : মহানাগরিক, জল সরবরাহ, অর্থ, নাগরিক অভিযোগ, বাড়ি তৈরি, সেন্ট্রাল স্টোর, কর মূল্যায়ন।
❑ মালা রায় : চেয়ারপার্সন।
❑ অতীন ঘোষ : ডেপুটি মেয়র, স্বাস্থ্য পরিষেবা, ভেজাল খাদ্য প্রতিরোধকরণ, আর্কাইভ, মেডিক্যাল স্টোর, টিবি হাসপাতাল।
❑ দেবাশিস কুমার : উদ্যান, ক্রীড়া, বিজ্ঞাপন ও পার্কিং।
❑ দেবব্রত মজুমদার : জঞ্জাল ব্যবস্থাপনা।
❑ তারক সিং : নিকাশি।
❑ অভিজিৎ মুখোপাধ্যায় : রাস্তা ও ইঞ্জিনিয়ারিং।
❑ সন্দীপরঞ্জন বক্সি : আলোকায়ন।
❑ আমিরুদ্দিন ববি : বাজার।
❑ স্বপন সমাদ্দার : বস্তি উন্নয়ন, পরিবেশ।
❑ রামপেয়ারে রাম : ১০০ দিনের কাজের প্রকল্প।
❑ জীবন সাহা : তথ্য ও জনসংযোগ, এন্টালি ওয়ার্কশপ।
❑ সন্দীপন সাহা : শিক্ষা ও তথ্যপ্রযুক্তি।
❑ বৈশ্বানর চট্টোপাধ্যায় : আবাসন, আইন ও কর্মীবর্গ।
❑ মিতালি ব্যানার্জি : স্বাস্থ্যসাথী, রূপশ্রী, কন্যাশ্রী, বার্ধক্যভাতা।

সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

২৯ ডিসেম্বর : জেনেভায়, রাষ্ট্রসঙ্ঘের নিরস্ত্রীকরণ সম্মেলনে, ভারতের পরবর্তী স্থায়ী প্রতিনিধি হিসাবে মনোনীত হলেন অনুপম রায়।

❑ সীমান্ত রক্ষী বাহিনী 'সশস্ত্র সীমা বল'এর অতিরিক্ত দায়িত্ব পালন করবেন সঞ্জয় অরোরা।

❑ মেক্সিকোতে, ভারতের পরবর্তী রাষ্ট্রদুত হিসাবে মনোনীত হলেন পঙ্কজ শর্মা।

❑ ভারতের অনলাইন ট্রাভেল কোম্পানি 'EaseMyTrip.com'এর প্রচারদূত হিসাবে মনোনীত হলেন, বলিউড অভিনেতা বিজয় রাজ ও বরুণ শর্মা।

❑ ঝাঁসী রেলস্টেশনের নাম বদল করল উত্তর প্রদেশ সরকার। এখন থেকে এই স্টেশনের নাম হবে 'বীরাঙ্গনা লক্ষ্মীবাই রেলওয়ে স্টেশন'। ঝাঁসির রানি বীরাঙ্গনা লক্ষ্মীবাইয়ের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, উত্তর প্রদেশের বুন্দেলখণ্ড এলাকায় অবস্থিত ঝাঁসি রেলওয়ে স্টেশন হল ভারতের একটি অন্যতম বড় ও ব্যস্ত রেলওয়ে স্টেশন।

❑ অস্ট্রেলিয়ার দ্বীপরাজ্য তাসমানিয়ার উপকূলে ফের দেখা মিলল 'ওয়াকিং ফিশ'এর। তবে এগুলি তাদের সত্যিকারের পা নয়। ছোট ছোট পাখনাই সম্বল। মানুষের হাতের মতো। সেগুলিকে ব্যবহার করেই উপকূল তলদেশে হেঁটে বেড়ায় এই 'পিঙ্ক হ্যান্ড ফিশ'। অস্ট্রেলিয়ার জাতীয় বিজ্ঞান সংস্থা 'কমনওয়েলথ সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ অর্গানাইজেশন' আজ থেকে '২২ বছর আগে ১৯৯৯ সালে শেষবার এই অদ্ভুত প্রজাতির মাছের হদিশ পেয়েছিল।

৩০ ডিসেম্বর : বিহারের চিফ সেক্রেটারি হিসাবে মনোনীত হলেন আমির সুভানি। বিহারের প্রথম সংখ্যালঘু সম্প্রদায় থেকে এই পদে এলেন তিনি।

❑ উত্তর প্রদেশের চিফ সেক্রেটারি হিসাবে মনোনীত হলেন দুর্গা শঙ্কর মিশ্র।

❑ কলকাতা পুলিশের নতুন কমিশনার হিসাবে মনোনীত হলেন বিনীত কুমার গোয়েল।

❑ বারাণসীতে, 'ফেডারেশন কাপ' জিতলেন মহিলা ক্যারম খেলোয়াড় রশ্মি কুমারী। ২০১০ ও ২০১২ সালের পর, এটি তাঁর তৃতীয় ফেডারেশন কাপ জয়।

৩১ ডিসেম্বর : 'ভারতীয় উপকূল রক্ষী বাহিনী'র ২৪ তম প্রধান হিসাবে দায়িত্ব নিলেন ভি.এস.পাঠানিয়া।

❑ বার্বাডোজে, ভারতের পরবর্তী হাই কমিশনার হিসাবে মনোনীত হলেন এস.বালাচন্দ্রন।

❑ রেলওয়ে বোর্ডের চেয়ারম্যান ও চিফ এক্সিকিউটিভ অফিসার হিসাবে মনোনীত হলেন বিনয় কুমার ত্রিপাঠী।

❑ প্রথম ভারতীয় ক্রীড়াবিদ হিসাবে, ২০২২ সালে 'বেজিং শীতকালীন অলিম্পিক'এর জন্য, ২টি আলাদা আলাদা বিভাগে যোগ্যতা অর্জন করলেন জম্মু-কাশ্মীরের স্কি খেলোয়াড় আরিফ মহম্মদ খান। সম্প্রতি পুরুষদের জায়ান্ট স্ল্যালম বিভাগে অলিম্পিকে যোগ্যতা অর্জন করেছেন ও কিছুদিন আগে দুবাইয়ে একটি মিটে স্ল্যালম বিভাগে আরেকটি যোগ্যতা অর্জন করেছেনএই ৩১ বছর বয়সি স্কিয়ার। প্রসঙ্গত উল্লেখ্য, ৪ ফেব্রুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত, চিনের রাজধানী শহর বেজিংয়ে এই শীতকালীন অলিম্পিক অনুষ্ঠিত হবে।

❑ ২০২১ সালে 'ওয়ার্ল্ড সিইও উইনার অফ দ্য ইয়ার'এর সম্মান পেলেন হায়দরাবাদের সফটওয়্যার ডেভেলপমেন্ট অ্যান্ড সার্ভিসেস কোম্পানি 'এফএসএস'এর চিফ এক্সিকিউটিভ অফিসার কিশোর কুমার ইয়েদাম। 'ওয়ার্ল্ড সিইও র‌্যাঙ্কিং' হল 'প্লাস মিডিয়া গ্রুপ'এর মালিকানাধীন অনলাইন পুরস্কার। উল্লেখ্য, বিশ্বব্যাপী সিইও'দের স্বীকৃতি দেওয়ার জন্য এই পুরস্কার চালু করা হয়েছে।

❑ শ্রীলঙ্কাকে ৯ উইকেটে হারিয়ে, এই নিয়ে অষ্টমবার 'অনূর্ধ্ব-১৯ যুব এশিয়া কাপ' চ্যাম্পিয়ন হল ভারত।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

২,৭৮৮ ট্রেডসম্যান

১ পাতার পর

থাকলে আবেদনের যোগ্য : (ক) সংশ্লিষ্ট ট্রেডে ২ বছরের কাজ করার অভিজ্ঞতা, (খ) আই.টি.আই. / ভোকেশনাল ইনস্টিটিউট থেকে ১ বছরের সার্টিফিকেট কোর্স পাশ ও সংশ্লিষ্ট ট্রেডে ১ বছরের অভিজ্ঞতা, (গ) আই.টি.আই. থেকে ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে। বয়স হতে হবে ১-৮-২০২১'র হিসাবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন।

শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৬৭.৫ (তপশিলী উপজাতি হলে ১৬২.৫, পাহাড়ী এলাকার প্রার্থী হলে ১৬৫) সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ (তপশিলী উপজাতি হলে ৭৬) সেমি, ফুলিয়ে ৮৩ (তপশিলী উপজাতি হলে ৮১) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

শরীরের মাপজোখ হতে হবে মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫৭ (তপশিলী উপজাতি হলে ১৫০, পাহাড়ী এলাকার প্রার্থী হলে ১৫৫) সেমি আর উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ওজন।

দৃষ্টিশক্তি দরকার চশমা ছাড়া উভয় চোখে ৬/৬ ও ৬/৯। ধনুকের মতো বাঁকা হাঁটু, পায়ের চ্যাটালো পাতা, শিরাস্ফীতি, ট্যারা দৃষ্টি, চোখে চশমা বা, বর্ণান্ধতা থাকলে আবেদনের যোগ্য নন। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা।

শূন্যপদ : ছেলেদের জন্য — কবলার ট্রেডে ৮৮টি (জেনাঃ ৪০, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৯, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭)। টেলর ট্রেডে ৪৭টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১১, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২)। কুক ট্রেডে ৮৯৭টি (জেনাঃ ৩৮০, ই.ডব্লু.এস. ৮৯, ও.বি.সি. ২০৮, তঃজাঃ ১৪৪, তঃউঃজাঃ ৭৬)। ওয়াটার কেরিয়ার ট্রেডে ৫১০টি (জেনাঃ ২১৩, ই.ডব্লু.এস. ৪৮, ও.বি.সি. ১২৩, তঃজাঃ ৮৩, তঃউঃজাঃ ৪৩)। ওয়াশারম্যান ট্রেডে ৩৩৮টি (জেনাঃ ১৪৭, ই.ডব্লু.এস. ৩৫, ও.বি.সি. ৭৭, তঃজাঃ ৫৫, তঃউঃজাঃ ২৪)। বারবার ট্রেডে ১২৩টি (জেনাঃ ৫৪, ই.ডব্লু.এস. ১৩, ও.বি.সি. ৩০, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৮)। সুইপার ট্রেডে ৬১৭টি (জেনাঃ ২৬৩, ই.ডব্লু.এস. ৬০, ও.বি.সি. ১৪৫, তঃজাঃ ৯৮, তঃউঃজাঃ ৫১)। কার্পেন্টার ১৩টি (জেনাঃ ১১, ও.বি.সি. ২)। পেইন্টার ৩টি (জেনাঃ)। ইলেকট্রিশিয়ান ৪টি (জেনাঃ)। ড্রাফটসম্যান ১টি (জেনাঃ)। ওয়েটার ৬টি (জেনাঃ)। মালি ৪টি (জেনাঃ)।

শূন্যপদ মেয়েদের জন্য — কবলার ট্রেডে ৩টি (জেনাঃ)। টেলর ট্রেডে ২টি (জেনাঃ)। কুক ট্রেডে ৪৭টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১১, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২)। ওয়াটার কেরিয়ার ট্রেডে ২৭টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ৫, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। বারবার ট্রেডে ৭টি (জেনাঃ)। সুইপার ট্রেডে ৩৩টি (জেনাঃ ২০, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা মাপা হবে। এইসময় উচ্চতা কম থাকলে বাদ দেওয়া হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা। এই পরীক্ষায় প্রথমে ২৪ মিনিটে ৫ কি.মি. দৌড়তে হবে। সফল হলে মূল সার্টিফিকেটের পরীক্ষা। তখন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত জেরক্স সঙ্গে রাখবেন। এরপর উচ্চতা, বুকের ছাতি ও ওজন ইত্যাদি দেখা হবে। সফল হলে ট্রেড টেস্ট। এরপর হবে ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। সময় থাকবে ২ ঘণ্টা। এই পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) জেনারেল অ্যাওয়ারনেস / জেনারেল নলেজ, (২) নলেজ অফ এলিমেন্টারি ম্যাথমেটিক্স, (৩) অ্যানালিটিক্যাল অ্যাপ্টিটিউড, (৪) ইংরিজি বিষয়ের বেসিক নলেজ। সাধারণ ও প্রাক্তন সমরকর্মীরা ৩৫% (তপশিলী, ও.বি.সি. হলে ৩৩%) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। মেধা তালিকা তৈরির সময় শুধুমাত্র লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর দেখা হবে। সবশেষে ডাক্তারি পরীক্ষা। দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://rectt.bsf.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ নির্দিষ্ট টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কম পুঁজিতে বল পেন তৈরির লাভজনক ব্যবসা

ব্যবসা

সুকৃৎ বসু
সেইল'এর অবসরপ্রাপ্ত ইঞ্জিনিয়ার

বল পেনের চাহিদা অনেক। স্কুল, কলেজ, অফিস, আদালত সর্বত্রই বল পেনের ব্যবহার বেড়েই চলেছে। পৃথিবী যতই আধুনিক বা, উন্নত হোক না কেন — প্রায় প্রত্যেকের পকেটে অন্তত একটি বল পেন লক্ষ্য করা যায় ছোটখাটো নোটিংয়ের জন্য বা, হস্তাক্ষরের প্রয়োজনে। ফলে বল পেন বা, ডট পেন বা, বিরো পেনের চাহিদা প্রচুর। আর অল্প পুঁজিতে বল পেন তৈরি করে প্রচুর লাভ করা সম্ভব। তবে বিচক্ষণতা, সাহসিকতা ও পরিশ্রমী হওয়া দরকার।

বল পেন বা, ডট পেন বিভিন্ন প্রকারের হয়ে থাকে। তবে সবথেকে জনপ্রিয় ও সস্তা ডট পেন হল 'Use and Throw' (ব্যবহার কর আর শেষে ফেলেদাও)। এধরনের ডট পেন তৈরি করাও সহজ। কম খরচে উৎপাদন সম্ভব। প্রচুর লাভও করা যায়।

বল পেন তৈরি করতে কী কী কাঁচামাল লাগে

বল পেন তৈরি করতে কাঁচামাল লাগে মূলত : (১) ব্যারেল — প্লাস্টিক বডি। (২) অ্যাডেপ্টর — ব্যারেলের ডগায় লাগানো থাকে। (৩) নিব — যা দিয়ে লেখা। (৪) ক্যাপ — ঢাকনা। (৫) কালি — লিখতে সাহায্য করে। (৬) প্লাস্টিক প্যাকেট — যাতে ভরে পেন বিক্রি করা হয়।

বল পেন তৈরি করার মেশিন

বল পেন তৈরি করতে Semi-Automatic ও Automatic মেশিন পাওয়া যায়।

সেমি-অটোমেটিক মেশিনের দাম : ১২,০০০ টাকা থেকে ২০,০০০ টাকা। যার উৎপাদন ক্ষমতা মোটামুটি ৯ ঘন্টায় ২,০০০ ডট পেন তৈরি করতে পারে। একটি



সেমি-অটোমেটিক মেশিন মূলত ৫টি মেশিনের সমন্বয়ে তৈরি, অর্থাৎ ৫টি মেশিন নিয়েই বল পেন মেশিন : (১) অ্যাডেপ্টর ফিটিং মেশিন — এর সাহায্যে অ্যাডেপ্টর লাগানো হয়। (২) নিব ফিটিং মেশিন — এর সাহায্যে পেনের নিব লাগানো হয়। (৩) ইঙ্ক ফিলিং মেশিন — এর সাহায্যে কালি ভরতি করা হয়। (৪) সেন্ট্রিফিউজ মেশিন — এর সাহায্যে কালির হাওয়া বের করা হয়। (৫) নেম প্রিন্টিং মেশিন — ব্র্যান্ড'এর নাম লেখা হয়।

ছোট পরিসরে বল পেন তৈরি করা সম্ভব। লোকজনও বিশেষ লাগে না।

বল পেন তৈরির পদ্ধতি : সাধারণভাবে বল পেন ৫টি মেশিন দিয়ে খুব সহজে তৈরি করা যায়। যে কোম্পানি থেকে পেন তৈরি করার মেশিন কেনা হয় তারাই পদ্ধতি শিখিয়ে দেয় যত্ন সহকারে। প্রথমে ব্যারেলে অ্যাডেপ্টর, পরে নিব লাগিয়ে, ইঙ্ক ফিলিং মেশিনে কালি ভরতি করতে হয় — তারপর সেন্ট্রিফিউজ মেশিনে ঘুরিয়ে কালির জমা হাওয়া বের করে দিলেই বল পেন প্রস্তুত। এরপর প্রিন্টেড মেশিনে ব্র্যান্ড নেম লিখে প্লাস্টিকে ভরতি করে বিক্রি। অত্যন্ত সহজেই বল পেন তৈরি করা যায়।

কাঁচামাল ও মেশিন কোথায় পাবেন : বল পেনের কাঁচামাল, অর্থাৎ প্লাস্টিক ব্যারেল, অ্যাডেপ্টর, নিব, ক্যাপ, কালি বা, প্যাকেট — সব কিছুই কলকাতার বড়বাজার অঞ্চলে পর্যাপ্ত পাওয়া যায়। অনেক সময় বল পেন তৈরির মেশিন সাপ্লায়ারও কাঁচামাল জোগাড় করে দেয় বাজার দরে। অনেক ক্ষেত্রে বল পেন Buy Back-ও করে থাকেন সাপ্লায়াররা — অ্যাগ্রিমেন্টে হস্তাক্ষর সাপেক্ষে, অর্থাৎ তৈরি করা বল পেনগুলি তাঁরাই কিনে নেন — তাতে বিক্রি করার ঝামেলা থাকে না।



কলকাতা-সহ পশ্চিমবঙ্গে, এছাড়া ভারত জুড়ে ম্যানুয়াল ও অটোমেটিক বল পেন মেশিন প্রচুর পাওয়া যায়। ১৬,০০০ টাকা থেকে ২,৫০,০০০ টাকা পর্যন্ত বিভিন্ন দামে।

(১) Sardar Enterprise, Sirakol, South 24 Parganas, W.B. Mob : 8100037989. (২) K.S. Enterprise, North 24 Parganas, W.B, Ph. : 8334950686. (৩) Surya Trading Company, Kali Park, North 24 Parganas, W.B. Ph.: 8048361373/645. এছাড়া M indiamart (m.indiamart.com)-এ খোঁজ করলেও প্রচুর সাপ্লায়ারের হদিশ পাওয়া যায় আর কাঁচামালেরও খবরাখবর পাওয়া যেতে পারে।

বল পেনের ব্যবসায় কী কী লাইসেন্স বা, অনুমতি দরকার : (১) ট্রেড লাইসেন্স (প্রথমে, ব্যবসা বাড়ার সঙ্গে), (২) জি.এস.টি রেজিস্ট্রেশন, (৩) প্যান কার্ড, (৪) কারেন্ট ব্যাঙ্ক অ্যাকাউন্ট। এই ধরনের ব্যবসায় পলিউশন কন্ট্রোল বোর্ডের অনুমতি লাগে না।

সাধারণভাবে বল পেনের কাঁচামালের দাম : (১) Barrel – ৮৫ টাকা থেকে ১৪৫ টাকা (প্রতি কেজি) (২৮০ টা)। (২) TIP – ১৭ টাকা থেকে ২৯ টাকা (১৪৪ টা / Gross)। (৩) Cap – ১৯ টাকা থেকে ৩০ টাকা (১৪৪ টা / Grose)। (৪) Adapter – ৩ টাকা (১৪৪টা / Gross)। (৫) Ink (কালি) – ২৫০ টাকা থেকে ৩৫০ টাকা (প্রতি লিটার) (৩,২০০ টাকা)।

বল পেন তৈরিতে খরচ ও লাভের পরিমাণ

কাঁচামালের দাম : ১ টাকা (প্রতি পেন),
প্যাকিং : ৫ পয়সা (প্রতি পেন)
তৈরির খরচ : ৫ পয়সা (প্রতি পেন)
মোট খরচ : ১ টাকা ১০ পয়সা (প্রতি পেন)
হোলসেল দাম : ১ টাকা ষাট পয়সা (প্রতি পেন)
লাভ : পঞ্চাশ পয়সা (প্রতি পেন)
মেশিনের উৎপাদন ক্ষমতা : ৩০০ পেন প্রতি ঘন্টায়
প্রতিদিন লাভ : ১,২০০ টাকা ৮ ঘন্টায়
মাসিক লাভ : ২৫,০০০ টাকা থেকে ৩০,০০০ টাকা।

বল পেন তৈরিতে কীরকম জায়গা লাগে।

সাধারণভাবে S.S.I-এ ব্যবসা করতে একটা ঘরই যথেষ্ট। তবে ব্যবসা বাড়ার সঙ্গে সঙ্গে বড় ঘর ভাড়া নেওয়া যেতেই পারে।

বিভিন্ন ধরনের বল পেন : অত্যন্ত সাধারণ বল পেন থেকে শুরু করে উন্নত ধরণের বল পেন হয়ে থাকে। এছাড়া আছে বিশেষ পেন — যেমন Ballpoint Pen, Gel Pen, Rollerball Pen এ সব পেনের কালি ও নিব আলাদা ধরনের হয়ে থাকে। ব্যবহারের পার্থক্য অনুযায়ী দামও আলাদা আলাদা।

বল পেনের আবিষ্কারক কে : বল পেনের আবিষ্কারক হাঙ্গেরির দুই ভাই — এল. বিরো ও জর্জি। আজও ইংল্যান্ডে বল পয়েন্ট পেনকে লোকে 'বিরো' পেন নামেই চেনে।

উপসংহার : অল্প পুঁজিতে বল পেন তৈরি করে ব্যবসা অত্যন্ত লাভজনক। পরিশ্রমী ও উদ্যোগী হতে পারলে ব্যবসা অনায়াসে বড় করা সম্ভব। ম্যানুয়েল মেশিন কিনে ধীরে ধীরে অটোমেটিক মেশিন বসানো উচিত। তাতে লাভের পরিমাণও বাড়ে ও কিছু লোকের কর্মসংস্থানও সম্ভব।

৮,৭০০ শিক্ষক-শিক্ষিকা

১ পাতার পর

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (হিন্দি) : হিন্দির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সংস্কৃত) : সংস্কৃতের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্স) : ফিজিক্সের ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কেমিস্ট্রি) : কেমিস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (বায়োলজি) : বটানি ও জুলজির ডিগ্রি কোর্স পাশরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স) : কম্পিউটার সায়েন্স বা, ইনফর্মেশন টেকনোলজির বি.ই. বা, বি.টেক. কোর্স পাশরা যোগ্য। বি.সি.এ. কোর্স পাশ কিংবা কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ডোয়েক থেকে 'এ' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (সোশ্যাল সায়েন্স) : ইতিহাস, ভূগোল, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞানের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইতিহাস বা, ভূগোল বিষয়ের মধ্যে একটি বিষয় থাকতে হবে। বি.এ. বি.এড. কোর্স পাশ হলেও যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক) : অঙ্ক বিষয় ও ফিজিক্স, কেমিস্ট্রি, ইলেক্ট্রনিক্স, কম্পিউটার সায়েন্স, স্ট্যাটিস্টিক্স বিষয়ের মধ্যে যে কোনো দু'টি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. বি.এড. কোর্স পাশ হলেও যোগ্য। 'টেট' বা, 'সি-টেট' পাশ হতে হবে। বি.এ. বি.এড. কোর্স পাশ হলেও যোগ্য।

ওপরের সব বিষয়ের 'ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার' পদের বেলায় ডিগ্রি কোর্সে অন্তত ৫০% নম্বর ও বি.এড. কোর্সে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। সব বিষয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ের বি.এ.এড. /বি.এসসি. এড. কোর্স পাশ হলেও যোগ্য। ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% বা, তার বেশি নম্বর আছে,তাঁরাও যোগ্য।

ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন) : ফিজিক্যাল এডুকেশনের ৪ বছরের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা বি.পি.এড় কোর্স পাশ হলেও যোগ্য। ফিজিক্যাল এডুকেশন, হেলথ এডুকেশন-অ্যান্ড স্পোর্টসের বি.এসসি. কোর্স পাশরা ১ বছরের বি.পি.এড. কোর্স পাশ হলেওযোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

প্রাইমারি টিচার : মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশরা বি.এড়. /বি.এড. (৪ বছরের ইন্টিগ্রেটেড) /ডি.এল.এড়. কোর্স পাশরা যোগ্য। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে।

পোস্ট গ্র্যাজুয়েট টিচার পদে নেওয়া হবে এইসব বিষয়ে : ইংরিজি, হিন্দি, ইতিহাস, ভূগোল, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, অঙ্ক, ফিজিক্স, কেমিস্ট্রি , বায়োলজি, বায়োটেক, সাইকোলজি, কমার্স, কম্পিউটার সায়েন্স ইনফরমেটিক্স, হোম সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন। কারা কোন পদের জন্যযোগ্য :

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ইংলিশ) : ইংরিজির পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড. কোর্স পাশ হলে যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (হিন্দি) : হিন্দির পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড়. কোর্স পাশ হলে যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ইতিহাস) : ইতিহাসের পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড়. কোর্স পাশ হলে যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ভূগোল) : ভূগোলের পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড়. কোর্স পাশ হলে যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ইকনমিক্স) : ইকনমিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা বি.এড়. কোর্স পাশ হলে যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (রাষ্ট্রবিজ্ঞান) : রাষ্ট্রবিজ্ঞানের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা, ইন্টারন্যাশনাল রিলেশনের এম.এ. কোর্স পাশরা যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (অঙ্ক) : অঙ্কের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। অঙ্কের ডিগ্রি কোর্স পাশরা স্ট্যাটিস্টিক্স বা, অপারেশন রিসার্চের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে। অঙ্কের এম.এসসি. এড. কোর্স পাশরাও যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্স) : ফিজিক্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। ফিজিক্সের এম.এসসি. এড. কোর্স পাশ হলেও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড়. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কেমিস্ট্রি) : কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। কেমিস্ট্রির ডিগ্রি কোর্স পাশরা ফার্মা কেমিস্ট্রির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। কেমিস্ট্রির এম.এসসি.এড. কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (বায়োলজি) : জুলজি (বটানি-সহ) বা, বটানি (জুলজি-সহ)'র মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বটানি বা, জুলজি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা মাইক্রো বায়োলজি /মলিকিউলার বায়োলজি / অ্যাগ্রিকালচারাল বটানি / জেনেটিক্সের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। জুলজি বা, বটানির এম.এসসি. এড. কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (বায়োটেকনোলজি) : বায়োটেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। বি.এড. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (সাইকোলজি) : সাইকোলজির পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। সব ক্ষেত্রে বি.এড. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কমার্স) : কমার্সের পোস্ট-গ্র্যাজুয়েটরা যোগ্য। বি.এড. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (কম্পিউটার সায়েন্স / ইনফরমেটিক্স) : কম্পিউটার সায়েন্স, আই.টি., কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা যোগ্য। এম.সি.এ. / কম্পিউটার সায়েন্স বা, আই.টি.'র এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। কম্পিউটার সায়েন্সের বি.এসসি. /বি.সি.এ. / কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা অঙ্ক / ফিজিক্স, / স্ট্যাটিস্টিক্সের এম.এসসি. কোর্স পাশ হলেও যোগ্য। ডোয়েক থেকে 'বি' লেভেল কোর্স পাশ হলেও যোগ্য।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (হোম সায়েন্স) : হোম সায়েন্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। বি.এড. কোর্স পাশ হতে হবে।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার (ফিজিক্যাল এডুকেশন) : ফিজিক্যাল এডুকেশনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য।

ওপরের সব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে অন্তত ৫০% নম্বর থাকতে হবে ও মোট অন্তত ৫০% নম্বর পেয়ে বি.এড. কোর্স পাশ হতে হবে।

ওপরর সব ক্ষেত্রেই স্ক্রিনিং টেস্টের জন্য 'CTET / TET' পাশ না হলেও যোগ্য। তবে নিয়োগের আগে 'CTET / TET' সফল হয়ে থাকতে হবে। এছাড়াও কোনো প্রার্থী চূড়ান্ত মনোনীত হওয়ার পরও যদি 'CTET / TET' সফল না হয়ে থাকেন, তখন তাঁদের 'অ্যাডহক' ভিত্তিতে নিয়োগ করা হবে।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৪-২০২১'র হিসাবে ৪০ বছরের মধ্যে। শিক্ষকতার কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকলে বয়স হতে হবে ৫৭ বছরের মধ্যে। চাকরি হবে সারা ভারতের ১৩৬টি আর্মি পাব্লিক স্কুলে। এর মধ্যে পূর্বাঞ্চলে আছে — এ.পি.এস. কলকাতায়, এ.পি.এস. ব্যারাকপুর, এ.পি.এস. পানাগড়, এ.পি.এস. বিন্নাগুড়ি, এ.পি.এস. বেঙ্গডুবি, এ.পি.এস. গ্যাংটক, এ.পি.এস. দার্জিলিং, এ.পি.এস. কালিম্পং, এ.পি.এস. আগরতলা, এ.পি.এস. রাঁচী।

প্রার্থী বাছাই করবে 'আর্মি ওয়েলফেয়ার এডুকেশন সোসাইটি (AWES)'. এজন্য প্রথমে 'কম্বাইন্ড সিলেকশন স্ক্রিনিং টেস্ট' হবে। অনলাইনে পরীক্ষা হবে ১৯ ও ২০ ফেব্রুয়ারি। পূর্ব ভারতের এইসব কেন্দ্রে : কলকাতা, গুয়াহাটি, শিলিগুড়ি, শিলং, আগরতলা, ভুবনেশ্বর, রাঁচী, পটনা।

প্রাইমারি টিচার পদের বেলায় দেড় ঘন্টার ৮০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, মেন্টাল এবিলিটি, ইংলিশ কম্প্রিহেনশন, কারেন্ট অ্যাফেয়ার্স, পেশাগত জ্ঞান।

পোস্ট-গ্র্যাজুয়েট টিচার / ট্রেন্ড গ্র্যাজুয়েট টিচার পদের বেলায় ১২০টি প্রশ্ন হবে। সময় থাকবে ২ ঘন্টা। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

সব ক্ষেত্রেই প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রতিটি পার্টে ৫০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১০ ফেব্রুয়ারি থেকে। ফল বেরোবে ২৮ ফেব্রুয়ারি। এই পরীক্ষায় সফল হলে 'স্কোর কার্ড' পাবেন। এই স্কোর কার্ড পাওয়ার ৩ বছরের মধ্যে চাকরি পেলে ওই স্কোর কার্ডের মেয়াদ সারা জীবন থাকবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://register.cbtexams.in/AWES/Registration এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও প্যাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, জন্ম-তারিখের সার্টিফিকেট ও শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। এরপর পরীক্ষা ফী বাবদ ৩৮৫ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং-এ জমা দেবেন। নাম রেজিস্ট্রেশন সম্পূর্ণ হলে মোবাইল বা, ই-মেলে কনফার্মেশন পাবেন।

KARMASANGSTHAAN ■ Vol. 35 ■ Issue No. 3 ■ 15 January, 2022 ■ 13

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষা শুরু হবে ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি থেকে। হাতে আর মাত্র কয়েক মাস। এই পরীক্ষাতে প্রশ্ন কেমন আসবে, সিলেবাস কী, কীভাবে পড়লে লিখিত পরীক্ষায় সহজেই পাশ করতে পারবেন। প্রত্যেকটি বড় পরীক্ষার আগেই ওই পরীক্ষা নিয়ে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে, তাতে সবাই 'লাস্ট মিনিট সাজেশন' দেওয়ার অনুরোধ করেন। মিসলেনিয়াস প্রিলি. পরীক্ষা, ডব্লু.বি.সি.এস প্রিলি. পরীক্ষা, ক্লার্কশিপ, আই.সি.ডি.এস, নার্সিং পরীক্ষা অর্থাৎ, সব বড় পরীক্ষাতেই 'কর্মসংস্থান'এ প্রকাশিত প্রশ্নোত্তরের সেট থেকে অনেক প্রশ্ন সরাসরি কমন এসেছে। এছাড়া রেলের NTPC পদের CBT-1 পরীক্ষাতেও অনেক প্রশ্ন হুবহু কমন এসেছে। সেইজন্যই হয়তো এতো অনুরোধ। তাই আমাদের লাখ-লাখ পাঠক-পাঠিকাদের অনুরোধ মাথায় রেখে এই পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর দেওয়া হল। পরিকল্পনা ও রূপায়ানে রঞ্জিৎ ঘোষ।

'লাস্ট মিনিট সাজেশন'

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার

ই-মেল : karmajiggasa@gmail.com

1. 'জয় জওয়ান, জয় কিষাণ' এই উক্তিটি কার?
(A) লাল বাহাদুর শাস্ত্রী (B) জওহরলাল নেহেরু
(C) ইন্দিরা গান্ধী (D) মোরারজি দেশাই

2. ভারত ও আফগান-ই-স্তানের মধ্যবর্তী সীমারেখা কোনটি?
(A) ডুরান্ড লাইন (B) রোভার্স লাইন
(C) র‍্যাডক্লিফ লাইন (D) মার্টিমার লাইন

3. শব্দ কোন মাধ্যমের মধ্যে দিয়ে যেতে পারে না?
(A) জল (B) স্টিল (C) শূন্য মাধ্যম (D) বায়ু

4. আলোকবর্ষ কীসের একক?
(A) দূরত্ব (B) আলো
(C) আলোর তীব্রতা (D) সময়

5. তেলেঙ্গানা রাজ্যের প্রথম মুখ্যমন্ত্রী কে?
(A) কেশব রাও (B) চন্দ্রবাবু নাইডু
(C) জগমোহন রেড্ডি (D) কে. চন্দ্রশেখর রাও

6. 'বংশগতিবিদ্যার জনক' কাকে বলা হয়?
(A) রবার্ট হুক (B) হুগো দ্য ভ্রাইস
(C) জি.জে. মেন্ডেল (D) চার্লস ডারউইন

7. 'ইনক্লাব জিন্দাবাদ' স্লোগানটি প্রথম কে দিয়েছিলেন?
(A) চন্দ্রশেখর আজাদ (B) ভগৎ সিং
(C) লোকমান্য তিলক (D) বীর সাভারকার

8. চট্টগ্রাম অস্ত্রাগার লুন্ঠনের নেতা কে ছিলেন?
(A) সুভাষচন্দ্র বোস (B) চন্দ্রশেখর আজাদ (C) সূর্য সেন (D) ভগৎ সিং

9. দু'টি সংখ্যার অনুপাত 3:4, যদি তাদের ল.সা.গু. 240 হয়, তাহলে সংখ্যাদু'টির মধ্যে ক্ষুদ্রতম সংখ্যাটি হল —
(A) 100 (B) 40 (C) 60 (D) 80

10. অনু, ভানু ও নীলুর মধ্যে 720 টাকা 3: 7: 14 অনুপাতে ভাগ করে দেওয়া হল। তাহলে ভানু কত টাকা পেল?
(A) 210 (B) 90 (C) 420 (D) 180

11. কোন ক্ষুদ্রতম সংখ্যা যোগ করলে 2203 সংখ্যাটি একটি পূর্ণবর্গ সংখ্যায় পরিণত হবে?
(A) 8 (B) 3 (C) 6 (D) 1

12. কোন নদীর তীরে শ্রীনগর শহর অবস্থিত?
(A) তাপ্তী (B) জলঙ্গী (C) ঝিলম (D) গোদাবরী

13. ম্যাঙ্গালোর বন্দরটি কোন শহরে অবস্থিত?
(A) গোয়া (B) কর্ণাটক (C) কেরালা (D) মহারাষ্ট্র

14. নিচের কোনটি হাল্কা গ্যাস?
(A) হাইড্রোজেন (B) নাইট্রোজেন
(C) অক্সিজেন (D) সালফার ডাই অক্সাইড

15. RAM হল একটি —
(A) প্রাইমারি মেমোরি (B) সেকেন্ডারি মেমোরি
(C) ক্যাস মেমোরি (D) ফ্ল্যাশ মেমোরি

16. পাঁচটি ক্রমিক অযুগ্ম সংখ্যার গড় 61, বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার পার্থক্য কত?
(A) 8 (B) 12 (C) 36 (D) 24

17. Save করার Shortcut Key হল —
(A) Ctrl+S (B) Ctrl+C (C) Ctrl+Z (D) Ctrl+A

18. দুই ভাইয়ের গড় বয়স 9 বছর। তাদের মায়ের বয়স যোগ করলে তাদের গড় বয়স 9 বছর বেশি হয়ে যায়। মায়ের বয়স কত?
(A) 12 (B) 24 (C) 36 (D) 48

19. নিচের কোনটি ই-মেল অ্যাড্রেসের অংশ নয়?
(A) Space (B) Periods (C) Underscore (D) At the Rate

20. 5 অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা 476 দিয়ে বিভাজ্য হবে?
(A) 10472 (B) 10476 (C) 12272 (D) 12022

21. Anti Virus কী?
(A) কম্পিউটার (B) প্রোগাম কোড (C) অ্যাপ্লিকেশন (D) কোনোটিই নয়

22. 2,6,8 -এর চতুর্থ সমানুপাতী কত?
(A) 24 (B) 12 (C) 16 (D) 48

23. Google কী?
(A) LAN (B) Topology (C) MAN (D) সার্চ ইঞ্জিন

24. A : B = 2 : 4 ও B : C = 819 হলে A : B : C = কত?
(A) 6 : 8 : 9 (B) 3 : 4: 5 (C) 9 : 8: 6 (D) 8:6:9

25. 'A'এর উচ্চতা B থেকে 40% কম হলে, B-এর উচ্চতা A'এর শতকরা কত বেশি?
(A) 66 2/3 (B) 20 (C) 14 (D) 1/2

26. 85 কেজি মিশ্রণে দুধ ও জলের অনুপাত 27:7, আর কত কেজি জল মেশালে নতুন অনুপাত 3:1 হবে?
(A) 5 কেজি (B) 10 কেজি (C) 20 কেজি (D) 25 কেজি

27. কার রাজত্বকালে ফতেপুর সিক্রি তৈরি হয়েছিল?
(A) জাহাঙ্গীর (B) আকবর
(C) শাহজাহান (D) ঔরঙ্গজেব

28. নিচের শব্দগুলির মধ্যে বিজোড় শব্দটি খুঁজে বের করুন ঃ
(A) গুণ পরীক্ষা (B) ছাপাখানা (C) সংবাদপত্র (D) সংস্করণ

29. 8 : 81 :: 64 : ?
(A) 137 (B) 125 (C) 625 (D) 525

30. একজন ব্যক্তি একটি ছবি দেখিয়ে বললেন, 'ছবির এই মহিলা আমার ভাগ্নের দিদিমা।' ওই ব্যক্তির বোনের অন্য কোন বোন নেই। তাহলে ছবির মহিলা ওই ব্যক্তির বোনের কে হবেন?
(A) মাসতুতো বোন (B) শ্বাশুড়ি (C) ননদ (D) মা

31. 6, 13, 28, 59, ?
(A) 126 (B) 128 (C) 122 (D) 111

32. ইংরিজি বর্ণমালার ক্রমপর্যায়কে যদি উল্টো করে দেওয়া যায়, তাহলে বাঁ দিক থেকে চতুর্দশ বর্ণ কোনটি হবে?
(A) N (B) L (C) O (D) কোনটিই নয়

33. ২০২১ সালে কোন দল 'অনূর্ধ্ব-১৯ যুব এশিয়া কাপ' চ্যাম্পিয়ন হয়েছে?
(A) শ্রীলঙ্কা (B) ভারত (C) আফগান-ই-স্তান (D) পাক-ই-স্তান

34. বর্ণমালার ক্রমানুসারে BRAKES শব্দটি সাজালে কতগুলি বর্ণের অবস্থান অপরিবর্তিতথাকবে?
(A) এক (B) তিন (C) দুই (D) কোনটিই নয়

35. 696996676979669779667- এখানে 6 আর 7 এর মধ্যে কতগুলি 9 আছে?
(A) 2 (B) 3 (C) 4 (D) 5

36. গম ও ধানের বাজারদরের অনুপাত 2 : 3 এবং একটি পরিবারে গম ও ধানের ব্যবহারের অনুপাত 5 : 4। তাহলে পরিবারটির গম ও ধানের জন্য খরচের অনুপাত কত?
(A) 6 : 5 (B) 8 : 15 (C) 5 : 6 (D) 1 : 1

37. 'Fire Ice' বলতে নিচের কোনটিকে বোঝানো হয়?
(A) মিথেন হাইড্রেট (B) মিথিলিন হাইড্রেট
(C) ইথেন হাইড্রেট (D) প্রোপেন হাইড্রেট

38. নিচের কোন ছবিটি শিক্ষক, খেলোয়াড় ও স্নাতক (graduate) এর সম্পর্কে নির্দেশ করে?



39. নিচের জ্যামিতিক চিত্রটি 'ত্রিভুজ' দিয়ে বালিকা বোঝায়, 'বর্গ' দিয়ে খেলোয়াড় ও 'বৃত্ত' দিয়ে কোচ বোঝায়। চিত্রটির কোন অংশে শুধুমাত্র বালিকা বোঝায়, যারা খেলোয়াড়, কিন্তু কোচ নয়?



(A) P (B) Q (C) R (D) S

40. যদি SABOTAGE কে UADOVAIE এই কোডে লেখা হয় তাহলে EMERGENCY কে কী কোডে লেখা হয়?
(A) GMGRIEPCA (B) GMGRGEPCA
(C) BNBQFDOBZ (D) EOETGGNEY

41. যদি NEAR কে OPFGBCST এই কোডে লেখা হয় তাহলে IJVWHI কোডটির সঠিক শব্দ কী?
(A) HAG (B) HUG (C) HUT (D) KEG

42. কোনো একটি ক্ষেত্রে 'Wre asi amoh kedo' বলতে 'Polo is drinking tea', 'Wre epu uki' বলতে 'Polo buys books' ও 'Buen eld kedo' বলতে Libbo drinks tea বোঝায় তাহলে কোন কোডগুলি 'Polo' ও Tea কে বোঝাবে?
(A) Kedo and Wre (B) asi and buen
(C) amoh and wre (D) wre and kedo

43. যদি 'JEALOUS' কে 'BFKKTVP' কোডে করা যায়, তবে HEARTEN কে কী কোডে লেখা যাবে?
(A) BFIQOFU (B) BFIQUFO
(C) CFOQIBF (D) এদের কোনোটিই নয়

44. যদি red কে yellow তে, yellow কে blue তে, blue কে pink এ, pink কে green এ, green কে violet এ code করা হয় তবে sky এর colour কী হবে?
(A) pink (B) yellow (C) green (D) violet

45. যদি TEN কে 879, FIVE কে 1567, Four কে 1234, তখন FURNITUTE কে কিসে code করা যাবে?
(A) 134958347 (B) 134678952
(C) 123456789 (D) এদের কোনোটিই নয়

46.

(A) 37 (B) 29 (C) 44 (D) 25

47.



(A) 31 (B) 229 (C) 234 (D) 312

48. Mission No. টি কী হবে?

9	11	13
13	15	17
10	12	14
14	16	18
11	13	?

(A) 22 (B) 11 (C) 15 (D) 21

49. ন্যারোগেজ রেললাইনের প্রস্থ কত?
(A) 2 ফুট 4 ইঞ্চি (B) 2 ফুট 5 ইঞ্চি
(C) 2 ফুট 2 ইঞ্চি (D) 2 ফুট 1 ইঞ্চি

50. 12, 25, 37, 49, ?
(A) 69 (B) 60 (C) 65 (D) 56

51. যদি 8514 কে HEAD কোডে লেখা হয়, তাহলে GRADE শব্দটির কোড কোনটি?
(A) 71345 (B) 73154
(C) 73145 (D) 73415

52. কোনো একটি কোড ভাষায় '1 2 3' বলতে বোঝায় 'hot filter coffee', '3 5 6' বলতে বোঝায় 'very hot day' ও '5 8 9' বলতে বোঝায় 'day and nigh' তাহলে কোন নম্বরটি 'very' শব্দটিকে প্রকাশ করে?
(A) 6 (B) 5 (C) 9 (D) 8

53. যদি 'EXAMINATION' কে 8 কোড করা যায়, তবে STUDENT কে কোন কোড করা হবে?
(A) 6 (B) 5 (C) 7 (D) 8

54.



(A) 35 (B) 37 (C) 45 (D) 48

55. ? স্থানে কোন সংখ্যাটি বসবে?

4	3	5
9	17	33
65	129	?

(A) 199 (B) 357 (C) 230 (D) 257

56. দু'টি সংখ্যার ল.সা.গু. 144 ও গ.সা.গু. 12, সংখ্যা দু'টি কত?
(A) 36, 48 (B) 32, 44
(C) 41, 52 (D) 42, 48

57. ওজন যন্ত্রে পিয়ালীর প্রকৃত ওজন 80kg-র বদলে 72kg হল, শতকরা হিসাবে ওই যন্ত্রে ত্রুটির পরিমাণ কত হবে?
(A) 9% (B) 8%
(C) 10% (D) ওপরের কোনটিই নয়

58. এক ব্যক্তি লটারি কেটে 60,000 টাকা পেলেন। ট্যাক্স বাবদ 35% কেটে নিলে ওই ব্যক্তি কত টাকা পাবে?
(A) 21,000 টাকা (B) 39,000 টাকা (C) 18,000 টাকা (D) 40,000 টাকা

59. স্বর্ণ সেতু কোন নদীর ওপর অবস্থিত?
(A) সুবর্ণরেখা নদী (B) শোন নদী
(C) নর্মদা নদী (D) মহানদী

60. ভারতের বৃহত্তম পশু মেলা কোথায় হয়?
(A) পশ্চিমবঙ্গ (B) মধ্য প্রদেশ
(C) বিহার (D) উত্তর প্রদেশ

61. র‍্যাডক্লিফ লাইন কোন কোন দেশের মধ্যে দিয়ে গেছে?
(A) ভারত ও চিন (B) ভারত ও পাক-ই-স্তান

রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার

(C) ভারত ও মায়ানমার (D) ভারত ও মালদ্বীপ

62. A-এর 40% -এর মান, B-এর 60%-এর মান এক হলে, A : B হবে

(A) 2 : 3 (B) 3 : 2 (C) 7 : 8 (D) 8 : 7

63. 120 মিটার লম্বা একটি স্টেশনের প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা এক ব্যক্তি লক্ষ করলেন যে, ট্রেনটি তাঁকে 5 সেকেন্ডে ও পুরো স্টেশনটি 15 সেকেন্ডে অতিক্রম করল, ট্রেনটির দৈর্ঘ্য কত হবে?

(A) 50 মিটার (B) 60 মিটার (C) 100 মিটার (D) 55 মিটার

64. পশ্চিমবঙ্গের 'রাজ্য প্রাণী' কোনটি?

(A) রয়াল বেঙ্গল টাইগার (B) হাতি (C) একশৃঙ্গ গণ্ডার (D) মেছো বিড়াল

65. পশ্চিমবঙ্গের সুন্দরবনের মৃত্তিকা কোনটি?

(A) লালমাটি (B) লবণাক্ত কাদামাটি (C) পলিমাটি (D) কালোমাটি

66. ভারতের জনবহুল শহর কোনটি?

(A) দিল্লি (B) কলকাতা (C) মুম্বাই (D) বেঙ্গালউরু

67. টোডা নামক উপজাতি নিচের কোন এলাকায় বসবাস করে?

(A) সাতপুরা পর্বত (B) নীলগিরি পর্বত
(C) কন্যাকুমারী (D) ছোটনাগপুর

68. পাঁচটি সংখ্যার গড় 9, প্রথম, দ্বিতীয় ও পঞ্চম সংখ্যার গড় 8, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম সংখ্যার গড় 12, পঞ্চম সংখ্যাটি কত?

(A) 15 (B) 14 (C) 13 (D) 10

69. সিয়াচেন হিমবাহ কোন পর্বতশ্রেণীতে অবস্থিত?

(A) হিমালয়ান রেঞ্জ (B) পামীর রেঞ্জ
(C) কারাকোরাম রেঞ্জ (D) পীর পাঞ্জাল রেঞ্জ

70. গঙ্গা নদীর তীরে অবস্থিত সবথেকে বড় শহর

(A) কানপুর (B) দিল্লি (C) লক্ষ্ণৌ (D) কলকাতা

71. 'স্মার্ট মানি' শব্দটি নীচের কোন বিষয়ের সঙ্গে যুক্ত?

(A) ইন্টারনেট ব্যাঙ্কিং (B) ক্রেডিট কার্ড
(C) ব্যাঙ্কে গচ্ছিত অর্থ (D) জনগণের হাতে অর্থ

72. কোনো আসল 5 বছরে সুদে-মূলে দ্বিগুণ হলে বার্ষিক সুদের হার কত হবে?

(A) 18% (B) 25% (C) 20% (D) 20%

73. সুপ্রিম কোর্টে সর্বাধিক মোট কতজন বিচারপতি থাকতে পারেন?

(A) 25 (B) 34 (C) 28 (D) 26

74. কোন ভিটামিনের অভাবে রাতকানা রোগ হয়?

(A) A (B) B (C) C (D) K

75. দ্বিগম্বর ও শ্বেতাম্বর কোন ধর্মের সঙ্গে যুক্ত?

(A) জৈনধর্ম (B) বৌদ্ধ ধর্ম (C) আজীবিক ধর্ম (D) শাক্তবাদ

76. 50 জন লোকের 30 দিনের খাদ্যে 50 দিন চালাতে হলে, কত জনকে চলে যেতে হবে?

(A) 40 জন (B) 22 জন (C) 30 জন (D) 20 জন

77. যদি RAMAN কে লেখা হয় 12345 ও DINESH কে লেখা হয় 675849 তবে HAMAM কে কী লেখা হবে?

(A) 92233 (B) 92323 (C) 93322 (D) 93232

78. REDUCE = 56 এবং RECYCLE = 71 হলে, REUSE = কত?

(A) 65 (B) 68 (C) 69 (D) 70

79. AZ, CX, FU, ?

(A) JQ (B) KP (C) IR (D) IV

80. যদি '+' এর অর্থ '–', '–' এর অর্থ '×', '×' এর অর্থ '÷' এবং '÷' এর অর্থ হয় '+', তাহলে $48 \times 4 \div 7 + 6 - 2$ এর সরলীকরণ করলে হয় --

(A) 3 (B) –5 (C) 35 (D) 14

81. একটি দেওয়াল ঘড়িতে 4টি ঘণ্টা বাজতে 4 সেকেন্ড সময় লাগে, ওই ঘড়িতে 10 ঘণ্টা বাজতে কত সময় লাগবে?

(A) 12 সেকেন্ড (B) 10 সেকেন্ড (C) 11 সেকেন্ড (D) 15 সেকেন্ড

82. EPIC -এর অর্থ কী?

(A) ইলেক্টোরাল. ফটো আইডেনটিটি কার্ড (B) ইলেক্টর্স ফটো আইডেনটিটি কার্ড (C) ইলেকশন ফটো ইন্সপেকশন কার্ড (D) ইলেক্ট্রিক পিকচার আইডেন্টিফিকেশন কার্ড

83. সত্যমঙ্গলম ব্যাঘ্র প্রকল্প কোন রাজ্যে অবস্থিত?

(A) তামিলনাড়ু (B) তেলেঙ্গানা (C) অন্ধ্র প্রদেশ (D) কর্ণাটক

84. একটি সারিতে পাঁচটি বালক বসেছে. পীযূষ ও পরেশের মাঝখানে কাজল এবং রনি ও পীযূষের মাঝে গোগোল বসেছে। কে গোগোলের একেবারে দক্ষিণপ্রান্তে বসেছে?

(A) পরেশ (B) পীযূষ (C) রনি (D) কাজল

85. a * b = ab+b-a হলে, c -এর মান কত হলে c * (2*5) = 97 ?

(A) 8 (B) 7 (C) 3 (D) 91

86. কোনো একটি জেলায় লোকসংখ্যা প্রথম বছরে 4% বৃদ্ধি এবং দ্বিতীয় বছরে 5% হ্রাস পায়। বর্তমান লোকসংখ্যা 494000 হলে, দু'বছর আগে লোকসংখ্যা কত ছিল?

(A) 475000 (B) 500000 (C) 525000 (D) 600000

87. বাস ও ট্রেন ভাড়ার অনুপাত 4: 5, বাসের ভাড়া 10% এবং ট্রেনের ভাড়া 20% বর্ধিত হলে, বাস ও ট্রেন ভাড়ার নতুন অনুপাত কত হবে?

(A) 15 : 17 (B) 7 : 13 (C) 11 : 15 (D) 5 : 9

88. যদি 55 + 66 = 33 এবং 22 + 99 = 33 হয়, তবে 44 + 88 = ?

(A) 38 (B) 33 (C) 36 (D) 40

89. (?) চিহ্নের জায়গায় সঠিক সংখ্যাটি বসাও

190 : 10 : : 102 : ?

(A) 4 (B) 3 (C) 6 (D) 8

90. নিচের শ্রেণীতে যুক্ত অক্ষরগুলি নির্ণয় করুন। AOP, CQR, EST, GUV, ?

(A) IYZ (B) HWX (C) IWX (D) JWX

91. যদি Z = 26 এবং NET = 39 হয়, তাহলে NUT = ?

(A) 55 (B) 50 (C) 53 (D) 56

92. কোন সংস্থা 'অস্ত্র' ক্ষেপণাস্ত্রটি তৈরি করেছে?

(A) ISRO (B) DRDO
(C) মিসাইল সংস্থান (D) বিজ্ঞান মন্ত্রক

93. কোন রাজ্যের কালো চাল জি-আই ট্যাগ পেয়েছে?

(A) মনিপুর (B) অন্ধ্রপ্রদেশ (C) মধ্যপ্রদেশ (D) মিজোরাম

94. নাথুলা পাস কোথায় অবস্থিত?

(A) সিকিম (B) অরুণাচল প্রদেশ (C) লাদাখ (D) হিমাচল প্রদেশ

95. 5 অঙ্কের (digit) কোন বৃহত্তম (greatest) সংখ্যা (number) 315 দিয়ে বিভাজ্য (divisible)?

(A) 99875 (B) 99835
(C) 99985 (D) 99855

96. একটি সিরিজের (series) কিছু অক্ষর বাদ আছে। সেই অক্ষরগুলি পরপর সাজান।

a _ ba_b_b_a_b

(A) aabba (B) abaab (C) abbab (D) bbabb

97. মারাঠারা কোন রাজস্ব নিজেদের সুরক্ষার জন্য আরোপ করেন ?

(A) সরদেশমুখী (B) চৌথ (C) জামা (D) আবওয়াব

98. 'খালসা' (পবিত্র সমাজ) কবে প্রতিষ্ঠিত হয় ?

(A) 1605 (B) 1627 (C) 1699 (D) 1707

99. ফোর্ট উইলিয়ম কবে প্রতিষ্ঠিত হয় ?

(A) 1698 সালে (B) 1690 সালে (C) 1700 সালে (D) 1757 সালে

100. 1907 সালে কংগ্রেসের সুরাত অধিবেশনে সভাপতি কে ছিলেন?

(A) লালা লাজপত রাই (B) রাসবিহারী বোস
(C) দাদাভাই নওরোজী (D) রাসবিহারী ঘোষ

উত্তর

1(A). 2(A). 3(C). 4(A). 5(D). 6(C). 7(B). 8(C). 9(C). 10(A). 11(C). 12(C). 13(B). 14(A). 15(A). 16(A). 17(A). 18(C). 19(A). 20(A). 21(B). 22(A). 23(D). 24(A). 25(A). 26(A). 27(B). 8(A). 29(C). 30(D). 31(C). 32(D). 33(B). 34(C). 35(C). 36(C). 37(A). 38(D). 39(B). 40(A). 41(B). 42(D). 43(A). 44(A). 45(A). 46(B). 47(C). 48(C). 49(A). 50(B). 51(C). 52(A). 53(A). 54(B). 55(D). 56(A). 57(C). 58(B). 59(C). 60(C). 61(B). 62(B). 63(B). 64(D). 65(B). 66(C). 67(B). 68(A). 69(C). 70(D). 71(B). 72(C). 73(B). 74(A). 75(A). 76(D). 77(B). 78(B). 79(A). 80(A). 81(A). 82(A). 83(A). 84(A). 85(B). 86(B). 87(C). 88(B). 89(B). 90(C). 91(A). 92(B). 93(A). 94(A). 95(D). 96(D). 97(B). 98(C). 99(C). 100(D).

সেবিতে ১১৭ অফিসার

১ পাতার পর

অ্যাকাউন্ট্যান্ট কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৮০টি (জেনাঃ ৩২, ও.বি.সি. ২২, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৭, ই.ডব্লু.এস. ৮)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (লিগ্যাল) : আইনের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ১১, ও.বি.সি. ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইনফর্মেশন টেকনোলজি) : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটার অ্যাপ্লিকেশনের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার বা, ইনফর্মেশন টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ১৪টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ১)।

অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (রিসার্চ) : স্ট্যাটিস্টিক্স, ইকনমিক্স, কমার্স, বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (ফিনান্স), ইকনোমেট্রিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৩১-১২-২০২১'এর হিসাবে ৩০ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-১-১৯৯২ বা, তারপর। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ২ বছরের প্রবেশন। মূল মাইনে : ২৮,১৫০-৫৫,৬০০ টাকা।

প্রার্থী বাছাই হবে দু'টি ফেজে। প্রথম ফেজের পরীক্ষা হবে অনলাইনে। পরীক্ষা হবে ২০ ফেব্রুয়ারি, কলকাতা, আসানসোল, শিলিগুড়ি, ধানবাদ, জামশেদপুর, রাঁচী, আগরতলা, গ্যাংটক। প্রথম ফেজে ২০০ নম্বরের দু'টি পেপার থাকবে। প্রথম পেপারে ১০০ নম্বরের মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, টেস্ট অফ রিজনিং। সময় থাকবে ৬০ মিনিট। দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের ৪০ মিনিটের পরীক্ষা প্রশ্ন থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর। দ্বিতীয় ফেজের পরীক্ষায় প্রথম পেপারে ১০০ নম্বরের ৬০ মিনিটের পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি ডেসক্রিপ্টিভ টাইপের টেস্ট আর দ্বিতীয় পেপারে ১০০ নম্বরের ৪০ মিনিটের পরীক্ষায় থাকবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর প্রশ্ন। এম.সি.কিউ. টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

দ্বিতীয় ফেজের পরীক্ষায় প্রথম পেপারে ৩০% ও দ্বিতীয় পেপারে ৪০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। এরপর হবে ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.sebi.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন।

এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

১৪৬ টেকনিশিয়ান ও সুপারভাইজর

১ পাতার পর

মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : ১০৪টি (জেনাঃ ৪৪, ই.ডব্লু.এস. ১০, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৮)। পোস্ট কোড : 07.

জুনিয়র অফিস অ্যাসিস্ট্যান্ট : যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি শব্দ তোলার গতি থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৫৪০-৭৭,১৬০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ৩)। পোস্ট কোড : 06.

জুনিয়র টেকনিশিয়ান (ওয়ার্কশপ) : আই.টি.আই. থেকে মেকানিক্যাল, এয়ার কন্ডিশনিং, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা ১ বছরের ন্যাশনাল অ্যাপ্রেন্টিশশিপ সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ১৮,৭৮০-৬৭,৩৯০ টাকা। শূন্যপদ : মেকানিক্যালে ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। এয়ারকন্ডিশনিংয়ে ২টি (জেনাঃ)। ইলেক্ট্রিক্যালে ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। ইলেক্ট্রনিক্সে ৪টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২)। পোস্ট কোড : 08.

সুপারভাইজর (টেকনিক্যাল /কন্ট্রোল) : প্রিন্টিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। প্রিন্টিংয়ের বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৭,৬০০-৯৫,৯১০ টাকা। শূন্যপদ : ১০টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)। পোস্ট কোড : 02.

সুপারভাইজর (টেকনিক্যাল-অপারেশন /প্রিন্টিং) : প্রিন্টিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। প্রিন্টিংয়ের বি.ই., বি.টেক. বা, বি.এসসি. ইঞ্জিনিয়ারিং কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। মূল মাইনে : ২৭,৬০০-৯৫,৯১০ টাকা। শূন্যপদ : ৫টি (তঃজাঃ ৩, ও.বি.সি. ২)। পোস্ট কোড : 03.

সব পদের বেলায় বয়স গুণতে হবে ২৫-১-২০২২'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের প্রবেশন।

প্রার্থী বাছাই হবে অনলাইন লিখিত পরীক্ষার মাধ্যমে। সুপারভাইজর পদের বেলায় ২০০ নম্বরের ২০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : পেশাগত জ্ঞান, জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, লজিক্যাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট। প্রতিটিতে থাকবে ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। অফিস অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ১৬০ নম্বরের ১৬০টি প্রশ্ন হবে এইসব বিয়ে : জেনারেল অ্যাওয়ারনেস, ইংলিশ ল্যাঙ্গোয়েজ, লজিক্যাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট। প্রতিটি পার্টে থাকবে ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। জুনিয়র টেকনিশিয়ান পদের বেলায় ১২০ নম্বরের ১২০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : জেনারেল সায়েন্স, জেনারেল অ্যাওয়ারনেস, লজিক্যাল রিজনিং, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট। প্রতিটি পার্টে থাকবে ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় ২ ঘন্টা। সব পরীক্ষা হবে অনলাইনে। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষা হবে পূর্ব ভারতে কলকাতায়।

এই পদের বিজ্ঞপ্তি নং : CNPN / HR / Rect. / 01/ 2021.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://cnpnashik.spmcil.com এজন্য পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৬০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ২০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত জানতে পারবেন ওই ওয়েবসাইটের মূল বিজ্ঞপ্তিতে।

কারেন্ট অ্যাফেয়ার্স

২০২২ সালে শুরু হবে গুরুত্বপূর্ণ কিছু চাকুরির পরীক্ষা। এইসব পরীক্ষায় সাধারণ জ্ঞান বিভাগের এক গুরুত্বপূর্ণ অংশ হল কারেন্ট অ্যাফেয়ার্স, অর্থাৎ সাম্প্রতিককালের নানান ঘটনা প্রশ্ন হিসাবে আসবেই। এইসব গুরুত্বপূর্ণ ঘটনা নিয়েই প্রশ্নোত্তর আকারে সাজিয়ে দেওয়া হল যা সব চাকরির পরীক্ষায় 'কারেন্ট অ্যাফেয়ার্স' হিসাবে আসবে। পরিকল্পনা ও রূপায়ণে চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ **অমিয় দে (শংকর দা)**।

1. 'Tamil Thai Yaazhthu' ভারতের কোন রাজ্যের রাষ্ট্রীয় গান?
(a) কেরালা (b) তামিলনাড়ু (c) অসম (d) মেঘালয়

2. আরব দেশগুলিতে খাদ্য রফতানিতে সম্প্রতি কোন দেশ প্রথম স্থান অধিকার করল?
(a) ভারত (b) ব্রাজিল (c) মার্কিন যুক্তরাষ্ট্র (d) যুক্তরাজ্য

3. সম্প্রতি প্রয়াত অ্যাইলিন অ্যাশ (১১০ বছর) কোন দেশের ক্রিকেটার ছিলেন?
(a) দক্ষিণ আফ্রিকা (b) জিম্বাবোয়ে
(c) ইংল্যান্ড (d) শ্রীলঙ্কা

4. কোন নেপালি শেরপা ২৫ বার এভারেস্টে উঠে রেকর্ড গড়েছেন?
(a) বাচেন্দ্রী পাল (b) সন্তোষ যাদব (c) কামি রিতা (d) অংশু জ্যামসেনপা

5. আমেরিকার কোন মহাকাশ গবেষণা সংস্থা সম্প্রতি 'DOGE-1' নামে স্যাটেলাইট মহাকাশে পাঠাতে চলেছে?
(a) SpaceX (b) Orbital (c) Boeing (d) Astra Space

6. বিশ্বের প্রথম মানবহীন জাহাজটির নাম কী, যেটি আটলান্টিক মহাসাগর অতিক্রম করবে?
(a) Oasis Class (b) Mayflower 400 (c) Quantum Class (d) Queen Mary 2

7. করোনা ভাইরাস সংক্রমণ চিহ্নিত করার জন্য কোন দেশের বিজ্ঞানীরা মৌমাছিদের প্রশিক্ষণ দিচ্ছে?
(a) রাশিয়া (b) ফ্রান্স (c) আমেরিকা (d) নেদারল্যান্ডস

8. Starlink স্যাটেলাইটের মাধ্যমে হাই স্পিড ক্লাউড ইন্টারনেট সার্ভিস দেওয়ার জন্য SpaceX-এর সঙ্গে চুক্তি স্বাক্ষর করল কোন সংস্থা?
(a) Apple (b) Jio (c) Google (d) Airtel

9. UNESCO World Heritage Sites তালিকা থেকে সম্প্রতি বাদ গেল —
(a) লিভারপুল শহর (b) তাজমহল (c) সেরেঙ্গেতি পার্ক (d) গালাপাগোস আইল্যান্ড

10. সম্প্রতি মঙ্গলের মাটিতে অবতরণকারী চিনের প্রথম রোভারটির নাম কী?
(a) Nezha (b) Hongyi
(c) Zhurong (d) Chitu

11. সম্প্রতি হওয়া ঘূর্ণিঝড় 'যশ'এর নামকরণ করেছে কোন দেশ?
(a) পাক-ই-স্তান (b) বাংলাদেশ (c) ওমান (d) ইরান

12. সম্প্রতি আন্টার্কটিকা থেকে ভেঙে যাওয়া বিশ্বের বৃহত্তম বরফ খণ্ডটির নাম কী?
(a) A-54 (b) A-76 (c) A-90 (d) A-55

13. আবহাওয়া ও জলবায়ুগত পরিবর্তনের পূর্বাভাস দেওয়ার জন্য বিশ্বের সবথেকে শক্তিশালী সুপার কম্পিউটারটি তৈরি করছে কোন দেশ?
(a) মার্কিন যুক্তরাষ্ট্র (b) যুক্তরাজ্য (c) রাশিয়া (d) ভারত

14. বিশ্বের প্রথম দেশ হিসাবে রাস্তায় চালকবিহীন গাড়ি চালানোর অনুমতি দিল কোন দেশ?
(a) জার্মানি (b) যুক্তরাজ্য (c) চিন (d) মার্কিন যুক্তরাষ্ট্র

15. 'Yearbook' শিরোনামে প্রথম বই লিখলেন কোন আমেরিকান-কানাডিয়ান লেখক?
(a) Ryan Reynolds (b) Seth Rogen (c) Jim Caroey (d) Mike Myers

16. সম্প্রতি অনুষ্ঠিত হওয়া প্রথম Asian Online Shooting Championship-এ সবথেকে বেশি পদক জিতল কোন দেশ?
(a) শ্রীলঙ্কা (b) ভারত
(c) বাংলাদেশ (d) মালদ্বীপ

17. ভারতের প্রথম রাজ্য হিসাবে 'e-cabinet' বাস্তবায়ন করেছে কোন রাজ্য সরকার?
(a) মণিপুর (b) অরুণাচল প্রদেশ
(c) হিমাচল প্রদেশ (d) নাগাল্যান্ড

18. সম্প্রতি 'Beautiful Things' শিরোনামে স্মৃতিকথামূলক বই প্রকাশ করেছেন জো বাইডেন পুত্র। তাঁর নাম কী?
(a) হান্টার বাইডেন (b) জন বাইডেন (c) সি বাইডেন (d) রবার্ট বাইডেন

19. Bollywood Skyflyer নামে বিশ্বের সবথেকে উঁচু নাগরদোলা তৈরি হল কোথায়?
(a) ভারত (b) শ্রীলঙ্কা (c) দুবাই (d) ইরান

20. বৃহস্পতি গ্রহের ট্রোজান গ্রহাণুগুলিকে পর্যবেক্ষণ করার জন্য সম্প্রতি মার্কিন মহাকাশ গবেষণা সংস্থা নাসা কোন মহাকাশযান পাঠাল?
(a) পার্সিভারেন্স (b) চুরঙ্গ (c) লুসি (d) সালসা

21. ভারতের প্রথম ভূ-তাপীয় বিদ্যুৎ প্রকল্প কোথায় স্থাপিত হচ্ছে?
(a) জম্মু-কাশ্মীর (b) লাদাখ (c) উত্তরাখণ্ড (d) অসম

22. রঞ্জি ট্রফি কত বছরের ইতিহাসে প্রথমবার (২০২০-'২১ মরসুমের) খেলা বাতিল করল ভারতীয় ক্রিকেট বোর্ড?
(a) ৮৫ (b) ৮৭ (c) 90 (d) ৭৫

23. কোন বহুজাতিক সংস্থা নয়ডাতে সম্প্রতি তাজমহল আকৃতির 'India Development Centre Facility'র উদ্বোধন করল?
(a) Apple (b) Google (c) Microsoft (d) Asus

24. সম্প্রতি কোন দেশের বাসমতি চাল 'জি.আই ট্যাগ' পেল?
(a) শ্রীলঙ্কা (b) পাক-ই-স্তান (c) ভারত (d) বাংলাদেশ

25. 'The Little Book of Encouragement' শিরোনামে বই লিখলেন কে?
(a) চেতন ভগৎ (b) দলাই লামা (c) অরুন্ধতী রায় (d) সুখবীর সিং

26. 'The Commonwealth of Cricket' শিরোনামে বই লিখলেন কে?
(a) এম.এস. ধোনি (b) রামচন্দ্র গুহ (c) নয়ন জেঠ (d) আসিফ ইকবাল

27. কোভিড মহামারীর ভ্যাকসিন (কোভ্যাকসিন) ভারতে প্রথম কে নিয়েছিলেন?
(a) মৈনাক কুমার (b) মনীষ কুমার (c) সুভাষ শর্মা (d) মনীষ সিসোদিয়া

28. 'রক্ষিতা' নামে মোটরবাইক অ্যাম্বুলেন্স তৈরি করল কোন সংস্থা?
(a) Indian Army (b) DRDO (c) CRPF (d) L & T

29. ২০২১ সালে ধ্যানচাঁদ পুরস্কারপ্রাপ্ত বিকাশ কুমার কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) বক্সিং (b) দাবা (c) কবাডি (d) কুস্তি

30. রাজস্থানের যোধপুরে ভারত ও কোন দেশের এয়ারফোর্সের মধ্যে 'Desert Knight' নামে বায়ুসেনা অনুশীলন অনুষ্ঠিত হয়েছে?
(a) ইন্দোনেশিয়া (b) ইজরায়েল (c) ফ্রান্স (d) জাপান

31. ২০২১ সালের প্রজাতন্ত্র দিবসের প্যারেডে প্রথম মহিলা ফাইটার পাইলট হিসাবে অংশগ্রহণ করলেন কে?
(a) ভাবনা কান্ত (b) শিবাঙ্গি সিং (c) রোশনি নাদার (d) মনীষা মমাদ্দার

32. দীর্ঘ ৩২ বছর পর অস্ট্রেলিয়াকে পরাজিত করে বর্ডার গাভাসকার ট্রফি জিতল কোন দেশ?
(a) শ্রীলঙ্কা (b) বাংলাদেশ (c) পাক-ই-স্তান (d) ভারত

33. ড্রাগন ফলের নাম পরিবর্তন করে 'কমলম' বা, পদ্মফুল রাখলেন কোন রাজ্যের মুখ্যমন্ত্রী?
(a) কেরালা (b) কর্ণাটক (c) উত্তর প্রদেশ (d) গুজরাত

34. মার্কিন যুক্তরাষ্ট্রের ৪৬তম রাষ্ট্রপতি কে?
(a) ডোনাল্ড ট্রাম্প (b) জো বাইডেন (c) বারাক ওবামা (d) এঁদের কেউ নন

35. ২০২১ সালে পদ্মশ্রী পুরস্কার প্রাপ্ত শ্রীমতী বড়ুয়া কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত?
(a) সমাজসেবা (b) সাহিত্য ও শিক্ষা (c) খেলা (d) আর্ট

36. নমামী গঙ্গে প্রকল্পের ম্যাসকট হিসাবে ঘোষিত হল কে?
(a) কমিক চরিত্র চাচা চৌধুরী (b) অভিনেত্রী দীপিকা পাড়ুকোন (c) পরিচালক করন জহর (d) ফুটবলার বাইচুং ভুটিয়া

37. Ice Climbing Festival অনুষ্ঠিত হল কোথায়?
(a) সিলিকন উপত্যকা (b) চেনাব উপত্যকা (c) নুব্রা উপত্যকা (d) কাশ্মীর উপত্যকা

38. 'শক্তি' নামে বিশ্বের প্রথম ইউনিভার্সাল বুলেটপ্রুফ জ্যাকেট তৈরি করলেন কে?
(a) অরূপ দাশগুপ্ত (b) অনুপ মিশ্র (c) রাকেশ আস্থানা (d) শক্তিমোহন

39. ভারতের প্রথম দেশীয় '9mm Machine Pistol' তৈরি করল কোন সংস্থা?
(a) ইন্ডিয়ান আর্মি (b) ইন্ডিয়ান এয়ার ফোর্স (c) ডি.আর.ডি.ও (d) ইন্ডিয়ান নেভি

40. ভারতের তৈরি ড্রাইভারলেস মেট্রোকার'এর উদ্বোধন করলেন কে?
(a) নরেন্দ্র মোদী (b) অমিত শাহ (c) রাজনাথ সিং (d) নিতিন গাদকড়ি

41. 'বিশ্ব হোমিওপ্যাথি দিবস' পালন করা হয় কবে?
(a) ১০ এপ্রিল (b) ১২ এপ্রিল (c) ১০ মে (d) ১০ জুন

42. কোন ভাষায় শিক্ষার জন্য 'Little Guru' নামে অ্যাপ লঞ্চ করা হল?
(a) সংস্কৃত (b) হিন্দি (c) ওড়িয়া (d) বাংলা

43. বিশ্বের দীর্ঘতম Padestrian Suspension Bridge চালু হল কোন দেশে?
(a) ইংল্যান্ড (b) পর্তুগাল (c) ইটালি (d) জার্মানি

44. ২০২০-'২১ সালে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার (PMGSY) রূপায়নে শীর্ষস্থান অর্জন করল কোন জেলা?
(a) কথুয়া (b) কমুর (c) রাজৌরি (d) উধমপুর

45. তালচের তাপবিদ্যুৎ কেন্দ্রটি কোথায় অবস্থিত?
(a) অসম (b) মহারাষ্ট্র (c) ঝাড়খণ্ড (d) ওড়িশা

46. ২০২২ সালে 'রশিদ' নামে রোভার পাঠাবে কোন দেশ?
(a) ইজরায়েল (b) পাক-ই-স্তান (c) UAE (d) সৌদি আরব

47. মস্কো ইন্টারন্যাশনাল ফিল্ম ফেস্টিভ্যাল ২০২১ সালের 'বেস্ট ফরেন ল্যাঙ্গুয়েজ ফিল্ম' অ্যাওয়ার্ড জিতল কোন ভারতীয় ছবি?
(a) Puglya (b) Newton (c) Village Rockstars (d) Jallikattu

48. উত্তরাখণ্ড কোন দেশকে মিলেট শষ্য রফতানি করবে?
(a) ফ্রান্স (b) জাপান (c) অস্ট্রেলিয়া (d) ডেনমার্ক

49. করোনা মোকাবিলা করতে কোন অপারেশন শুরু করল ইন্ডিয়ান আর্মড ফোর্স?
(a) CO-Army (b) CO-jeet (c) CO-DEF (d) কোনোটিই নয়

50. ২০২১ সালের 'Laureus Sportsman of Year Award' জিতলেন রাফায়েল নাদাল। তিনি কোন দেশের টেনিস খেলোয়াড়?
(a) চিন (b) স্পেন (c) জাপান (d) অস্ট্রিয়া

উত্তর

1(b). 2(a). 3(c). 4(c). 5(a). 6(b). 7(d). 8(c). 9(a). 10(c). 11(c). 12(b). 13(b). 14(b). 15(b). 16(b). 17(c). 18(a). 19(c). 20(c). 21(b). 22(b). 23(c). 24(b). 25(b). 26(b). 27(b). 28(b). 29(c). 30(c). 31(a). 32(d). 33(d). 34(b). 35(a). 36(a). 37(c). 38(b). 39(c). 40(c). 41(a). 42(a). 43(b). 44(d). 45(d). 46(c). 47(a). 48(d). 49(b). 50(b).

প্রাইমারি 'টেট'এর ফল বেরোল

১ পাতার পর

সফল হয়েছেন কিনা জানতে পারবেন। সফলদের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org, www.wbprimaryeducation.org

চেয়ারমান জানান, ২০১৭ সালের প্রাইমারি 'টেট'এর জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছিল ২০১৭ সালের ৯ অক্টোবর থেকে (এই পদের বিজ্ঞপ্তি নং : No. 2552/BPE/2017)। কয়েকবার পরীক্ষার তারিখ ঠিক হলেও শেষমেষ পরীক্ষা নেওয়া হয় ২০২১ সালের ৩১ জানুয়ারি। 'টেট' পরীক্ষা হওয়ার ১ বছর পর ফল প্রকাশিত হল। এই পরীক্ষার জন্য নাম এনরোলমেন্ট করেছিল ২ লাখ ৪৫ হাজার ৩৪৪ জন প্রার্থী। পরীক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৮৯ হাজার ৫১৪ জন। পরীক্ষায় অনুপস্থিত ছিল ৫৫,৮১৮ জন। দরখাস্ত বাতিল করা হয় ৯২ জনের। 'টেট' পাশ করেছে ৯,৮৯৬ জন।

চেয়ারম্যান আরো জানান, 'টেট' পাশ করা মানেই চাকরি পাওয়া নয়। এরপর প্রাইমারি টিচার পদে শূন্যপদ পূরণের জন্য প্রাথমিক শিক্ষা পর্ষদ বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেবে। তখন এই 'টেট' পাশ প্রার্থীরা দরখাস্ত করতে পারবেন। মনোনিত হলে ইন্টারভিউয়ে ডাকা হবে। ইন্টারভিউয়ে সফল হলে তবেই চাকরি পাবেন।

চেয়ারম্যান আরো জানান, মুখ্যমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর নির্দেশ মতো প্রতি বছরই 'টেট' নেওয়ার কথা ঘোষণা করা হয়। সেই মতো এবছরই নতুন করে 'টেট'এর জন্য দরখাস্ত নেওয়া হবে।

১৫০ অ্যাপ্রেন্টিস ইলেক্ট্রনিক্স কর্পোরেশনে

নিজস্ব সংবাদদাতা : ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার / টেকনিশিয়ান (ডিপ্লোমা)' অ্যাপ্রেন্টিস হিসাবে ১৫০ জন লোক নিচ্ছে। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই.সি.ই.), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সি.এস.ই.), মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ই.ই.ই.)-এর ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : ১৪৫টি।

ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ই.সি.ই.), কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সি.এস.ই.), মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ই.ই.ই.)-এর ডিপ্লোমা কোর্স পাশরা 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : ৫টি।

দুই ক্ষেত্রেই বয়স হতে হবে ৩১-১-২০২২'এর হিসাবে ২৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং শুরু ১ ফেব্রুয়ারি। এই পদের বিজ্ঞপ্তি নং : 02/2022.

প্রার্থী বাছাই হবে ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্সে পাওয়া নম্বর দেখে। দরখাস্ত করবেন অনলাইনে, ১৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.mhrdnats.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার স্ক্যান করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12, Fax No. : (033) 2460-8233. E-Mail : karmsang@gmail.com